

VISVA-BHARATI LIBRARY



PRESENTED BY

21-2-1 Masser

বিশ্বভারতীর প্রতিষ্ঠাকাল হইতে ১৩৪৭ সাল পর্যস্ত কৃড়ি বংসরের অধিককাল শাস্তি-নিকেতন-আশ্রমবিত্যালয় ও বিশ্বভারতীর আদর্শ সহচ্ছে রবীন্দ্রনাথ ষেসকল বক্তৃতা দিয়া-ছিলেন, বিভিন্ন সাময়িক পত্র হইতে এই গ্রন্থে তাহার অধিকাংশই সংকলিত হইল। এগুলি ইতিপূর্বে কোনো পৃস্তুকে প্রকাশিত হয় নাই।

এই বিষয়ে রবীন্দ্রনাথের অক্সান্থ বাংলা রচনা নিয়োক্ত গ্রন্থগুলিতে পাওয়া যাইবেঁ— শিক্ষা; আশ্রমের রূপ ও বিকাশ; প্রাক্তনী; প্রতিষ্ঠাদিবদের উপদেশ ও প্রথম কার্য-প্রণালী।

এতদ্ব্যতীত, শান্তিনিকেতনে অধ্যাপক ও ছাত্রদিগকে আশ্রমের আদর্শ সম্বন্ধে বিভালয়ের প্রতিষ্ঠাকাল হইতে আশ্রমগুরু জীবনের বিভিন্ন পর্বে যে অসংখ্য চিঠিপ্ত্র লিখিয়াছেন ভাহার কতক অংশ বিভিন্ন সাময়িক পত্রে বা গ্রন্থে প্রকাশিত হইয়াছে, অবশিষ্ট অংশ মুদ্রণ-অপেক্ষায় আছে।

আন্ত্রান্থপ ঠাকুর



।বিশ্বভারত গ্রন্থনবিভাগ কলিকাভা

শান্তিনিকেতন-বিভালয়ের পঞ্চাশদ্বর্বপূর্তি উপলক্ষে

প্রথম প্রকাশ: ৭ পৌষ ১৩৫৮ পুনর্মূদ্রণ: জ্যৈষ্ঠ ১৩৭০ আষাত ১৩৯৬

পুলিনবিহায়ী সেন -কর্তৃক সংকলিত

© বিশ্বভারতী

প্রকাশক শ্রীজগদিন্দ্র ভৌমিক বিশ্বভারতী। ৬ আচার্য জগদীশ বস্ন রোড। কলিকাডা ১৭

> মৃদ্রক স্বপ্না প্রিণ্টিং ওরার্কদ প্রাইভেট লিমিটেড «২ রাজা রামমোহন রার সরণী। কলিকাতা ৯

॥ যত্র বিশ্বং ভবত্যেকনীড়ম্॥

মানবসংসারে জ্ঞানালোকের দিয়ালি-উৎসব চলিতেছে।
প্রত্যেক জাতি আপনার আলোটিকে বড়ো করিয়া
জ্ঞালাইলে তবে সকলে মিলিয়া এই উৎসব সমাধা হইবে।
কোনো জ্ঞাতির নিজের বিশেষ প্রদীপধানি ধদি ভাঙিয়া
দেওয়া যায়, অথবা তাহার অভিত্য ভূলাইয়া দেওয়া যায়,
তবে তাহাতে সমস্ভ জগতের ক্ষতি করা হয়।

এ কথা প্রমাণ হইরা গেছে বে, ভারতবর্ষ নিজেরই
মানসশক্তি দিয়া বিশ্বসমস্থা গভীরভাবে চিন্তা করিয়াছে।
এবং আপন বৃদ্ধিতে তাহার সমাধানের চেটা পাইরাছে।
সেই শিক্ষাই আমাদের দেশের পক্ষে সত্য শিক্ষা বাহাতে
করিয়া আমাদের দেশের নিজের মনটিকে সত্য আহরণ
করিতে এবং সত্যকে নিজের শক্তির বারা প্রকাশ করিতে
সক্ষম করে। পুনরার্ত্তি করিবার শিক্ষা মনের শিক্ষা নহে,
তাহা কলের বারাও ঘটিতে পারে।

ভারতবর্ষ যথন নিজের শক্তিতে মনন করিয়াছে তথন তাহার মনের ঐক্য চিল— এখন সেই মন বিচ্ছিন্ন হইয়া গেছে। এখন তাহার মনের বড়ো বড়ো শাথাগুলি একটি কাণ্ডের মধ্যে নিজেদের বৃহৎ যোগ অমুভব করিতে ভূলিয়া গেছে। অন্প্রত্যন্তের মধ্যে এক-চেত্রনাস্থত্তের বিচ্ছেদই সমস্ত দেহের পক্ষে সাংঘাতিক। সেইরূপ, ভারতবর্ষের যে মন আজ হিন্দু বৌদ্ধ জৈন শিথ মুদলমান থানীনের মধ্যে বিভক্ত ও বিশ্লিষ্ট হইয়া আছে সে মন আপনার করিয়া কিছু গ্রহণ করিতে বা আপনার করিয়া কিছু দান করিতে পারিতেচে না। দশ আঙলকে যুক্ত করিয়া অঞ্চলি বাঁধিতে হয়- নেবার বেলাও তাহার প্রয়োজন, দেবার বেলাও। অতএব ভারতবর্ষের শিক্ষাব্যবস্থায় বৈদিক পৌরাণিক বৌদ্ধ জৈন মুদলমান প্রভৃতি সমন্ত চিত্তকে দশ্মিলিত ও চিত্তসম্পদকে সংগৃহীত করিতে হইবে; এই নানা ধারা দিয়া ভারতবর্ষের মন কেমন করিয়া প্রবাহিত হইয়াছে তাহা জানিতে হইবে। এইরূপ উপায়েই ভারতবর্ষ জ্বাপনার নানা বিভাগের মধ্য দিয়া আপনার সমগ্রতা উপসন্ধি করিতে পারিবে। তেমনি করিয়া আপনাকে বিস্তীর্ণ এবং সংশ্লিষ্ট করিয়া না জানিলে, যে শিক্ষা সে গ্রহণ করিবে তাহা ডিক্ষার মতো গ্রহণ করিবে। সেরপ ভিক্ষাঞ্চীবিতায় কথমও কোনো कां जि मन्भामानी इटेंटें भारत ना।

দ্বিতীয় কথা এই যে, শিক্ষার প্রকৃত ক্ষেত্র সেইথানেই বেধানে বিভার উদ্ভাবনা চলিতেছে। বিশ্ববিভালয়ের মুখ্য

কাল বিভার উৎপাদন, তাহার গৌণ কাল সেই বিভাকে দান করা। বিভার ক্ষেত্রে সেই-সকল মনীবীদিগকে আহ্বান করিতে হইবে গাঁহারা নিজের শক্তি ও সাধনা - দ্বারা অহুসদ্ধান আবিদ্ধার ও সৃষ্টির কার্যে নিবিষ্ট আছেন। তাঁহারা যেখানেই নিজের কাজে একত্র মিলিত হইবেন সেইখানে স্বভাবতই জ্ঞানের উৎস উৎসারিত হইবে, সেই উৎসধারার নির্বারণী তটেই দেশের সত্য বিশ্ববিভালয়ের প্রতিষ্ঠা হইবে। বিদেশী বিশ্ববিভালয়ের নকল করিয়া হইবে না।

তৃতীয় কথা এই যে, সকল দেশেই শিক্ষার সঙ্গে দেশের সর্বাঙ্গীণ জীবনবাত্রার যোগ আছে। আমাদের দেশে কেবলমাত্র কেরানিগিরি ওকালতি ডাক্তারি ডেপুটিগিরি দারোগাগিরি মৃন্দেফি প্রভৃতি ভদ্রসমাজে-প্রচলিত কয়েকটি ব্যবসায়ের সঙ্গেই আমাদের আধুনিক শিক্ষার প্রত্যক্ষ যোগ। যেথানে চাষ হইতেছে, কলুর ঘানি ও কুমারের চাক ঘুরিতেছে, সেথানে এ শিক্ষার কোনো স্পর্শও পৌছায় নাই। অক্ত কোনো শিক্ষিত দেশে এমন ঘর্ষোগ ঘটতে দেখা যায় না। তাহার কারণ, আমাদের নৃতন বিশ্ববিভালয়গুলি দেশের মাটির উপরে নাই, তাহা পরগাছার মতো পরদেশীয় বনস্পতির শাখায় ঝুলিতেছে। ভারতবর্ষে যদি সত্য বিভালয় স্থাপিত হয় তবে গোড়া হইতেই দে বিভালয় তাহার অর্থশান্ত্র, তাহার ক্ষবিতত্ব, তাহার স্বাস্থ্যবিভা, তাহার সমস্ভ ব্যাবহারিক বিজ্ঞানকে আপন প্রতিষ্ঠা-

স্থানের চতুর্দিক্বর্তী পল্লীর মধ্যে প্রয়োগ করিয়া দেশের জীবনযাত্তার কেন্দ্রখান অধিকার করিবে। এই বিভালয় উৎকৃষ্ট আদর্শে চাষ করিবে, গোপালন করিবে, কাপড় বুনিবে এবং নিজের আর্থিক সম্বল -লাভের জ্বন্ত সমবায়-প্রণালী অবলম্বন করিয়া ছাত্র শিক্ষক ও চারি দিকের অধিবাদীদের সঙ্গে জীবিকার যোগে ঘনিষ্ঠভাবে যুক্ত হইবে।

এইরপ আদর্শ বিভালয়কে আমি 'বিশ্বভারতী' নাম দিবার প্রস্থাব করিয়াচি।

প্ৰ. বৈশাথ ১৩২৬

ર

वर्जमान कारण जामारमंत्र रमरभव छेशदा स्व भक्ति. स्व भामन, य रेष्ट्रा काक कराइ ममच्चरे वारेदात किक थिएक। সে এত প্রবল যে তাকে সম্পূর্ণ অতিক্রম করে আমরা কোনো ভাবনাও ভাবতে পারি নে। এতে করে আমাদের মনের মনীষা প্রতিদিন ক্ষীণ হরে যাচ্ছে। আমরা অক্তের ইচ্ছাকে বহন করি, অন্সের শিক্ষাকে গ্রহণ করি, অন্সের বাণীকে আবৃত্তি করি, তাতে করে প্রকৃতিস্থ হতে আমাদের বাধা দেয়। এইজন্তে মাঝে মাঝে যে চিত্তক্ষোভ উপস্থিত হয় তাতে কল্যাণের পথ থেকে আমাদের ভ্রষ্ট করে। এই অবস্থায় একদল লোক গঠিত উপায়ে বিষেষবৃদ্ধিকে তৃश्चिमान कदारकरे कर्डवा वर्ण मरन करव, आव-এक मन লোক চাটুকারবৃত্তি বা চরবৃত্তির ঘারা যেমন করে হোক অপমানের অন্ন খুঁটে খাবার জন্যে রাষ্ট্রীয় আবর্জনাকুণ্ডের আশেপাশে ঘূরে ঘূরে বেড়ার। এমন অবস্থায় বড়ো করে দৃষ্টি করা বা বড়ো করে স্বৃষ্টি করা সম্ভবপর হয় না; মামুষ অন্তরে বাহিরে অত্যন্ত ছোটো হয়ে যায়, নিজের প্রতি শ্রহা হারায়।

যে ফলের চারাগাছকে বাইরে থেকে ছাগলে মুড়িয়ে থাবার আশহা আছে সেই চারাকে বেড়ার মধ্যে রাথার দরকার হয়। সেই নিজ্ঞ আশ্রয়ে থেকে গাছ যথন বড়ো

হয়ে ওঠে তথন সে ছাগলের নাগালের উপর উঠে ষায়। প্রথম যথন আশ্রমে বিন্থালয়-স্থাপনের সংকল্প আমার মনে আসে তথন আমি মনে করেছিলুম, ভারতবর্ষের মধ্যে এইথানে একটি বেড়া-দেওয়া স্থানে আশ্রয় নেব। সেথানে বাহ্য শক্তির ছারা অভিভূতির থেকে রক্ষা করে আমাদের মনকে একটু স্বাভন্ত্য দেবার চেষ্টা করা যাবে। সেথানে চাঞ্চল্য থেকে, রিপুর আক্রমণ থেকে মনকে মৃক্ত রেখে বড়ো করে শ্রেয়ের কথা চিন্তা করব এবং সত্য করে শ্রেয়ের সাধনা করতে থাকব।

আঞ্চলল আমরা রাষ্ট্রনৈতিক তপস্থাকেই মৃক্তির তপস্থাবলে ধরে নিয়েছি। দল বেঁধে কালাকেই সেই তপস্থার সাধনা বলে মনে করেছিলুম। সেই বিরাট কালার আয়োজনে অহা সকল কাজকর্ম বন্ধই হয়ে গিয়ে-ছিল। এইটেতে আমি অত্যন্ত পীড়াবোধ করেছিলুম।

আমাদের দেশে চিরকাল জানি, আত্মার মৃক্তি এমন একটা মৃক্তি যেটা লাভ করলে দমন্ত বন্ধন তুচ্ছ হয়ে ধায়। দেই মৃক্তিটাই, দেই স্বার্থের বন্ধন রিপুর বন্ধন থেকে মৃক্তিটাই আমাদের লক্ষ্য; দেই কথাটাকে কান দিয়ে শোনা এবং দত্য বলে জানার একটা জায়গা আমাদের থাকা চাই। এই মৃক্তিটা যে কর্মহীনতা শক্তিহীনতার রূপান্তর তা নয়। এতে যে নিরাসক্তি আনে তা তামদিক নয়; তাতে মনকে অভয় করে, কর্মকে বিশুদ্ধ করে, লোভ মোহকে দুর করে দেয়।

তাই বলে এ কথা বলি নে যে, বাইরের বন্ধনে কিছুমাঞ্জ শ্রের আছে; বলি নে যে, তাকে অলংকার করে গলার জড়িরে রেখে দিতে হবে। সেও মন্দ, কিন্তু অন্তরে যে মৃক্তি তাকে এই বন্ধন পরাভূত ও অপমানিত করতে পারে না। সেই মৃক্তির তিলক ললাটে যদি পরি তা হলে রাজসিংহাসনের উপরে মাথা তুলতে পারি এবং বণিকের ভুরিসঞ্চরকে তুচ্ছ করার অধিকার আমাদের জন্ম।

ষাই হোক, আমার মনে এই কণাটি ছিল বে, পাশ্চাত্য দেশে মাহবের জীবনের একটা লক্ষ্য আছে; সেখানকার শিক্ষা দীক্ষা সেই লক্ষ্যের দিকে মাহ্যুষকে নানা রকমে বল দিছে ও পথ নির্দেশ করছে। তারই সঙ্গে সংক্ষ অবাস্তর-ভাবে এই শিক্ষাদীক্ষায় অন্ত দশরকম প্রয়োজনও সিদ্ধ হয়ে যাছেছে। কিন্তু বর্তমানে আমাদের দেশে জীবনের বড়ো লক্ষ্য আমাদের কাছে জাগ্রত হয়ে ওঠে নি, কেবলমাত্র জীবিকার লক্ষ্যই বড়ো হয়ে উঠল।

জীবিকার লক্ষ্য শুধু কেবল অভাবকে নিয়ে, প্রয়োজনকে নিয়ে; কিন্তু জীবনের লক্ষ্য পরিপূর্ণতাকে নিয়ে— সকল প্রয়োজনের উপরে সে। এই পরিপূর্ণতার আদর্শ সম্বন্ধে যুরোপের সঙ্গে আমাদের মতভেদ থাকতে পারে, কিন্তু কোনো-একটা আদর্শ আছে যা কেবল পেট ভরাবার না, টাকা করবার না, এ কথা যদি না মানি তা হলে নিতান্ত ভোটো হয়ে যাই।

এই কথাটা মানব, মানতে শেখাব, এই মনে করেই

এখানে প্রথমে বিভালয়ের পত্তন করেছিলুম। তার প্রথম সোপান হচ্ছে বাইরে নানাপ্রকার চিত্তবিক্ষেপ থেকে সরিয়ে এনে মনকে শাস্তির মধ্যে প্রতিষ্ঠিত করা। সেইজ্জে এই শাস্তির ক্ষেত্রে এসে আমরা আসন গ্রহণ করলুম।

আজ এখানে যাঁরা উপস্থিত আছেন তাঁদের অনেকেই এর আরম্ভ-কালের অবস্থাটা দেখেন নি। তথন আর যাই হোক, এর মধ্যে ইস্কুলের গন্ধ ছিল না বললেই হয়। এখানে যে আহ্বানটি সবচেয়ে বড়ো ছিল সে হচ্ছে বিশ্ব-প্রকৃতির আহ্বান, ইস্কুলমাস্টারের আহ্বান নয়। ছাত্রদের সঙ্গে তথন বেতনের কোনো সম্বন্ধ ছিল না, এমন-কি বিছানা তৈজ্বপত্র প্রভৃতি সমন্ত আমাকেই জোগাতে হত।

কিন্তু আধুনিক কালে এত উজান-পথে চলা সম্ভবপর
নয়। কোনো-একটা ব্যবস্থা যদি এক জায়গায় থাকে
এবং সমাজের অহ্য জায়গায় তার কোনো সামগ্রহাই না
থাকে তা হলে তাতে ক্ষতি হয় এবং সেটা টিকতে পারে
না। সেইজত্যে এই বিহ্যালয়ের আক্ষতি প্রকৃতি তথনকার
চেয়ে এখন অনেক বদল হয়ে এসেছে। কিন্তু হলেও, সেই
মূল জিনিসটা আছে। এখানে বালকেরা যতদ্র সম্ভব
মৃক্তির স্থাদ পায়। আমাদের বাহ্য মৃক্তির লীলাক্ষেত্র হচ্ছে
বিশ্বপ্রকৃতি, সেই ক্ষেত্র এখানে প্রশন্ত।

তার পরে ইচ্ছা ছিল, এথানে শিক্ষার ভিতর দিয়ে ছেলেদের মনের দাসত্ব মোচন করব। কিন্তু শিক্ষাপ্রণালী

বে জালে আমাদের দেশকে আপাদমন্তক বেঁধে ফেলেছে, তার থেকে একেবারে বেরিয়ে আসা শক্ত। দেশে বিদেশে শিক্ষার যে-সব সিংহ্ছার আছে আমাদের বিভালয়ের পথ ধদি সেই দিকে পৌছে না দের, তা হলে কী জানি কী হয়, এই ভয়টা মনের ভিতর ছিল। পুরোপুরি সাহস করে উঠতে পারি নি, বিশেষত আমার শক্তিও ষৎসামান্ত, অভিজ্ঞতাও তদ্রপ। সেইজ্বে এখানকার বিভালয়টি ম্যাটিকুলেশন পরীক্ষার উপযুক্ত করে গড়ে তুলতে হয়েছিল। সেই গণ্ডিটুকুর মধ্যে যতটা পারি স্বাতস্ত্র্যা রাখতে চেষ্টা করেছি। এই কারণেই আমাদের বিভালয়তে বিশ্ববিভালয়ের শাসনাধীনে আনতে পারি নি।

পূর্বেই বলেছি, সকল বড়ো দেশেই বিভাশিক্ষার নিম্নতর লক্ষ্য ব্যাবহারিক স্থযোগ-লাভ, উচ্চতর লক্ষ্য মানবজীবনের পূর্ণতা-সাধন। এই লক্ষ্য হতেই বিভালয়ের স্বাভাবিক উৎপত্তি। আমাদের দেশের আধুনিক বিভালয়গুলির সেই স্বাভাবিক উৎপত্তি নেই। বিদেশী বণিক ও রাজ্বা তাঁদের সংকীর্ণ প্রয়োজন-সাধনের জন্ম বাইরে থেকে এই বিভালয়গুলি এখানে স্থাপন করেছিলেন। এমন-কি তখনকার কোনো কোনো পুরনো দপ্তরে দেখা যায়, প্রয়োজনের পরিমাণ ছাপিরে শিক্ষাদানের জন্মে শিক্ষককে কর্তৃপক্ষ তিরস্কার করেছেন।

তার পরে যদিচ অনেক বদল হয়ে এসেছে, তবু রুপণ প্রয়োজনের দাসত্তর দাগা আমাদের দেশের সরকারি

শিক্ষার কপালে-পিঠে এখনও অন্ধিত আছে। আমাদের অভাবের দক্ষে অন্ধচিস্তার দক্ষে জড়িয়ে আছে বলেই এই বিচ্চাশিক্ষাকে বেমন করে হোক বহন করে চলেছি। এই ভয়ংকর জবর্দন্তি আছে বলেই শিক্ষাপ্রণালীতে আমরা স্বাতন্ত্র প্রকাশ করতে পার্বচিনে।

এই শিক্ষাপ্রণালীর সকলের চেয়ে সাংঘাতিক দোষ
এই যে, এতে গোড়া থেকে ধরে নেওয়া হয়েছে যে আমরা
নিঃস্ব। যা-কিছু সমস্তই আমাদের বাইরে থেকে নিতে
হবে— আমাদের নিজের ঘরে শিক্ষার পৈতৃক মূলধন
যেন কানাকড়ি নেই। এতে কেবল যে শিক্ষা অসম্পূর্ণ
থাকে তা নয়, আমাদের মনে একটা নিঃস্ব-ভাব জনায়।
আত্মাভিমানের তাড়নায় যদি-বা মাঝে মাঝে সেই
ভাবটাকে ঝেড়ে ফেলতে চেষ্টা করি, তা হলেও, সেটাও
কেমনতরো বেস্থরো রকম আফালনে আত্মপ্রকাশ করে।
আজকালকার দিনে এই আফালনে আমাদের আন্তরিক
দীনতা কিছুই ঘোচে নি, কেবল সেই দীনতাটাকে হাস্তকর
ও বিরক্তিকর করে তুলেছি।

যাই হোক, মনের দাসত্ব যদি ঘোচাতে চাই তা হলে আমাদের শিক্ষার এই দাসভাবটাকে ঘোচাতে হবে। আমাদের আশ্রমে শিক্ষার যদি সেই মৃক্তি দিতে না পারি তা হলে এথানকার উদ্দেশ্য ব্যর্থ হয়ে যাবে।

কিছুকাল পূর্বে শ্রদ্ধাস্পদ পণ্ডিত বিধুশেখর শাস্ত্রী মহাশয়ের মনে একটি সংকল্পের উদয় হয়েছিল। আমাদের

টোলের চতুষ্পাঠীতে কেবলমাত্র সংস্কৃত শিক্ষাই দেওয়া হর এবং অস্থা সকল শিক্ষাকে একেবারে অবজ্ঞা করা হয়। তার ফলে সেধানকার ছাত্রদের শিক্ষা অসম্পূর্ণ থেকে যায়। আমাদের দেশের শিক্ষাকে মূল-আশ্রয়-স্বরূপ অবলম্বন করে তার উপর অস্থা সকল শিক্ষার পত্তন করলে তবেই শিক্ষা সত্যে ও সম্পূর্ণ হয়। জ্ঞানের আধারটিকে নিজের করে তার উপকরণ পৃথিবীর সর্বত্র হতে সংগ্রহ ও সঞ্চয় করতে হবে। শান্তীমহাশয় তাঁর এই সংকল্পটিকে কাজে পরিণত করতে প্রবৃত্ত হরেছিলেন। কিন্তু নানা বাধায় তথন তিনি তা পারেন নি। এই অধ্যবসায়ের টানে কিছুদিন তিনি আশ্রম ত্যাগ করে গিয়েছিলেন।

তার পর তাঁকে পুনরায় আশ্রমে আহ্বান করে আনা গেল। এবার তাঁকে ক্লাস পড়ানো থেকে নিকৃতি দিলুম। তিনি ভাষাতত্বের চর্চায় প্রবৃত্ত রইলেন। আমার মনে হল — এইরকম কাজই হচ্ছে শিক্ষার যজ্ঞক্ষেত্রে ষথার্থ যোগ্য। বারা যথার্থ শিক্ষার্থী তাঁরা যদি এইরকম বিভার সাধকদের চারি দিকে সমবেত হন তা হলে তো ভালোই; আর যদি আমাদের দেশের কপাল-দোষে সমবেত না হন, তা হলেও এই যক্ত ব্যর্থ হবে না। কথার মানে এবং বিদেশের বাধা বুলি মুখস্থ করিয়ে ছেলেদের তোতাপাথি করে তোলার চেয়ে এ অনেক ভালো।

এমনি করে কাজ আরম্ভ হল। এই আমাদের বিশ্ব-ভারতীর প্রথম বীজ্বপন।

বিশ-পঞ্চাশ লক্ষ টাকা কুড়িয়ে নিম্নে বিশ্ববিভালয় পত্তন করবার সাধ্য আমাদের নেই। কিন্তু সেজতো হতাশ হতেও চাই নে। বীজের যদি প্রাণ থাকে তা হলে ধীরে ধীরে অঙ্ক্রিত হয়ে আপনি বেড়ে উঠবে। সাধনার মধ্যে যদি সত্য থাকে তা হলে উপকরণের অভাবে ক্ষতি হবে না।

আমাদের আসনগুলি ভরে উঠেছে। সংস্কৃত পালি প্রাক্কতভাষা ও শাস্ত্র -অধ্যাপনার জন্ম বিধুশেথর শাস্ত্রী মহাশয় একটিতে বসেছেন, আর-একটিতে আছেন সিংহলের মহাস্থবির; ক্ষিতিমোহনবাবু সমাগত; আর আছেন ভীমশান্ত্রী মহাশয়। ও দিকে এণ্ড জের চারি দিকে ইংরেজি-সাহিত্যপিপাস্থরা সমবেত। ভীমশাস্ত্রী এবং দিনেন্দ্রনাথ সংগীতের অধ্যাপনার ভার নিয়েছেন, আর বিষ্ণুপুরের নকুলেশ্বর গোস্বামী তাঁর স্থরবাহার নিয়ে এঁদের সঙ্গে যোগ দিতে আসছেন। শ্রীমান নন্দলাল বহু ও হুরেন্দ্রনাথ কর চিত্রবিত্যা শিক্ষা দিতে প্রস্তুত হয়েছেন। দুর দেশ হতেও তাঁদের ছাত্র এসে জুটছে। তা ছাড়া আমাদের যার যতটুকু সাধ্য আছে কিছু কিছু কাজ করতে প্রবৃত্ত হব। আমাদের একজন বিহারী বন্ধু সম্বর আসছেন। তিনি পারসি ও উর্ত্ শিক্ষা দেবেন, ও ক্ষিতিমোহনবাবুর সহায়তায় প্রাচীন হিন্দিগাহিত্যের চর্চা করবেন। মাঝে মাঝে অন্তত্ত হতে অধ্যাপক এসে আমাদের উপদেশ দিয়ে যাবেন এমনও আশা আছে।

শিশু ত্র্বল হয়েই পৃথিবীতে দেখা দেয়। সভ্য যখন সেইরকম শিশুর বেশে আসে তথনই তার উপরে আছা স্থাপন করা বায়। একেবারে দাড়িগোঁক-ক্ষ যদি কেউ জন্মগ্রহণ করে তা হলে জানা বায় সে একটা বিক্কতি। বিশ্বভারতী একটা মন্ত ভাব, কিছু সে অভি ছোটো দেহ নিয়ে আমাদের আশ্রমে উপস্থিত হয়েছে। কিছু ছোটোর ছয়বেশে বড়োর আগমন পৃথিবীতে প্রতিদিনই ঘটে, অতএব আনন্দ করা বাক, মকলশভা বেজে উঠুক। একাস্তমনে এই আশা করা বাক য়ে, এই শিশু বিধাতার অমৃতভাগুার থেকে অমৃত বহন করে এনেছে; সেই অমৃতই একে ভিতর থেকে বাঁচাবে, বাড়াবে, এবং আমাদেরও বাঁচাবে ও বাড়িয়ে তুলবে।

১৮ আবাঢ় ১৩২৬ শান্তিনিকেতন আজ বিশ্বভারতী-পরিষদের প্রথম অধিবেশন। কিছুদিন থেকে বিশ্বভারতীর এই বিভালয়ের কাজ আরম্ভ
হয়েছে। আজ সর্বসাধারণের হাতে তাকে সমর্পণ করে
দেব। বিশ্বভারতীর থারা হিতৈষীবৃন্দ ভারতের সর্বত্র ও
ভারতের বাইরে আছেন, এর ভাবের সঙ্গে থাদের মনের
মিল আছে, থাঁরা একে গ্রহণ করতে বিধা করবেন না,
ভাঁদেরই হাতে আজ একে সমর্পণ করে দেব।

আমাদের পরম সৌভাগ্য যে, হঠাৎ আজ আমাদের
মধ্যে করেকজন হিতৈবী বন্ধু সমাগত হরেছেন, বাঁরা দেশে
ও দেশের বাইরে প্রতিষ্ঠা লাভ করেছেন। সকলে জানেন
—আজ এখানে ডাক্তার রজেন্দ্রনাথ শীল, ডাক্তার নীলরতন
সরকার এবং ডাক্তার শিশিরকুমার মৈত্র উপস্থিত আছেন।
আমাদের আরও সৌভাগ্য যে, সম্প্রপার থেকে এখানে
একজন মনীবী এসেছেন, বাঁর ব্যাতি সর্বত্র বিস্তৃত। আজ
আমাদের কর্মে যোগদান করতে পরমন্থর্দ্ আচার্য সিলভাঁা
লেভি মহাশ্ব এসেছেন। আমাদের সৌজাগ্য যে, আমাদের
এই প্রথম অধিবেশনে, বখন আমরা বিশ্বের সঙ্গে বিশ্বভারতীর যোগসাধন করতে প্রবৃত্ত হয়েছি সেই সভাতে,
আমরা একৈ পাশ্চাত্য দেশের প্রতিনিধি-রূপে পেয়েছি।
ভারতবর্ষের চিত্তের সঙ্গে এর চিত্তের সম্বন্ধন অনেক

দিন থেকে স্থাপিত হয়েছে। ভারতবর্ষের আতিথ্য তিনি আশ্রমে আমাদের মধ্যে লাভ করুন। যে-সকল হুপ্তন আজ এথানে উপস্থিত আছেন তাঁরা আমাদের হাত থেকে এর ভার গ্রহণ করুন। এই বিখভারতীকে আমরা কিছুদিন লালনপালন করলুম, একে বিশ্বের হাতে সমর্পণ করবার এই সময় এসেছে। একে এঁরা প্রসন্নচিত্তে গ্রহণ করুন, এর সঙ্গে আপনার চিত্তের সম্বন্ধ স্থাপন করুন। এই কামনা নিয়ে আমি আচার্য শীল মহাশয়কে দকলের সম্মতিক্রমে বরণ করেছি; তিনি সভাপতির আসন গ্রহণ করে কর্ম সম্পন্ন করুন, বিখের প্রতিনিধিরূপে আমাদের হাত থেকে একে গ্রহণ করে বিশ্বের সন্মুথে স্থাপন কঞ্ন। তিনি এ বিষয়ে যেমন করে বুঝবেন তেমন আর কেউ পারবেন না। তিনি উদার দৃষ্টিতে জ্ঞানরাজ্যকে দেখেছেন। কেবল অসাধারণ পাণ্ডিত্য থাকলেই তা হতে পারে না, কারণ অনেক সময়ে পাগুত্যের দারা ভেদ-বৃদ্ধি ঘটে। কিন্তু তিনি আত্মিক দৃষ্টিতে জ্ঞানরাজ্যের ভিতরের ঐক্যকে গ্রহণ করেছেন। আঞ্চকের দিনে তাঁর চেয়ে বিশ্বভারতীকে গ্রহণ করবার যোগ্য আর কেউ নেই। আনন্দের দহিত তাঁর হাতে একে দমর্পণ করছি। তিনি আমাদের হয়ে দকলের দামনে একে উপস্থিত করুন এবং তাঁর চিত্তে যদি বাধা না থাকে তবে নিজে এতে স্থান গ্রহণ করুন, একে আপনার করে বিশ্বের সঙ্গে যোগযুক্ত ককুন।

বিশ্বভারতীর মর্মের কথাটি আগে বলি, কারণ অনেকে হয়তো ভালো করে তা জানেন না। কয়েক বৎসর পূর্বে আমাদের পরমন্তর্দ বিধুশেথর শান্তী মহাশয়ের মনে गःक**द्र इ**रव्रिक्त रम, आमारिक सिट्म मान्कि यारक বলা হয় তার অফুঠান ও প্রণালীর বিস্তারসাধন করা **मतकात । जाँत थूर डेम्हा इराइहिन एय, आमारमत स्मर**ण টোল ও চতুষ্পাঠী রূপে যে-সকল বিছায়তন আছে তার অধিকারকে প্রসারিত করতে হবে। তাঁর মনে হয়েছিল ষে, যে কালকে আশ্রয় করে এদের প্রতিষ্ঠা সে কালে এদের উপযোগিতার কোনো অভাব ছিল না। কিন্তু কালের পরিবর্তন হয়েছে। বর্তমানে গবর্মেন্টের দ্বারা যে-সব বিছ্যালয় প্রতিষ্ঠিত হয়েছে দেগুলি এই দেশের নিচ্ছের স্ষ্টি নয়। কিন্তু আমাদের দেশের প্রকৃতির সক্তে আমাদের পুরাকালের এই বিগ্যালয়গুলির মিল আছে; এরা আমাদের নিচ্নের সৃষ্টি। এখন কেবল দরকার এদের ভিতর দিয়ে নৃতন যুগের স্পন্দন, তার আহ্বান, প্রকাশ পাওয়া; না যদি পায় তো বুঝতে হবে তারা সাড়া দিচ্ছে না, মরে গেছে। এই সংকল্প মনে রেখে তিনি নিচ্ছের গ্রামে যান: দে সত্ত্রে তাঁর সক্ষে আমাদের সমন্ধ তথনকার মতো বিযুক্ত হওয়াতে ছ: शिष्ठ হয়েছিলুম, यमिष আমি জানতুম যে ভিতরকার দিক দিয়ে সে সম্বন্ধ বিচ্ছিন্ন হতে পারে না। তার পর নানা বাধায় তিনি গ্রামে চতুষ্পাঠী স্থাপন করতে পারেন নি। তথন আমি তাঁকে আখাস

দিলাম, তাঁর ইচ্ছাদাধন এথানেই হবে, এই স্থানই তাঁর প্রকৃষ্ট ক্ষেত্র। এমনিভাবে বিশ্বভারতীর আরম্ভ হল।

গাছের বীঞ্চ ক্রমে ক্রমে প্রাণের নিয়মে বিস্তৃতি লাভ করে। সে বিস্তার এমন করে ঘটে যে, সেই বীঞ্চের সীমার মধ্যে তাকে আর ধরেই না। তেমনি প্রথমে যে শিক্ষার আয়তনকে মনে করেছিলাম দেশের প্রয়োজনের মধ্যেই অবক্তম থাকবে, ক্রমে তা বৃহৎ আকাশে মুক্তিলাভের চেষ্টা করতে লাগল। যে অফুষ্ঠান সত্য তার উপরে দাবি সমস্ত বিশের; তাকে বিশেষ প্রয়োজনে থর্ব করতে চাইলে তার সত্যতাকেই থর্ব করা হয়। এবার পশ্চিমে গিয়ে দেখেছি যে, পূর্ব-মহাদেশ কী সম্পদ দিতে পারে তা সকলে জানতে চাচ্ছে। আজ মাতুষকে বেদনা পেতে হয়েছে। দে পুরাকালে যে আশ্রয়কে নির্মাণ করেছিল তার ভিত্তি विमीर्ग इत्य (शह । ভাতে করে মাহুষের মনে इत्यह, এ আশ্রয় তার অভাবকে পূর্ণ করবার উপযোগী নয়। পশ্চিমের মনীবীরাও এ কথা বুঝতে পেরেছেন, এবং মাহুষের সাধনা কোন পথে গেলে সে অভাব পূর্ণ হবে তাঁদের তা উপলব্ধি করবার ইচ্চা হয়েছে।

কোনো জাতি যদি স্বাক্ষাত্যের ঐকত্য-বশত আপন ধর্ম ও সম্পদকে একান্ত আপন বলে মনে করে তবে সেই অহংকারের প্রাচীর দিয়ে সে তার সত্য সম্পদকে বেষ্টন করে রাখতে পারবে না। যদি সে তার অহংকারের ছারা সত্যকে কেবলমাত্র স্থকীয় করতে যায় তবে তার সে সত্য

বিনষ্ট হয়ে যাবে। আজ পৃথিবীর সর্বত্র এই বিশ্ববোধ
উদ্বৃদ্ধ হতে যাচছে। ভারতবর্ষে কি এই যুগের সাধনা স্থান
পাবে না ? আমরা কি এ কথাই বলব যে, মানবের বড়ো
অভিপ্রায়কে দ্রে রেথে ক্ষুদ্র অভিপ্রায় নিয়ে আমরা থাকতে
চাই ? তবে কি আমরা মামুষের যে গৌরব তার থেকে
বঞ্চিত হব না ? স্বজাতির অচল সীমানার মধ্যে আপনাকে
সংকীর্ণভাবে উপলব্ধি করাই কি সবচেয়ে বড়ো গৌরব ?

এই বিশ্বভারতী ভারতবর্ষের জিনিদ হলেও একে দমন্ত
মানবের তপস্থার ক্ষেত্র করতে হবে। কিন্তু আমাদের
দেবার কী আছে। কল্যাণরূপী শিব তাঁর ভিক্ষার ঝুলি
নিয়ে বেরিয়েছেন। দে ঝুলিতে কে কী দান করবে ? শিব
দমন্ত মাহ্মষের কাছে দেই ঝুলি নিয়ে এদেছেন। আমাদের
কি তাঁকে কিছু দেবার নেই ? হাঁ, আমাদের দেবার আছে
— এই কথা ভেবেই কাজ করতে হবে। এইজন্তই ভারতের
ক্ষেত্রে বিশ্বভারতীকে প্রতিষ্ঠিত করতে চাই।

৮ পৌৰ ১৩২৮ শান্তিনিকেডন



বিষভারতী পরিষদ্-সভার প্রতিষ্ঠা-উৎস্ব



সিল্ডা। লেভির ক্রমি

8

কোনো জিনিদের আরম্ভ কী করে হয় তা বলা যায় না। দেই আরম্ভকালটি রহস্তে আর্ত থাকে। আমি চল্লিশ বংসর পর্যন্ত পদ্মার বোটে কাটিয়েছি, আমার প্রতিবেশী ছিল বালিচরের চক্রবাকের দল। তাদের মধ্যে বসে বসে আমি বই লিখেছি। হয়তো চিরকাল এই-ভাবেই কাটাতুম। কিন্তু মন হঠাৎ কেন বিদ্রোহী হল, কেন ভাবজগৎ থেকে কর্মজগতে প্রবেশ কর্লাম ?

আমি বাল্যকালের শিক্ষাব্যবস্থায় মনে বড়ো পীড়া অন্থভব করেছি। সেই ব্যবস্থায় আমাকে এত ক্লেশ দিত আঘাত করত যে বড়ো হয়েও সে অন্থায় ভূলতে পারি নি। কারণ প্রকৃতির বক্ষ থেকে, মানবজীবনের সংস্পর্শ থেকে স্বতন্ত্র করে নিয়ে শিশুকে বিভালয়ের কলের মধ্যে ফেলা হয়। তার অস্বাভাবিক পরিবেষ্টনের নিজ্পেষণে শিশুচিত্ত প্রতিদিন পীড়িত হতে থাকে। আমরা নর্মাল ইস্কুলে পড়তাম। সেটা ছিল মল্লিকদের বাড়ি। সেথানে গাছপালা নেই, মার্বেলের উঠান আর ইটের উচু দেওয়াল যেন আমার দিকে কটমট করে তাকিয়ে থাকত। আমরা, যাদের শিশুপ্রকৃতির মধ্যে প্রাণের উচ্চান সহচর্য থেকে দ্বের থেকে আর মাস্টারদের সঙ্গে প্রাণগত যোগ থেকে

বঞ্চিত হয়ে আমাদের আত্মা যেন শুকিয়ে যেত। মাস্টাররা সব আমাদের মনে বিভীষিকার স্পষ্ট করত।

প্রাণের সম্বন্ধ থেকে বিচ্ছিন্ন হয়ে এই-যে বিছা লাভ করা যায় এটা কথনও জীবনের সঙ্গে অন্তরঙ্গ হয়ে উঠতে পারে না।

আমি এ বিষয়ে কথনও কথনও বক্তৃতাও দিয়েছিলেম।
কিন্তু যথন দেখলাম যে আমার কথাগুলি শ্রুতিমধুর কবিছ
হিদাবে সকলে নিলেন এবং বাঁরা কথাটাকে মানলেন
তাঁরা এটাকে কাজে খাটাবার কোনো উল্যোগ করলেন
না, তথন আমার ভাবকে কর্মের মধ্যে আকার দান
করবার জন্ম আমি নিজেই কৃতসংকল্প হলাম। আমার
আকাজ্রা হল, আমি ছেলেদের খুশি করব, প্রকৃতির
গাছপালাই তাদের অন্যতম শিক্ষক হবে, জীবনের সহচর
হবে— এমনি করে বিন্থার একটি প্রাণনিকেতন নীড় তৈরি
করে তুলব।

তথন আমার ঘাড়ে মন্ত একটা দেনা ছিল; সে দেনা আমার সম্পূর্ণ স্বক্ষত নয়, কিন্তু তার দায় আমারই একলার। দেনার পরিমাণ লক্ষ টাকারও অধিক ছিল। আমার এক পয়সার সম্পত্তি ছিল না, মাসিক বরাদ্দ অতি সামান্ত। আমার বইয়ের কপিরাইট প্রভৃতি আমার সাধ্যায়ন্ত সামগ্রী কিছু কিছু সওদা করে অসাধ্যসাধনে লেগে গেলাম। আমার ডাক দেশের কোণাও পৌছয় নি। কেবল ব্রহ্মবান্ধব উপাধ্যায়কে পাওয়া গিয়েছিল, তিনি

তথনও রাজনীতিক্ষেত্রে নামেন নি। তাঁর কাছে আমার এই সংকল্প খুব ভালো লাগল, তিনি এখানে এলেন। কিন্তু তিনি জমবার আগেই কাজ আরম্ভ করে দিয়েছিলাম। আমি পাচ-ছয়টি ছেলে নিয়ে জামগাছ-তলায় তাদের পড়াতাম। আমার নিজের বেশি বিছে ছিল না। কিন্তু আমি যা পারি তা করেছি। দেই ছেলে-কয়টিকে নিয়ে রদ দিয়ে ভাব দিয়ে রামায়ণ মহাভারত পড়িয়েছি— তাদের কাঁদিয়েছি হাসিয়েছি. ঘনিষ্ঠভাবে তাদের দঙ্গে যুক্ত থেকে তাদের মানুষ করেছি। এক সময়ে নিজের অনভিজ্ঞতার থেদে আমার হঠাৎ মনে হল যে. একজন হেডমান্টারের নেহাত দরকার। কে যেন একজন লোকের নাম করে বললে, 'অমুক লোকটি একজন ওস্তাদ শিক্ষক, যাকে তাঁর পাশের দোনার কাঠি ছুঁইয়েছেন দেই পাশ হয়ে গেছে।' — তিনি তো এলেন. किन्छ करप्रक मिन गर प्रायश्चरन रनालन, 'इल्लाइ' शास्त्र চডে, চেঁচিয়ে কথা কয়, দৌডয়, এ তো ভালো না।' আমি বললাম, 'দেখুন, আপনার বয়দে তো কথনও তারা গাছে চড়বে না। এখন একটু চড়তেই দিন-না। গাছ যথন ডালপালা মেলেচে তথন সে মানুষকে ডাক দিচ্ছে। ওরা ওতে চ'ডে পা ঝুলিয়ে থাকলই-বা।' তিনি আমার মতিগতি দেখে বিরক্ত হলেন। মনে আছে, তিনি কিগুারগার্টেন-প্রণালীতে পড়াবার চেষ্টা করতেন। তাল (गान, दिन (गान, भारू एवं भाषा (गान- हेलाि मि

পাঠ শেখাতেন। তিনি ছিলেন পাশের ধ্রন্ধর পণ্ডিত, ম্যাট্রিকের কর্ণধার। কিন্তু এখানে তাঁর বনল না, তিনি বিদায় নিলেন। তার পর থেকে আর হেডমাস্টার রাথিনি।

এ দামান্ত ব্যাপার নয়, পৃথিবীতে অল্প বিভালয়েই ছেলেরা এত বেশি ছাড়া পেয়েছে। আমি এ নিয়ে মাসটারদের দক্ষে লড়াই করেছি। আমি ছেলেদের বললাম, 'তোমরা আশ্রম-সন্মিলনী করো, তোমাদের ভার তোমরা নাও।' আমি কিছুতে আমার সংকল্প ত্যাগ করি নি— আমি ছেলেদের উপর জবরদন্তি হতে দিই নি। তারা গান গায়, গাছে চড়ে, ছবি আঁকে, পরস্পরের সঙ্গে অন্তরক্ষ ও বাধামুক্ত দক্ষকে যুক্ত হয়ে আছে।

এথানকার শিশুশিক্ষার আর-একটা দিক আছে।
সেটা হচ্ছে— জীবনের গভীর ও মহৎ তাৎপর্য ছোটো
ছেলেদের ব্রুতে দেওয়া। আমাদের দেশের সাধনার
মন্ত্র হচ্ছে, যা মহৎ তাতেই স্লুখ, অল্পে স্লুখ নেই। কিন্তু
একা রাজনীতিই এখন সেই বড়ো মহতের স্থান সমন্তুটাই
জুড়ে বসে আছে। আমার কথা এই যে, সবচেয়ে বড়ো
যে আদর্শ মান্ত্রের আছে তা ছেলেদের জানতে দিতে
হবে। তাই আমরা এখানে সকালে সন্ধ্যায় আমাদের
প্রাচীন তপোবনের মহৎ কোনো বাণী উচ্চারণ করি, স্থির
হয়ে কিছুক্ষণ বসি। এতে আর-কিছু না হোক, একটা
স্বীকারোক্তি আছে। এই অন্তুগানের দ্বারা ছোটো

ছেলেরা একটা বড়ো জিনিসের ইশারা পায়। হয়তো তারা উপাসনায় বসে হাত-পা নাড়ছে, চঞ্চল হয়ে উঠছে, কিন্তু এই আসনে বসবার একটা গভীর তাৎপর্য দিনে দিনে তাদের মনের মধ্যে গিয়ে পৌছয়।

এথানে ছেলেরা জীবনের আরম্ভকালকে বিচিত্র রসে
পূর্ণ করে নেবে, এই আমার অভিপ্রায় ছিল। প্রকৃতির
সঙ্গে নিত্যযোগে গানে অভিনয়ে ছবিতে আনন্দরস
আস্বাদনের নিত্যচর্চায় শিশুদের মগ্ন চৈতত্তে আনন্দের
স্মৃতি সঞ্চিত হয়ে উঠবে, এইটেকেই লক্ষ্য করে কাঞ্চ আরম্ভ
করা গেল।

কিন্তু শুধু এটাকেই চরম লক্ষ্য বলে এই বিভালয় স্থীকার করে নেয় নি। এই বিভালয় প্রতিষ্ঠিত করবার আমার প্রথম উদ্দেশ ছিল, বাঙালির ছেলেরা এথানে মাহ্ম্য হবে, রূপে রুসে গন্ধে বর্ণে চিত্রে সংগীতে তাদের হৃদ্য শতদলপদ্মের মতো আনন্দে বিকশিত হয়ে উঠবে। কিন্তু আমার মনের পরিণতির সঙ্গে সঙ্গে এর উদ্দেশ্যও গভীরতর হল। এথানকার এই বাঙালির ছেলেরা তাদের কলহাস্থের দ্বারা আমার মনে একটি ব্যাকুল চঞ্চলতার স্পষ্ট করল। আমি শুরু হয়ে বসে এদের আনন্দপূর্ণ কঠম্বর শুনেছি। দূর থেকে তাদের দিকে তাকিয়ে থাকতে থাকতে আমার মনে হয়েছে যে, এই আনন্দ, এ যে নিথিল মানবচিত্ত থেকে বিনিঃস্ত অমৃত-উৎসের একটি ধারা। আমি এই শিশুদের মধ্যে সেই স্পর্শ পেয়েছি।

বিশ্বচিত্তের বস্থন্ধরার সমস্ত মানবসন্তান যেখানে আনন্দিত হচ্চে দেই বিরাট ক্ষেত্রে আমি হ্রদয়কে বিস্তৃত করে मिरम्हि। **यिथारन माञ्चरम्य उट**९ প্রাণমন্ন তীর্থ আছে. যেখানে প্রতিদিন মান্তবের ইতিহাস গড়ে উঠছে, সেখানে আমার মন যাতা করেছে। পঞ্চাশ বছর পর্যন্ত ইংরেজি लिथि नि. ইংরেজি যে ভালো করে জানি তা ধারণা ছিল না। মাতৃভাষাই তথন আমার দম্বল ছিল। যথন ইংরেজি চিঠি লিখতাম তথন অজিত বা আর-কাউকে দিয়ে লিখিয়েছি। আমি তেরো বছর পর্যন্ত ইম্বলে পড়েছি, তার পর থেকে পলাতক ছাত্র। পঞ্চাশ বছর বয়দের সময় যথন আমি আমার লেথার অমুবাদ করতে প্রবৃত্ত হলাম তথন গীতাঞ্জলির গানে আমার মনে ভাবের একটা উদবোধন হয়েছিল বলে দেই গানগুলিই অমুবাদ করলাম। দেই তর্জমার বই আমার পশ্চিম-মহাদেশ-যাত্রার यथार्थ পारथयञ्चक्रभ रुन। देनवक्तरम आमात प्रतम्ब বাইরেকার পৃথিবীতে আমার স্থান হল, ইচ্ছা করে নয়। এই সম্মানের সঙ্গে সঙ্গে আমার দায়িত্ব বেডে গেল।

যতক্ষণ বীজ বীজই থাকে ততক্ষণ সে নিজের মধ্যেই থাকে। তার পরে যথন অঙ্গুরিত হয়ে বৃক্ষরূপে আকাশে বিস্তৃতি লাভ করে তথন সে বিশ্বের জিনিস হয়। এই বিছালয় বাংলার এক প্রাস্তে কয়েকটি বাঙালির ছেলে নিয়ে তার ক্ষুদ্র সামর্থ্যের মধ্যে কোণ আঁকড়ে পড়ে ছিল। কিস্কু সব সঞ্জীব পদার্থের মতো তার অস্তরে পরিণতির

একটা সময় এল। তথন সে আর একাস্ত সীমাবদ্ধ মাটির জিনিস রইল না, তথন সে উপরের আকাশে মাথা তুলল, বড়ো পৃথিবীর সঙ্গে তার অস্তরের ষোগসাধন হল; বিশ্ব তাকে আপন বলে দাবি করল।

আধুনিক কালের পৃথিবীর ভৌগোলিক সীমা ভেঙে গেছে, মামুষ পরস্পারের নিকটতর হয়েছে, এই সত্যকে আমাদের গ্রহণ করতে হবে। মামুষের এই মিলনের ভিত্তি হবে প্রেম. বিষেষ নয়। মানুষ বিষয়ব্যবহারে আৰু পরস্পরকে পীড়ন করছে, বঞ্চিত করছে, এ কথা আমি অস্বীকার করছি না। কিন্তু সত্যসাধনায় পূর্ব-পশ্চিম নেই। বৃদ্ধদেবের শিক্ষা ভারতবর্ষের মাটিতে উদ্ভূত হয়ে চীনদেশে গিয়ে মানবচিত্তকে আঘাত করল এবং ক্রমে সমস্ত এশিয়াকে অধিকার করল। চিরস্তন সত্যের মধ্যে পূর্ব-পশ্চিমের ভেদ নেই। এই বিশ্বভারতীতে সেই সত্যসাধনার ক্ষেত্রকে আমার গড়ে তুলতে হবে। পৃথিবীর দক্ষে আমাদের দেওয়া-নেওয়ার সম্বন্ধ স্থাপিত হওয়া দরকার। আমরা এতদিন পর্যন্ত ইংরেজি বিশ্ববিত্যালয়ের 'স্থলবয়' ছিলাম. কেবলই পশ্চিমের কাছে হাত পেতে পাঠ শিথে নিয়েছি। কিন্ত পশ্চিমের সঙ্গে আমাদের আদানপ্রদানের সম্বন্ধ হয় নি। সাহসপূর্বক য়ুরোপকে আমি আমাদের শিক্ষা-কেন্দ্রে আমন্ত্রণ করে এসেছি। এখানে এইরূপে সত্যসন্মিলন हरत, क्लात्नत जीर्थक्कित गरफ छेर्ररत। आमता ताहुनी जि-ক্ষেত্রে খুব মৌথিক বড়াই করে থাকি, কিন্তু অন্তরে

আমাদের আত্মবিশ্বাস নেই, যথেষ্ট দীনতা আছে।
যেথানে মনের ঐশ্বর্যের প্রকৃত প্রাচুর্য আছে সেথানে
কার্পণ্য সম্ভবপর হয় না। আপন সম্পদের প্রতি যে
ভাতির যথার্থ আশা ও বিশ্বাস আছে অক্সকে বিতরণ
করতে তার সংকোচ হয় না, সে পরকে ডেকে বিলোতে
চায়। আমাদের দেশে তাই গুরুর কঠে এই আহ্বানবাণী
এক সময় ঘোষিত হয়েছিল— আয়য়ৢ সর্বতঃ শ্বাহা।

আমরা সকলের থেকে দূরে বিচ্ছিন্ন হয়ে বিভার নির্জন কারাবাদে কল্ধ হয়ে থাকতে চাই। কারারক্ষী যা দয়া করে থেতে দেবে তাই নিয়ে টিঁকে থাকবার মতলব করেছি। এই বিচ্ছিন্নতার থেকে ভারতবর্ষকে মুক্তিদান করা সহজ ব্যাপার নয়। সেবা করবার ও সেবা আদায় করবার, দান করবার ও দান গ্রহণ করবার সক্ষকে আমাদের তৈরি করে তুলতে হবে। বিশ্বের জ্ঞানজগৎথেকে ভারতবর্ষ একঘরে হয়ে আছে, তাকে শিক্ষার ছিটেক্টাটা দিয়ে চিরকেলে পাঠশালার পোড়ো করে রাখা হয়েছে। আমরা পৃথিবীর জ্ঞানধারার সলে য়ুক্ত হয়ে এই আধ্যাত্মিক ও বৃদ্ধিগত অবমাননা থেকে মুক্তি পেতে চাই।

ভারতবর্ষ তার আপন মনকে জাত্মক এবং আধুনিক সকল লাঞ্ছনা থেকে উদ্ধার লাভ কঙ্মক। রামাত্মজ শংকরাচার্য বৃদ্ধদেব প্রভৃতি বড়ো বড়ো মনীধীরা ভারতবর্ষে বিশ্বসমস্থার যে সমাধান করবার চেষ্টা করেছিলেন তা

আমাদের জানতে হবে। জোরাস্তেরীয় ইসলাম প্রভৃতি
এশিয়ার বড়ো বড়ো শিক্ষাসাধনার সঙ্গে পরিচিত হতে
হবে। ভারতবর্ষের কেবল হিন্দুচিতকে স্বীকার করলে
চলবে না। ভারতবর্ষের সাহিত্য শিল্পকলা স্থপতিবিজ্ঞান
প্রভৃতিতেও হিন্দুমূললমানের সংমিশ্রণে বিচিত্র স্থি জ্বেগে
উঠেছে। তারই পরিচয়ে ভারতবর্ষীয়ের পূর্ণ পরিচয়।
সেই পরিচয় পাবার উপযুক্ত কোনো শিক্ষাস্থানের প্রতিষ্ঠা
হয় নি বলেই তো আমাদের শিক্ষা অসম্পূর্ণ ও ঘ্র্বল।

় ভারতের বিরাট সত্তা বিচিত্রকে আপনার মধ্যে একত্র দম্মিলিত করবার চেষ্টা করছে। তার সেই তপস্থাকে উপলব্ধি করবার একটা সাধনক্ষেত্র আমাদের চাই তো। বিশ্বভারতীতে সেই কাজটি হতে পারে। বিশ্বের হাটে যদি আমাদের বিহার যাচাই না হয় তবে আমাদের জ্ঞান সম্পূর্ণ হল না। ঘরের কোণে বদে আত্মীয়ম্বজনে বৈঠকে যে অহংকার নিবিড় হতে থাকে সেটা সত্য পদার্থ নয়। মাহ্যের জ্ঞানচর্চার বৃহৎ ক্ষেত্রের সঙ্গে যোগ হলেই তবে আমাদের বিহার সার্থকতা হবে। বিশ্বভারতীর এই লক্ষ্য সার্থক হোক।

২০ ফাল্কন ১৩২৮ শান্তিনিকেতন

¢

আপনারা যাঁরা আজ এখানে সমবেত হয়েছেন, আপনাদের मकरलत मरक क्रमण आभारतत रयांग घनिष्ठ हरत, माकारमध्य স্থাপিত হবে। বিশ্বভারতীর ভিতরকার আদর্শ ক্রমে দিনে দিনে আপনাদের কাছে পরিক্ষৃট হবে। বিশ্বভারতীর সব প্রতিষ্ঠানগুলি যেমন ষেমন জেগে উঠতে থাকবে তেমন তেমন তার মধ্য দিয়ে এর ভিতরকার রূপটি আপনাদের কাছে জাগতে থাকবে। বাইরে থেকে এ সম্বন্ধে কথা বলতে কুণ্ঠা বোধ হয়, কারণ ভিতরের বড়ো আইডিয়ালকে বাইরে আকার দান করতে গেলে চুইয়ের মধ্যে অদামঞ্জু থেকে যাবেই। বাইরের অসম্পূর্ণতার সঙ্গে কোনো আই-ডিয়ালের ভিতরের মহত্তের মধ্যেকার ব্যবধান যথন চোথে পড়ে তথন গোড়াকার বাক্যাড়ম্বরের পরে তা অনেকের কাচে হতাশার ও লজ্জার কারণ হয়। আইডিয়ালকে প্রকাশ করে তোলা কারও একলার সাধ্য নয়, কারণ তা ত্র-একজনের বিশেষ সময়কার কর্ম নয়। প্রথমে যে অমুধাবনায় আরম্ভ হয় সেই প্রথম ধাকাই তার যথার্থ পরিচয় নয়। হানয় কর্ম ও জীবন দিয়ে নানা কর্মীর সহায়তায় তা ফুটে উঠতে থাকে। তার প্রথমকার চেহারা ভিতরকার সেই সত্যটিকে যথার্থ ব্যক্ত করতে পারে না। **এইজগুই** এই প্রতিষ্ঠান সম্বন্ধে কিছু বলতে আমি কুন্তিত হই।

বিশ্বভারতী যে ভাব ও আদর্শকে পোষণ করছে, যে পূর্ণসত্যটিকে অস্তরে ধারণ করে রয়েছে, তা বাইরে থেকে সমাগত অতিথিয়া এবং এর কর্মভারপ্রাপ্ত ব্যক্তিয়া অনেকে নানা অসম্পূর্ণতার মধ্য দিয়েও গ্রহণ করেছেন ও শ্রদ্ধা कर्त्रह्म। এতে आमारात्र উৎসাহের সঞ্চার হয়েছে। স্বদেশের সকলের সঙ্গে এর যথার্থ আন্তরিক সম্বন্ধ স্থাপিত হয় নি। এমনকি এই প্রতিষ্ঠানের সঙ্গে যাঁরা যুক্ত হয়ে রয়েছেন তাঁরাও অনেকে ভিতরের সত্যমৃতিটিকে না দেখে এর পদ্ধতি অমুষ্ঠান উপকরণ-সংগ্রহ প্রভৃতি বাহ্মরপটিকে দেখছেন, দেখানে আপনার অধিকার নিয়ে আক্ষেপ করছেন। এর কারণ হচ্ছে যে, আমি যে ভাবটিকে প্রকাশ করতে চাই বর্তমান কালে সকলের চিত্ত সে দিকে নেই। তাঁরা কতকগুলি আকম্মিক ও আধুনিক চেষ্টায় নিযুক্ত আছেন, বড়ো প্রয়োজনের সমাদর করতে তাঁদের মন চাচ্ছে না। কিম্বা হয়তো আমার নিজের অক্ষমতা ও চুর্ভাগ্য এর কারণ হতে পারে। হয়তো আমার নিষ্কের জীবনের যা লক্ষ্য অন্তদের কাছ থেকে তার স্বীকৃতি পাবার আমার শক্তি নেই। যার ডাক পড়ে, যার আপনার থেকে আদেশ আসে তারই তাতে গর্জ আর দায়িত্ব আছে। যদি সে তার জীবনের উদ্দেশ্য সকলের কাছে এমন করে না ধরতে পারে যাতে করে তা অপরের গ্রহণযোগ্য হয় তবে তারই নিজের অক্ষমতা প্রকাশ পায়। হয়তো আমারই চরিত্তের এমন অসম্পূর্ণতা আছে যাতে

আমার আপনার কর্ম দেশের কর্ম হয়ে উঠতে পারছে না।
কিন্তু আমার আশা আছে যে, সমন্তই নিক্ষল হয় নি।
কারণ প্রতিষ্ঠানটিকে তো শুধু আমার একলার জিনিস
বলতে পারি না। সেথানে যারা মিলিত হয়েছে তাদের
বারা স্জনকার্য নিরস্তর চলেছে। সেথানে দিনে দিনে যে
আবহাওয়া তৈরি হয়ে উঠছে, প্রতি শিশুটি পর্যন্ত তাদের
অবকাশম্থরিত সংগীত অভিনয় কলহাস্তের বারাও তার
সহায়তা করছে। প্রত্যেকটি শিশু প্রত্যেকটি ছাত্র ও
অধ্যাপক না ব্রেও অগোচরে সত্যসাধনায় সহযোগিতা
করছেন। তাঁদের বারা য়েটুকু কর্ম পরিব্যক্ত হচ্ছে তার
উপর আমার বিশ্বাস আছে; আশা আছে যে, একদিন
এর বীজ নিঃসন্দেহ পরিপূর্ণ বৃক্ষ-রূপে উপরের আকাশে
মাথা তুলবে।

আমার মনে হয়েছে যে, আমাদের এই প্রদেশবাসীদের
মধ্যে যেসব ছাত্তের উৎসাহ ও কৌতূহল আছে তারা
কেন এই বৃক্ষের ফল ভোগ করবে না। বিশ্বভারতীতে
আমরা যে চিন্তা করছি, যে সত্য সন্ধান করছি সেথানে
স্বদেশী ও বিদেশী পণ্ডিতেরা যে তবালোচনায় ব্যাপৃত
আছেন, তাঁরা যা-কিছু দিছেেন, ছোটো জায়গায় সেই
উৎপন্ন পদার্থের নিঃশেষ হয়ে গেলে তার অপব্যয় হবে।
তা অল্প পরিধিতে বন্ধ থাকলে তাতে সকলের গ্রহণ
করবার স্থযোগ হয় না। যদিচ শান্তিনিকেতনই আমার
কেন্দ্রেল তব্ও সেথানে যারা সমাগত হবে যাদের

হাতে কলমে কাজ করাতে হবে তারাই যে শুধু আই-ডিয়াল গ্রহণ করবার যথার্থ যোগ্য তা তো নয়। তাই আমার মনে হয়েছে এবং অনেক ছাত্র ও ছাত্রবন্ধরা আমাকে বলেছেন যে, বিশ্বভারতীতে যে সৃষ্টি হচ্ছে, যে সত্য আবিষ্ণত হচ্ছে, তা যাতে কলকাতার ছাত্রমণ্ডলীও জানতে পারে, যাতে তারাও উপলব্ধি করতে পারে যে, সেখানে জীবনের সাধনা হচ্ছে, শুধু পুঁথিগত বিভার চর্চা হচ্ছে না. সেজন্ত সংগীত শিল্প সাহিত্যের নানা অমুষ্ঠানের মধ্য দিয়ে তার পরিচয়ের ব্যবস্থা করা উচিত। আমি এই প্রস্তাবে সমত হয়েছিলুম, কিন্তু অতি সসংকোচে; কারণ দেশের ছাত্রদের সঙ্গে আমার তেমন পরিচয় নেই। ভয় হয়েছিল যে, যে লোকেরা এত কাল এত ভুল বুঝে এসেছে হয়তো তারা বিদ্রূপ করবে। বড়ো আইডিয়ালকে নিয়ে বিদ্রূপ করার মতো এত সহজ জিনিস আর নেই। ষে থব ছোটো দেও কোনো বড়ো জিনিসে ধুলো দিতে পারে, তাকে বিক্বত করতে পারে।

এই আইডিয়ালের সঙ্গে এথনকার কালের যোগ নেই, এই কথা অন্থভব করেছিলাম বলেই আমি বিশ বছর পর্যন্ত নিভ্ত কোণে ছিলুম। এত গোপনে আমার কাজ করে গেছি যে, আমার পরমাজীয়েরাও জানেন নি, বোঝেন নি। আমি কী লক্ষ্য নিয়ে কেন অন্তসব কাজ ছেড়ে দিয়ে অবকাশ ত্যাগ করে কোন্ ভাকে কোন্ আনন্দে এই কাজে লিপ্ত হয়েছি আমার সহকর্মীরাও অনেকে তা

পুরোপুরি জানে না। তৎসত্তে আমি আমার বিভালয়ের ছেলেদের মধ্যে যে আনন্দের ছবি, যে স্বাধীন বিকাশের প্রমাণ পেয়েছি তাতে নিশ্চিত জেনেছি যে, এরা এখান থেকে কিছু পেয়েছে। এইসকল কারণেই আমি এতদিন বাহিরে বেরিয়ে আসি নি।

বিশ্বভারতীকে তুইভাবে দেখা যেতে পারে— প্রথম হচ্ছে শান্তিনিকেতনে তার যে কাজ হচ্ছে দেই কাজের দায়িত্ব গ্রহণ করা: দ্বিতীয়ত শান্তিনিকেতনের কর্মামুষ্ঠানের ফল বাইরে থেকে ভোগ করা, তার সঙ্গে বাইরে থেকে যুক্ত হওয়া। বিশ্বভারতীর আইডিয়ালের সঙ্গে যাঁর সহামুভৃতি আছে তিনি সেই প্রতিষ্ঠানের সভ্য হয়ে তার আদর্শ-পোষণের ভার নিতে পারেন। তিনি তার জন্ম চিস্তা করবেন, চেষ্টা করে গড়ে তুলবেন, তাকে আঘাত থেকে রক্ষা করবেন। এটা হল এর দায়িত্বের দিক এবং আত্মীয়-সমাজের লোকেদের কাজ। এর জন্য বিশ্বভারতীর দার উদঘাটিত রয়েছে। কিন্তু লোকে তো এ কথা বলতে পারে य. जामारमंत्र अनव जारमा मार्थ ना. विरम्भ श्रिक रकन এসব অধ্যাপকদের আনানো: ভারতবর্ষ তো আপনার পরিধির মধ্যেই বেশ চিল। বারা এ কথা বলেন তাঁদের সঙ্গেও আমাদের কোনো বাদপ্রতিবাদ নেই। তাঁরা এই প্রতিকৃষতা সত্ত্বেও কলকাতার এই 'বিশ্বভারতী সন্মিলনী'র সভ্য হতে পারেন, তাতে কারও আপত্তি নেই। যদি আমরা কিছু গান সংগ্রহ করে আনি তবে তাঁরা যে তা

শুনবেন না এমন কোনো কথা নেই, কিম্বা আমাদের মদি কিছু বলবার থাকে তবে তাও তাঁরা শুনতে আসতে পারেন— এই ষেমন ক্ষিতিমোহনবার সেদিন কবীর সম্বন্ধে বললেন, বা আজ যে আচার্য লেভির বিদায়ের পূর্বে তাঁকে সম্বর্ধনা করা হল। এই পণ্ডিত বিদেশী হলেও তো এঁকে বিশেষ কোনো দেশের লোক বলা চলে না— ইনি আমাদের আপনার লোক হয়ে গেছেন, আমাদের দেশকে গভীরভাবে হৃদয়ে গ্রহণ করেছেন। এঁর সঙ্গে যে পরিচয়সাধন হল এতে করে তো কেউ কোনো আঘাত পান নি।

বর্তমান যুগে ইতিহাস হঠাৎ যেন নতুন দিকে বাঁক নেবার চেষ্টা করছে। কেন? আপনার জাতির একাস্ত উৎকর্ষের জন্ম যারা নিয়ত চেষ্টা করছে হঠাৎ তাদের মধ্যে ম্যলপর্ব কেন দেখা দিলে? পূর্বে বলেছি, মান্থ্যের সত্য হচ্ছে, আপনাকে অনেকের মধ্যে লাভ করলে তবেই সে আপনাকে লাভ করে। এতদিন ছোটো সীমার মধ্যে এই সত্য কাজ করছিল। ভৌগোলিক বেষ্টন যতদিন পর্যন্ত সক্তা ছিল ততদিন সেই বেষ্টনের মধ্যে প্রত্যেক ব্যক্তি আপনার জাতির সকলের সঙ্গে মিলনে নিজেকে সত্য বলে অমুভব করার ছারা বড়ো হয়েছে। কিছে বর্তমান যুগে সে বেড়া ভেঙে গেছে; জলে স্থলে দেশে দেশে যেসকল বাধা মানুষকে বাহির থেকে বিভক্ত করেছিল সেসব ক্রমণ অপসারিত হচ্ছে। আজ আকাশপথে

পর্যন্ত মাত্রষ চলাচল করছে। আকাশযানের উৎকর্ম ক্রমে ঘটবে, তথন পৃথিবীর সমস্ত স্থুল বাধা মাত্রষ ডিভিয়ে চলে যাবে, দেশগত সীমানার কোনো অর্থ ই থাকবে না।

ভূগোলের দীমা কীণ হয়ে মান্তব পরস্পারের কাছে এনে দাঁড়িয়েছে। কিন্তু এতবড়ো সত্যটা আজও বাহিরের সত্য হয়েই রইল, মনের ভিতরে এ সত্য স্থান পেলে না। পুরাতন যুগের অভ্যাদ আজও তাকে জড়িয়ে আছে, দে যে-দাধনার পাথেয় নিয়ে পথে চলতে চায় তা অতীত যুগের জিনিস; স্বতরাং তা বর্তমান যুগের দামনের পথে চলবার প্রতিকুলতা করতে থাকবে।

বর্তমান যুগে যে-সত্যের আবির্ভাব হয়েছে তার কাছে সত্যভাবে না গেলে মার থেতে হবে। তাই আজ মারামারি বেধেছে— নানা জাতির মিলনের ক্ষেত্রেও আনন্দ নেই, শান্তি নেই। কাটাকাটি মারামারি সন্দেহ হিংসা যে পুঞ্জীভূত হয়ে উঠছে তাতেই বুঝছি যে, সত্যের সাধনা হচ্ছে না। যে সত্য আজ মানবসমাজ্বারে অতিথি তাঁর অভ্যর্থনার সাধনা বিশ্বভারতী গ্রহণ করেছে।

দারিদ্র্য ষতই হোক, বাইরে থেকে ছুর্গতি তার ষতই হোক, এই ভার নেবার অধিকার ভারতবর্ষের আছে। এ কথা আজ বোলো না, 'তুমি দরিদ্র পরাধীন, তোমার মূথে এসব কথা কেন?' আমাদেরই তো এই কথা। ধনের গৌরব তো এ সত্যকে স্বীকার করতে চায় না। ধনসম্পদ তো ভেদ স্বৃষ্টি করে, সত্যসম্পদই ভেদকে

অতিক্রম করবার শক্তি রাথে। ধনকে যে মাহ্য চরম আশ্রয় বলে বিশ্বাস করে না, যে মৈত্রেয়ীর মতো বলতে পেরেছে, যেনাহং নামৃতাস্থাম্ কিমহং তেন কুর্যাম্, সেই তো ধনয়য়, সেই তো ধনয় বেড়া ভেঙে মানবাত্মার অধিকারকে সর্বত্র উদ্ঘাটিত করতে পারে। সেই অধিকারকে বিশ্বভারতী স্বীকার কয়ক। দেশবিদেশের তাপস এই বিশ্বভারতীতে আসন গ্রহণ কয়ন। আয়য় সর্বতঃ স্বাহা, এই কথা আমরা আশ্রমে বসে বলব। ভারতবর্ষ আধ্যাত্মিক ঐক্যামধনার যে তপস্থা করেছেন সেই তপস্থাকে এই আধুনিক যুগের মধ্যে প্রতিষ্ঠিত করতে পারলে তবেই আমাদের সমস্ত অগৌরব দ্র হবে—বাণিজ্য করে নয়, লড়াই করে নয়, সত্যকে স্বীকার করার দ্বারাই তা হবে। ময়য়ৢত্বের সেই পূর্ণগৌরবসাধনের আয়োজনে বিশ্বভারতী আজ হতে নিযুক্ত হোক, এই আমাদের সংকয়।

১ ভাক্ত ?, ১৬২৯ কলিকাতা

b

বিশ্বভারতী সম্বন্ধে একটা কথা মনে রাখতে হবে যে, আমার মনে এর ভাবটি সংক্রাটি কোনো একটি বিশেষ সময়ে যে ভেবেচিন্তে উদিত হয়েছে এমন নয়। এই সংকল্পের বীজ আমার মগ্ন চৈতন্তের মধ্যে নিহিত ছিল, তা ক্রেম অগোচরে অঙ্ক্রিত হয়ে জেগে উঠেছে। এর কারণ আমার নিজের জীবনের মধ্যেই রয়েছে। বাল্যকাল থেকে আমি যে জীবন অতিবাহিত করে এসেছি তার ভিতর থেকে এই প্রতিষ্ঠানের আদর্শ টি জাগ্রত হয়ে উঠেছে।

আপনারা জানেন যে, আমি যথোচিতভাবে বিভাশিক্ষার ব্যবস্থার সঙ্গে যোগ রক্ষা করে চলি নি। আমার পরিবারে আমি যে ভাবে মাত্রষ হয়েছি তাতে করে আমাকে সংসার থেকে দ্রে নিয়ে গিয়েছিল, আমি একাস্তবাসী ছিলাম। মানবসমাজের সঙ্গে আমার বাল্যকাল থেকে ঘনিষ্ঠ যোগ ছিল না, আমি তার প্রাস্তে মাত্রষ হয়েছি। 'জীবনস্থতি'তে এর বিবরণ পড়ে থাকবেন। আমি সমাজের থেকে দ্রে বাস করতুম বলে তার দিকে বাতায়নের পথ দিয়ে দৃষ্টিপাত করেছি। তাই আমার কাছে দ্রের তুর্লভ জিনিসের প্রতি আকর্ষণ খুব গভীর ছিল। কলকাতা শহরে আমার বাস ছিল, কাজেই ইটকাঠপাথরের মধ্যে আমার গতিবিধি সংকীর্ণ সীমায় আবদ্ধ ছিল। আমাদের চারি দিকেই

বাড়িগুলি মাথা তুলে থাকত, আর তাদের মাঝখানে অল্প পরিধির মধ্যে সামাত্ত কয়েকটি গাছপালা আর একটি পুষ্করিণী ছিল। কিন্তু দ্বে আমাদের পাড়ার বাইরে বেশি বড়ো বাড়ি ছিল না, একটু পাড়াগাঁ গোছের ভাব ছিল।

সে সময় আমাকে বাইরের প্রকৃতি ডাক দিয়েছিল। মনে আছে মধ্যাহে লুকিয়ে একলা ছাদের কোণটি গ্রহণ করতম। উন্মক্ত নীলাকাশ, চিলের ডাক, আর পাড়ার গলির জনতার বিচিত্র ছোটো ছোটো কলধ্বনির মধ্য দিয়ে বাডির ছাদের উপর থেকে যে জীবনযাত্রার খণ্ড খণ্ড ছবি পেতৃম তা আমার হৃদয়কে আলোড়িত করেছিল। এর মধ্যে মানবপ্রকৃতিরও একটা ডাক ছিল। দূর থেকে কথনও-বা লোকালয়ের উপর রাত্রের ঘুম-পাড়ানো স্থর, কথনও-বা প্রভাতের ঘুম-জাগানো গান, আর উৎসব-কোলাহলের নানারকম ধ্বনি আমার হানয়কে উতলা করে **बिट्य** इनि । वर्षात नवरमघागरम आकारमत लोलारेविड्य আর শরতের শিশিরে ছোটো বাগানটিতে ঘাস ও নারিকেল-রাজির ঝলমলানি আমার কাছে অপূর্ব হয়ে দেখা দিত। মনে আছে অতি প্রত্যুষে স্বর্ষোদয়ের আবির্ভাবের সঙ্গে তাল রাথবার জন্ম তাড়াতাড়ি উঠে পড়ে তার অপেক্ষা করেছি। সকালের সেই শিশিরের উপর সোনার আলো আমার হৃদয়ে নিবিড় গভীর আনন্দবেদনার সঞ্চার করেছে। বিশ্বজ্ঞগৎ যেন আমাকে বার বার করে আহ্বান করে বলেছে, 'তুমি আমার আপনার। আমার মধ্যে যে সভ্য

আছে তা সকলের দক্ষে যোগের প্রতীক্ষা রাথে, কিন্তু তবুও তোমায়-আমায় এই বিরহের মধ্যেও মাধুর্য রয়েছে।' তথনও এই বহির্বিখের উপলব্ধি আমার মনের ভিতরে অস্পষ্টভাবে ঘনিয়ে উঠেছে। ছোটো ঘরের ভিতরকার মাসুষ্টিকে বাইরের ডাক গভীরভাবে মুগ্ধ করেছিল।

তার পর আমার মনে আছে যে, প্রথম যথন আমাদের শহরে ডেম্বুজর দেখা দিল, এই ব্যাধি আমার কাছে বেরিয়ে পড়ার মন্ত স্বযোগের মতো এল। গঙ্গার ধারে পেনেটির বাগানে আমরা বাদ করতে লাগলুম। এই প্রথম অপেক্ষাকৃত নিকটভাবে প্রকৃতির স্পর্শ পেলাম। এ যে কত মনোহর তা ব্যক্ত করতে পারি না। আপনারা অনেকে পল্লীগ্রাম থেকে আসছেন, অনেকেরই পল্লীর সঙ্গে অতিনিকট সম্বন্ধ। আপনারা তার খ্যামল শস্তক্তে ও বনরাজি দেখে থাকবেন, কিন্তু আমার মনোভাব ঠিক উপলব্ধি করতে পারবেন না। ইটকাঠের কারাগার থেকে বহিরাকাশে মুক্তি পেয়ে প্রকৃতির দঙ্গে দেই প্রথম পরিচয় লাভ করা যে কত মূল্যবান তা আমার জীবনে ষেমন বুঝেছিলুম অল্প লোকের ভাগ্যেই তা ঘটে। সকালে কুঠির পানশি দক্ষিণ দিকে যেত. সন্ধ্যায় তা উত্তরগামী হত। নদীর তু ধারে এই জনতার ধারা, জলের সঙ্গে মাতুষের এই कीरनयाजात त्याग, धामरामीत्मत এই स्नान भान छर्पन, এইসকল দৃশ্য আমার অন্তরকে স্পর্শ করেছিল। গ্রামগুলি যেন গন্ধার তুই পারকে আঁকড়ে রয়েছে, পিপাসার জলকে

স্তন্তরদের মতো গ্রহণ করে নিয়েছে। আমার গঞ্চার ধারে এই প্রথম যাওয়া। আর সে সময়ে সেখানকার স্থার্থর উদয়ান্ত যে আমার কাছে কাঁ অপরূপ লেগেছিল তা কী বলব: এই যে বিশ্বজগতে প্রতি মুহুতে অনির্বচনীয় মহিমা উদ্ঘাটিত হচ্ছে আমরা তার দঙ্গে যুক্ত থাকলেও অতি-পরিচয়ের জন্ম তা আমাদের কাছে মান হয়ে যায়। ওঅর্ড দূওঅর্থের কবিতায় আপনারা তার উল্লেখ দেপেছেন। কেজো মান্তবের কাছে বিশ্বপ্রকৃতির অপূর্বতা একেবারে 'না' হয়ে গেছে. নেই বললেই হয়। তার রহস্ত মাধুর্য তার মনে তেমন গাড়া দেয় না। আকাশে দিনের পর দিন যেন আশ্চর্য একটি কাব্যগ্রন্থের পাতার পর পাতা উদঘাটন করে বিশ্বকবির মর্মকথাটি বার বার প্রকাশ করতে থাকে। আমরা মাঝথান থেকে অভিপরিচয়ের অন্তরালে তার রম থেকে বঞ্চিত হই। তাই প্রকৃতির রস্ধারার স্পর্দে আমার মন সে সময়ে যেরকম উৎস্থক इर्प উঠেছিল আজও তার প্রবলতা ক্ষীণ হয়ে যায় নি, এ কথাটা বলার দরকার আছে। এতটা আমি ভূমিকা-স্বরূপ বল্লুম। যে যে ঘটনা আমার জীবনকে নানা সম্পর্কের মধ্য দিয়ে একটা বিশেষ দিকে চালনা করছিল এই সময়কার জীবন্যাত্রা তার মধ্যে সর্বপ্রধান ব্যাপার।

এমনি আর-একটি অন্তকুল ঘটনা ঘটল যথন আমি পদ্মা-নদীর তীরে গিয়ে বাদ করতে লাগলুম। পদ্মাতটের দেই আম জাম ঝাউ বেত আর শর্ষের থেত, ফাল্পনের মৃত্

সৌগদ্ধে ভারাক্রাস্ত বাতাস, নির্জন চরে কলধ্বনিম্থরিত বুনো হাঁদের বসতি, সদ্ধ্যাতারায়-জলজ্ঞল-করা নদীর স্বচ্ছ গভীরতা, এসব আমার সঙ্গে নিবিড় আত্মীয়তা স্থাপন করেছিল। তথন পল্লীগ্রামে মান্থবের জীবন ও প্রকৃতির দৌন্দর্যে সম্মিলিত জগতের সঙ্গে পরিচয় লাভ করে আমার গভীর আনন্দ পাবার উপলক্ষ হয়েছিল।

অল্প বয়দে আমি আর-একটি জিনিস পেয়েছি। মানুষের থেকে দূরে বাস করলেও এবং উন্মুক্ত প্রকৃতির কোল থেকে বিচ্ছিন্নভাবে কাটিয়ে থাকলেও আমি বাড়িতে আত্মীয়-বন্ধদের সংগীত সাহিত্য শিল্পকলার চর্চার আবহাওয়ার মধ্যে মামুষ হয়েছি। এটি আমার জীবনের খুব বড়ো কথা। আমি শিশুকাল থেকে পলাতক ছাত্র। মাস্টারকে বরাবর ভয় করে এড়িয়ে চলেছি। কিন্তু বিশ্বসংসারের যেসকল অদৃশ্য মাস্টার অলক্ষ্যে থেকে পাঠ শিথিয়ে দেন তাঁদের কাছে কোনোরকমে আমি পড়া শিথে নিয়েছি। আমাদের বাড়িতে নিয়ত ইংরেজি ও বাংলা সাহিত্যের ও সংগীতের আলোচনা হত, আমি এসবের মধ্যে বেড়ে উঠেচি। এইদকল বিছা যথার্থভাবে শিক্ষালাভ না কর্বেও এ থেকে ভিতরে ভিতরে আশপাশ হতে নানা উপায়ে মনে মনে আনন্দরস সঞ্চয় করতে পেরেছি। আমার বড়দাদা তথন 'স্বপ্নপ্রয়াণ' লিখতে নিরত ছিলেন। বনস্পতি যেমন স্বচ্ছন্দে প্রচুর ফুল ফুটিয়ে ফল ধরিয়ে ইতন্তত বিশ্বর থসিয়ে ঝরিয়ে ফেলে দেয়, তাতে তার কোনো

অন্ধশাচনা নেই; তেমনি তিনি থাতায় যতটি লেথা কক্ষা করতেন তার চেয়ে ছেঁড়া কাগজে বাতাসে ছড়াছড়ি যেত অনেক বেশি। আমাদের চলাফেরার রাস্তা সেইসব বিক্ষিপ্ত ছিল্লপত্রে আকীর্ণ হয়ে গেছে। সেইসকল অবারিত সাহিত্যরচনার ছিল্লপত্রের স্থুপ আমার চিত্তধারায় পলি-মাটির সঞ্চয় রেথে দিয়ে গিয়েছিল।

তার পর আপনারা জানেন, আমি খুব অল্পবয়স থেকেই সাহিত্যচর্চায় মন দিয়েছি, আর তাতে করে নিন্দা খ্যাতি যা পেয়েছি তারই মধ্য দিয়ে লেখনী চালিয়ে গিয়েছি। তথন একটি বড়ো স্থবিধা ছিল যে, সাহিত্য-ক্ষেত্রে এত প্রকাশতা ছিল না, সাহিত্যের এত বড়ো বাঙ্গার বদে নি, ছোটো হাটেই পশরা দেওয়া-নেওয়া চলত। তাই আমার বাল্যরচনা আপন কোণট্কুতে কোনো লজ্জা পায় নি। আত্মীয়বন্ধুদের যা একট্-আধট্ট প্রশংসা ও উৎসাহ লাভ করেছি তাই যথেষ্ট মনে করেছি। তার পর ক্রমে বন্ধসাহিত্যের প্রশার হল, তার চর্চা ব্যাপকতা লাভ করল। সাহিত্যক্ষেত্র জনতায় আক্রান্ত হল। দেখতে দেখতে রাত্রির আকাশে তারার আবির্ভাবের মতো সাহিত্যাকাশ অসংখ্য লেখকের দারা থচিত হয়ে দেখা দিল। কিন্তু তৎসত্ত্বেও আমার সাহিত্যচর্চার মধ্যে বরাবর দেই নির্জনতাই ছিল। এই বিরলবাদই আমার একান্ত আপনার জিনিস ছিল। অতিরিক্ত প্রকাশতার আঘাতে আমি কথনও স্বস্থ বোধ করি নি। আমি

চল্লিশ-প্রতাল্লিশ বছর পর্যন্ত পদ্মাতীরের নিরালা আবাস-টিতে আপন থেয়ালে সাহিত্যরচনা করেছি। আমার কাব্য-স্পষ্টির যা-কিছু ভালো-মন্দ তা দে সময়েই লেখা হয়েছে।

যথন এমনি সাহিত্যের মধ্যে নিবিষ্ট হয়ে কাল কাটাচ্ছি তথন আমার অন্তরে একটি আহ্বান একটি প্রেরণা এল বার জন্ম বাইরে বেরিয়ে আসতে আমার মন ব্যাকুল হল। যে কর্ম করবার জন্ম আমার আকাজ্জা হল তা হচ্ছে শিক্ষাদানকার্য। এটা খুব বিশ্ময়কর ব্যাপার, কারণ শিক্ষাব্যবস্থার সঙ্গে যে আমার যোগ ছিল না তা তো আগেই বলেছি। কিন্তু এই ভারই যে আমাকে গ্রহণ করতে হল তার কারণ হচ্ছে, আমার মনে এই বিশ্বাস দৃঢ় ছিল যে, আমাদের শিক্ষাপ্রণালীতে গুরুতর অভাব রয়েছে, তা দ্র না হলে শিক্ষা আমাদের জীবন থেকে স্বতন্ত্র হয়ে সম্পূর্ণ বাইরের জিনিস হয়ে থাকবে। আমি এ কথা বলছি না যে, এই গুরুতর অভাব শুরু আমাদের দেশেই আছে— সকল দেশেই ন্যুনাধিক পরিমাণে শিক্ষা স্বাঙ্গীণ হতে পারছে না— স্ব্তিই বিভাশিক্ষাকে জীবন থেকে বিচ্ছিন্ন করে আ্যাবস্ট্রাক্ট ব্যাপার করে ফেলা হয়।

তথন আমার মনে একটি দ্রকালের ছবি জেগে উঠল। যে তপোবনের কথা পুরাণকথায় পড়া যায় ইতিহাস তাকে কতথানি বাস্তব সত্য বলে গণ্য করবে জানি না, কিস্ত সে বিচার ছেড়ে দিলেও একটা কথা আমার নিজের মনে হয়েছে যে, তপোবনের শিক্ষাপ্রণালীতে খুব একটি বড়ো

সত্য আছে। যে বিরাট বিশ্বপ্রকৃতির কোলে আমাদের জন্ম তার শিক্ষকতা থেকে বঞ্চিত বিচ্ছিন্ন হয়ে থাকলে মাত্রষ সম্পূর্ণ শিক্ষা পেতে পারে না। বনস্থলীতে যেমন এই প্রকৃতির সাহচর্য আছে তেমনি অপর দিকে তপস্বী মান্তবের শ্রেষ্ঠ বিভাদম্পদ দেই প্রকৃতির মাঝধানে বদে যথন লাভ করা যায় তথনই যথার্থ ঘনিষ্ঠ সম্বন্ধের মধ্যে বাস করে বিভাকে গুরুর কাচ থেকে পাওয়া যায়। শিক্ষা তথন মানবজীবন থেকে বঞ্চিত হথে একান্ত ব্যাপার হয় না। বনের ভিতর থেকে তপোবনের হোম-ধেমু দোহন করে অগ্নি প্রজ্ঞলিত করে নানা ভাবে প্রকৃতির দঙ্গে নিত্যযুক্ত হয়ে যে জীবনযাপনের ব্যবস্থা প্রাচীন কালে ছিল তার মধ্যে ঘনিষ্ঠতা ছিল। যাদের গুরুরপে বরণ করা হয় তাদের দক্ষে এইরপ জীবনযাতার মধ্য দিয়ে একত্র মাতুষ হয়ে ওঠার মধ্যে খব একটা বড়ো শিক্ষা আছে। এতে করে শিক্ষা ও জীবনের মধ্যে যথার্থ যোগ স্থাপিত হয়, গুরুশিয়ের দঙ্গে সমন্ধ সত্য ও পূর্ণ হয়. বিশ্বপ্রকৃতি ও মানবপ্রকৃতির দঙ্গে মিলন মধুর ও স্বাস্থ্যকর इर्प ७८५। जारे जामात मत्न इर्पाहिल एप. जथनकात দিনে তপোবনের মধ্যে মানবজীবনের বিকাশ একটি সহজ ব্যাপার ছিল বটে, কিন্তু তার সময়টি এখনও উত্তীর্ণ হয়ে যায় নি: তার মধ্যে যে সত্য ও সৌন্দর্য আছে তা সকল কালের। বর্তমান কালেও তপোবনের জীবন আমাদের আয়ত্তের অগম্য হওয়া উচিত নয়।

৩

এই চিন্তা যথন আমার মনে উদিত হয়েছিল তথন আমি শান্তিনিকেতনে অধ্যাপনার ভার নিলুম। সৌভাগ্য-ক্রমে তথন শান্তিনিকেতন আমার পক্ষে তপোবনের ভাবে পূর্ণ ছিল। আমি বাল্যকালে আমার পিতৃদেবের সঙ্গে এখানে কাল্যাপন করেছি। আমি প্রত্যক্ষভাবে জানি ষে, তিনি কী পূর্ণ আনন্দে বিখের সঙ্গে পরমাত্মার সক্ষে চিত্তের যোগসাধনের দ্বারা সত্যকে জীবনে একান্ডভাবে উপলব্ধি করেছেন। আমি দেখেছি যে, এই অমুভৃতি তাঁর কাছে বাহিরের জিনিস ছিল না। তিনি রাত্রি হটোর সময় উন্মুক্ত ছাদে বদে তারাথচিত রাত্রিতে নিমগ্ন হয়ে অস্তরে অমৃতরস গ্রহণ করেছেন, আর প্রতিদিন বেদীতলে বসে প্রাণের পাত্রটি পূর্ণ করে স্থাধারা পান করেছেন। ষিনি সমন্ত বিশ্বকে পূর্ণ করে রয়েছেন তাঁকে বিশ্বছবির মধ্যে উপলব্ধি করা, এটি মহর্ষির জীবনে প্রত্যক্ষ সত্য हर्य प्रिथी पिर्याह । आभात भरन हम या, यपि हाजप्तत মহর্ষির সাধনস্থল এই শান্তিনিকেতনে এনে বদিয়ে দিতে পারি তবে তাদের সঙ্গে থেকে নিজের যেটুকু দেবার স্মাছে তা দিতে পারলে বাকিটুকুর জন্ম আমাকে ভাবতে হবে না, প্রকৃতিই তাদের হৃদয়কে পূর্ণ করে সকল অভাব মোচন করে দিতে পারবে। প্রকৃতির সঙ্গে এই যোগের জন্ম সকলের চিত্তেই যে ন্যুনাধিক ক্ষ্ধার অংশ আছে তার নিবৃত্তি করবার চেষ্টা করতে হবে, যে স্পর্শ থেকে মানুষ বঞ্চিত হয়েছে তাকে জোগাতে হবে।

७थन जामात मनी-महाग्र थ्वहे जन्न। बन्नवास्व উপাধ্যায় মহাশয় আমায় ভালোবাদতেন আর আমার সংকরে শ্রদ্ধা করতেন। তিনি আমার কাব্দে এসে যোগ मिर्टिन। **তিনি বললেন. 'আপনি মাস্টারি করতে** না জানেন, আমি সে ভার নিচ্ছি।' আমার উপর ভার রইল ছেলেদের সঙ্গ দেওয়া। আমি সন্ধ্যাবেলায় তালের নিয়ে রামায়ণ মহাভারত পড়িয়েছি, হাত্ম কঙ্কণ রসের উদ্রেক করে তাদের হাসিয়েছি কাঁদিয়েছি। তা ছাড়া নানা গল্প বানিয়ে বলতাম, দিনের পর দিন একটি ছোটো গলকে টেনে টেনে লম্বা করে পাঁচ-সাত দিন ধরে একটি ধারা অবলম্বন করে চলে যেতাম। তথন মূথে মূথে গল্প তৈরি করবার আমার শক্তি চিল। এইদব বানানো গল্পের অনেকগুলি আমার 'গল্পগুচ্চে' স্থান পেয়েছে। এমনি ভাবে ছেলেদের মন যাতে অভিনয়ে গল্পে গানে, রামায়ণ-মহাভারত-পাঠে সরস হয়ে ওঠে তার চেষ্টা করেছি।

আমি জানি, ছেলেদের এমনি ভাবে মনের ধারা ঠিক করে দেওরা, একটা অ্যাটিচ্ছ তৈরি করে তোলা খ্ব বড়ো কথা। মারুষের যে এতবড়ো বিশের মধ্যে এত-বড়ো মানবসমাজে জন্ম হয়েছে, সে যে এতবড়ো উত্তরাধিকার লাভ করেছে, এইটার প্রতি তার মনের অভিম্থিতাকে থাটি করে তোলা দরকার। আমাদের দেশের এই ছুর্গতির দিনে আমাদের অনেকের পক্ষেই শিক্ষার শেষ লক্ষ্য হয়েছে চাকরি, বিশ্বের সঙ্গে ষে

আনন্দের সম্বন্ধের দারা বিশ্বসম্পদকে আত্মগত করা যায় তা থেকে আমরা বঞ্চিত হচ্ছি। কিন্তু মামুষকে আপন অধিকারটি চিনে নিতে হবে। সে যেমন প্রকৃতির সঙ্গে চিত্তের সামঞ্জ্য সাধন করবে তেমন তাকে বিরাট মানব-বিশের সঙ্গে সন্মিলিত হতে হবে।

আমাদের দেশবাসীরা 'ভূমৈব স্থথন্' এই ঋষিবাক্য ভূলে গেছে। ভূমৈব স্থাং— তাই জ্ঞানতপশ্বী মানব ভঃসহ ক্লেশ স্বীকার করেও উত্তর-মেক্লর দিকে অভিযানে বার হচ্ছে, আফ্রিকার অভ্যন্তরপ্রদেশে তুর্গম পথে যাত্রা করছে, প্রাণ হাতে করে সত্যের সন্ধানে ধাবিত হচ্ছে। তাই কর্ম জ্ঞান ও ভাবের সাধনপথের পথিকেরা তৃঃথের পথ অতিবাহন করতে নিজ্ঞান্ত হয়েছে; তাঁরা জেনেছেন যে, ভূমৈব স্থাং— তৃঃথের পথেই মান্থ্যের স্থা। আজ্ আমরা সে কথা ভূলেছি, তাই অত্যন্ত ক্ষ্ম লক্ষ্য ও অকিঞ্ছিৎকর জীবন্যাত্রার মধ্যে আত্রাকে প্রচ্ছন্ন করে দিয়ে দেশের প্রায় সকল লোকেরই কাল কাটছে।

তাই শিক্ষালয় স্থাপন করবার সময়ে প্রথমেই আমার এ কথা মনে হল যে, আমাদের ছাত্রদের জীবনকে মানসিক ক্ষীণতা থেকে ভীক্ষতা থেকে উদ্ধার করতে হবে। যে গঙ্গার ধারা গিরিশিথর থেকে উথিত হয়ে দেশদেশাস্তরে বহুমান হয়ে চলেছে মানুষ তার জলকে সংসারের ছোটো বড়ো সকল কাজেই লাগাতে পারে। তেমনি যে পাবনী বিভাধারা কোনো উত্তুক মানবচিত্তের উৎস থেকে উভূত

হয়ে অসীমের দিকে প্রবাহিত হয়ে চলছে, যা পূর্ব-পশ্চিমবাহিনী হয়ে দিকে দিকে নিরস্তর স্বতঃ-উৎসারিত হচ্ছে,
তাঁকে আমরা ক্ষুদ্র স্বার্থসিদ্ধির পরিধির মধ্যে বাঁধ বেঁধে ধরে
রেথে দেখব না; কিন্তু যেখানে তা পূর্ণ মানবজ্ঞীবনকে সার্থক
করে তুলেছে, তার সেই বিরাট বিশ্বরূপটি যেখানে পরিষ্ফুট
হয়েছে সেখানে আমরা অবগাহন করে শুদ্ধ নির্মল হব।

'দ তিপোহতপ্যত দ তপন্তথা ইদং দর্বমস্থ্যত যদ্দিং
কিঞ্চ।' স্প্টিক্তা তপস্থা করেছেন, তপস্থা করে দমন্ত
স্থান করছেন। প্রতি অণুপরমাণুতে তাঁর দেই তপস্থা
নিহিত। দেজস্থ তাদের মধ্যে নিরস্তর দংঘাত, অগ্নিবেগ,
চক্রপথের আবর্তন। স্টিক্তার এই তপঃদাধনার দক্ষে
দক্ষে মান্ত্রেরও তপস্থার ধারা চলেছে, দেও চুপ করে বদে
নেই। কেননা মান্ত্র্যও স্টিক্তা, তার আদল হচ্ছে
স্টির কাজ। দে যে দংগ্রহ করে দঞ্চয় করে এই তার
বড়ো পরিচয়নয়, দে ত্যাগের দ্বারা প্রকাশ করে এই তার
দত্য পরিচয়। তাই বিধাতার এই বিশ্বতপঃক্ষেত্রে তারও
তপঃদাধনা। মান্ত্র্য হচ্ছে তপস্থী, এই কথাটি উপলব্ধি
করতে হবে। উপলব্ধি করতে হলে দকল কালের দকল
দেশের তপস্থার প্রয়াদকে মানবের সত্য ধর্ম বলে বড়ো
করে জানতে হবে।

আজকার দিনে যে তপঃক্ষেত্রে বিশ্বের সর্ব জাতির ও সর্ব দেশের মানবের তপস্থার আসন পাতা হয়েছে আমাদেরও সকল ভেদবৃদ্ধি ভূলে গিয়ে সেথানে পৌছতে

হবে। আমি বধন বিশ্বভারতী স্থাপিত করলুম তথন এই সংক্রাই আমার মনে কান্ধ করছিল। আমি বাঙালি বলে আমাদের সাহিত্যরসের চর্চা কেবল বাংলাসাহিত্যের মধ্যেই পরিসমাপ্ত হবে? আমি কি বিশ্বসংসারে জন্মাই নি? আমারই জন্ম জগতের যত দার্শনিক যত কবি যত বৈজ্ঞানিক তপস্থা করছেন, এর যথার্থোপলন্ধির মধ্যে কি কম গৌরব আছে?

আমার মূথে এই কথা অহমিকার মতো শোনাতে পারে। আজকের কথাপ্রসঙ্গে তবু আমার বলা দরকার বে. যুরোপে আমি বে দখান পেয়েছি তা রাজামহারাজারা কোনো কালে পায় নি। এর হারা একটা কথার প্রমাণ হচ্ছে যে, মামুষের অন্তরপ্রদেশের বেদনা-নিকেতনে জ্বাতি-বিচার নেই। আমি এমন-সব লোকের কাচে গিয়েছি যারা মামুষের গুরু, কিন্তু তাঁরা স্বচ্ছন্দে নিঃসংকোচে এই भूर्वतम्भवाभीत भत्म अकात जामानश्रमान करत्रह्म। আমি কোথায় যে মাত্রষের মনে দোনার কাঠি ছোঁয়াতে পেরেছি, কেন যে যুরোপের মহাদেশ-বিভাগে এরা আমাকে আত্মীয়রূপে সমাদর করেছে, সে কথা ভেবে আমি নিজেই বিশ্বিত হই। এমনি ভাবেই স্থার জগদীশ বস্থও যেখানে নিঞ্চের মধ্যে সত্যের উৎস্থারার সন্ধান পেয়েছেন এবং তা মাতুষকে দিতে পেরেছেন সেখানে সকল দেশের জ্ঞানীরা তাঁকে আপনার বলেই অভ্যর্থনা कदा निराहिन।

পাশ্চাত্য ভূথতে নিরম্ভর বিন্তার সমাদর হচ্ছে। ফরাসি ও অর্মনদের মধ্যে বাইরের ঘোর রাষ্ট্রনৈতিক যুদ্ধ বাধলেও উভয়ের মধ্যে বিছার সহযোগিতার বাধা কথনও ঘটে নি। আমরাই কেন শুধু চিরকেলে 'স্থূলবয়' হয়ে একটু একটু করে মুখস্থ করে পাঠ শিখে নিয়ে পরীক্ষার আসরে নামব, তার পর পরীক্ষাপাশ করেই সব বিশ্বতির গর্ভে ভূবিয়ে বসে থাকব ? কেন সকল দেশের তাপসদের সঙ্গে আমাদের তপস্থার বিনিময় হবে না ? এই কথা মনে রেখেই আমি বিশ্বভারতীতে আমাদের সাধনার কেত্রে য়ুরোপের অনেক মনস্বী ব্যক্তিদের আমন্ত্রণ করেছিলুম। তাঁরা একজনও সেই আমন্ত্রণের অবজ্ঞা করেন নি। তাঁদের মধ্যে একজনের সঙ্গে অস্তত আমাদের চাক্ষ্য পরিচয়ও হয়েছে। তিনি হচ্ছেন প্রাচ্যতত্ত্বিদ ফরাসি পণ্ডিত त्रिम्बँग लिखि। **छाँ**त मन्द्र यपि व्यापनारमत निक्**र**मश्च ঘটত তা হলে দেখতেন বে, তাঁর পাণ্ডিত্য যেমন অগাধ তার হার তেমনি বিশাল। আমি প্রথমে সংকোচের সঙ্গে অধ্যাপক লেভির কাছে গিয়ে আমার প্রস্তাব कानानुम। जाँक वननुम य बामात हेक्हा य, ভाরতবর্ষে আমি এমন বিভাক্ষেত্র স্থাপন করি যেথানে সকল পণ্ডিতের সমাগম হবে, যেখানে ভারতীয় সম্পদের একত্র-সমাবেশের চেষ্টা হবে। সে সময় তাঁর হার্ভার্ড বিশ্ববিভালয় থেকে বক্তা দেবার নিমন্ত্রণ এুদেছিল। হার্ভার্ড পৃথিবীর বড়ো विश्वविद्यानमञ्ज्ञीनम मध्य अञ्चलम। किन्न आमारमन विश्व-

ভারতীর নামধাম কেউ জানে না; অথচ এই অখ্যাতনামা আশ্রমের আতিথ্য লেভি-সাহেব অতি শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করলেন।

আপনারা মনে করবেন না যে তিনি এখানে এসে শ্রন্ধা হারিয়েছেন। তিনি বার বার বলেছেন, 'এ ষেন আমার পক্ষে স্বর্গে বাস।' তিনি ষেমন বড়ো পণ্ডিত ছিলেন, তাঁর তদমূরপ যোগ্য ছাত্র যে অনেক পাওয়া গিয়েছিল তাও বলা যায় না, কিন্ধু তিনি অবজ্ঞা করেন নি, তিনি ভাবের গৌরবেই কর্মগৌরব অম্ভব করেছেন; তাই এখানে এসে তৃপ্ত হতে পেরেছেন। এই প্রসঙ্গে আপনাদের এই দংবাদ জানা দরকার যে, ফ্রান্স জর্মনি স্ইজারল্যাও অক্টিয়া বোহিমিয়া প্রভৃতি য়ুরোপীয় দেশ থেকে অজ্ব্র পরিমাণ বই দানরূপে শাস্তিনিকেতন লাভ করেছে।

বিশ্বকে সহযোগীরপে পাবার জন্ম শান্তিনিকেতনে আমরা সাধ্যমত আসন পেতেছি, কিন্তু এক হাতে যেমন তালি বাজে না তেমনি এক পক্ষের দারা এই চিত্তসমবার সম্ভবপর হয় না। যেথানে ভারতবর্ষ এক জারগায় নিজেকে কোণঠেসা করে রেখেছে সেখানে কি সে তার ক্ষম্ম দার খুলবে না? ক্ষ্ম বৃদ্ধির দারা বিশ্বকে একঘরে করে রাখার স্পর্ধাকে নিজের গৌরব বলে জ্ঞান করবে ?

আমার ইচ্ছা বিশ্বভারতীতে সেই ক্ষেত্রটি তৈরি হয় বেখানে বিশ্বের সঙ্গে ভারতের সম্বন্ধ স্বাভাবিক কল্যাণজনক ও আত্মীয়ন্ধনোচিত হয়। ভারতবর্ষকে অমুভব করতে হবে

ষে, এমন একটি জায়গা আছে যেথানে মামুষকে আত্মীয় বলে গ্রহণ করাতে অগৌরব বা ত্বঃধের কারণ নেই, যেখানে মামুবের পরস্পরের সম্পর্কটি পীডাজনক নয়। আমার পাশ্চাত্য বন্ধরা আমাকে কথনও কথনও জিজ্ঞাসা করেছেন, 'তোমাদের দেশের লোকে কি আমাদের গ্রহণ করবে ?' আমি তার উত্তরে জোরের সঙ্গে বলেছি, 'হাঁ। নিশ্চয়ই, ভারতীয়েরা আপনাদের কথনও প্রত্যাখ্যান করবে না।' আমি জানি যে, বাঙালির মনে বিছার গৌরববোধ আছে, বাঙালি পাশ্চাত্যবিচ্যাকে অস্বীকার করবে না। রাষ্ট্রয় ক্ষেত্রে নানা ভেদ ও মতবাদ সত্ত্বেও ভারতবর্ষের মধ্যে বাংলাদেশেই সর্বদেশীয় বিতার প্রতি শ্রদ্ধা বাঙালির রক্তের জিনিদ হয়ে গেছে। যারা অতি দরিদ্র, যাদের কপ্টের দীমা নেই, তারাও বিত্যাশিক্ষার দ্বারা ভদ্র পদবী লাভ করবে বলে আকাজ্জা বাংলাদেশেই করে। বাঙালি যদি শিক্ষিত না হতে পারে তবে দে ভদ্রদমাজেই উঠতে পারল না। তাই তো বাঙালির বিধবা মা ধান ভেনে স্থতো কেটে প্রাণপাত করে ছেলেকে শিক্ষা দিতে বাগ্র হয়। তাই আমি মনে করেছিলুম যে, বাঙালি বিভা ও বিশ্বানকে অবজ্ঞা করবে না: তাই আমি পাশ্চাত্য জ্ঞানীদের বলে এপেছিলাম যে. 'তোমরা নিঃসংকোচে নির্ভয়ে আমাদের দেশে আদতে পার, তোমাদের অভার্থনার ক্রটি হবে না।'

আমার এই আশাসবাক্যের সত্য পরীক্ষা বিশ্ব-ভারতীতেই হবে। আশা করি এইথানে আমরা প্রমাণ

করতে পারব যে, বৃহৎ মানবসমাজে যেখানে জ্ঞানের যজ্ঞ চলছে দেখানে সত্যহোমানলে আছতি দেবার অধিকার আমাদেরও আছে; সমস্ত দেশ ও কালের জ্ঞানসম্পদ আমরা আপনার বলে দাবি করতে পারি এই গৌরব আমাদের। মাহুষের হাত থেকে বর ও অর্য্য গ্রহণের যে স্থাভাবিক অধিকার প্রত্যেক মাহুষেরই আছে কোনো মোহবশত আমরা তার থেকে লেশমাত্র বঞ্চিত নই। আমাদের মধ্যে দেই বর্বরতা নেই যা দেশকালপাত্রনিরপেক্ষ জ্ঞানের আলোককে আত্মীয়রপে স্থীকার করে না, তাকে অবজ্ঞা করে লজ্জা পায় না, প্রত্যাখ্যান করে নিজের দৈত্য অহুভব করতে পারে না।

৪ ভাক্স ১৩২৯ কলিকাতা

٩

প্রত্যেক মৃহুর্তেই আমাদের মধ্যে একটি প্রেরণা আছে নিজেকে বিকশিত করবার। বিকাশই হচ্ছে বিশ্বজগতের গোড়াকার কথা। স্বাষ্টির যে সীলা, তার এক দিকে আবরণ আর-এক দিকে প্রকাশ। প্রকাশের যে আনন্দ, দেশকালের মধ্যে দিয়ে সে আপন আবরণ মোচনের ঘারা আপনাকে উপলব্ধি করছে। উপনিষদ বলছেন—'হিরণ্রয়েন পাত্রেণ সত্যক্তাপিহিতং মৃথম্,' হিরণ্ম পাত্রের ঘারা সত্যের মৃথ আরত হয়ে আছে। কিন্তু একান্তই যদি আরত হয়ে থাকত তা হলে পাত্রকেই জানতুম, সত্যকে জানতুম না। সত্য যে প্রছন্ন হয়ে আছে এ কথা বলবারও জার থাকত না। কিন্তু যেহেতু স্বাষ্টির প্রক্রিয়াই হচ্ছে সত্যের প্রকাশের প্রক্রিয়া সেইজন্যে উপনিষদের ঋষি মাহ্রের আক্রাকে এমন করে বলতে পেরেছেন, 'হে স্বর্গ, তোমার আলোকের আবরণ ধ্যোলো, আমি সত্যকে দেখি।'

মান্থ্য যে এমন কথা বলতে পেরেছে তার কারণ এই,
মান্থ্য নিজের মধ্যে দেখছে যে, প্রত্যক্ষ যে অবস্থার মধ্যে
সে বিরাজমান দেইটেই তার চরম নয়। তার লোভ
আছে এবং লোভ চরিতার্থ করবার প্রবল বাদনা আছে;
কিন্তু তার অন্তরাত্মা বলছে, লোভের আবরণ থেকে
মন্থাত্বকে মৃক্তি দিতে চাই। অর্থাৎ যে পদার্থটা তার

মধ্যে অতিরিক্তমাত্রায় প্রবল হয়ে আছে সেটাকে সে আপন
মহায়ত্বের প্রকাশ বলে স্বীকার করে না, বাধা বলেই স্বীকার
করে। বা আছে তাই সত্য, বা প্রতীয়মান তাই প্রতীতির
যোগ্য, মাহ্ম্য এ কথা বলে নি। পশুবৎ বর্বর মাহ্ম্যের
মধ্যে বাহ্মশক্তি মতই প্রবল থাক্, তার সত্য যে ক্ষীণ অর্থাৎ
তার প্রকাশ যে বাধাগ্রন্থ এ কথা মাহ্ম্য প্রথম থেকেই
কোনোরক্ম করে উপলব্ধি করেছিল বলেই সে বাকে সভ্যতা
বলে সে পদার্থ টা তার কাছে নির্থক হয় নি।

সভ্যতা-শব্দটার আদল মানে হচ্ছে, সভার মধ্যে আপনাকে পাওয়া, সকলের মধ্যে নিজেকে উপলব্ধি করা। সভা-শব্দের ধাতুগত অর্থ এই যে, ষেধানে আভা ষেধানে আলোক আছে। অর্থাৎ মান্তবের প্রকাশের আলো একলা নিজের মধ্যে নয়, সকলের সঙ্গে মিলনে। ষেথানে এই মিলনতত্বের যতটুকু ধর্বতা সেইখানেই মান্তবের সত্য সেই পরিমাণেই আচ্ছন্ন। এইজন্মেই মান্তব কেবলই আপনাকে আপনি বলছে— 'অপার্ণ্', থুলে ফেলো, তোমার একলা-আপনের ঢাকা থুলে ফেলো, তোমার সকল-আপনের সত্যে প্রকাশিত হও; সেইখানেই তোমার দীপ্তি, সেইখানেই তোমার মৃক্তি।

বীজ যথন অঙ্কুররূপে প্রকাশিত হয় তথন ত্যাগের দারা হয়। সে ত্যাগ নিজেকেই ত্যাগ। সে আপনাকে বিদীর্ণ করে তবে আপনার সত্যকে মুক্তি দিতে পারে। তেমনি, ধে আপন সকলের— তাকে পাবার জ্ঞে মামুহেরও ত্যাগ

করতে হয় যে আপন তার একলার, তাকে। এইজন্যে দিশোপনিষদ বলেছেন, যে মাহ্র্য আপনাকে সকলের মধ্যে ও সকলকে আপনার মধ্যে পায় 'ন ততো বিজ্পুপ্যতে'— দে আর গোপন থাকে না। অসত্যে গোপন করে সত্যে প্রকাশ করে। তাই আমাদের প্রার্থনা, 'অসতো মা সদ্গময়'— অসত্য থেকে আমাকে সত্যে নিয়ে যাও; 'আবিরাবীর্ম এধি'— হে প্রকাশস্বরূপ, আমার মধ্যে তোমার আবির্ভাব হোক।

তা হলে দেখা যাচেছ, প্রকাশ হচ্ছে আপনাকে দান।
আপনাকে দিতে গিয়ে তবে আপনাকে প্রকাশ করি,
আপনাকে জানতে পাই। আপনাকে দেওয়া এবং
আপনাকে জানা একসক্ষেই ঘটে। নির্বাপিত প্রদীপ
আপনাকে দেয় না, তাই আপনাকে পায় না। যে মাছ্য্য নিজেকে সঞ্চয় ক'রে সকলের চেয়ে বড়ো হয় সেই প্রচ্ছেয়,
সেই অবক্ষম; যে মাছ্য্য নিজেকে দান ক'রে সকলের
সঙ্গে এক হতে চায় সেই প্রকাশিত, সেই মুক্ত।

সওগাদ, তার উপরে নানা রঙের চিত্র-করা রুমাল ঢাকা। যতক্ষণ ক্ষমাল আছে ততক্ষণ দেওয়া হয় নি, ততক্ষণ সমস্ত জিনিসটা আমার নিজের দিকেই টানা। ততক্ষণ মনে হয়েছে, ঐ রুমালটাই মহামূল্য। ততক্ষণ আসল জিনিসের মানে পাওয়া গেল না, তার দাম বোঝা গেল না। যথন দান করবার সময় এল, রুমাল যথন খোলা গেল, তথনই আসলের সঙ্গে বিশের পরিচয় হল, সব সার্থক হল।

আমাদের আত্মনিবেদন যথন পূর্ণ হয় তথনই নিজেকে সম্পূর্ণ পাই। নইলে আমার আপন-নামক যে বিচিত্র ঢাকাখানা আছে সেইটেই চরম বলে বোধ হয়, সেইটেকেই কোনোরকমে বাঁচাবার প্রাণপণ চেষ্টা মনে জাগতে থাকে। সেইটে নিয়েই যত ঈ্র্বা, যত ঝগড়া, যত ছঃখ। যারা মৃঢ় তারা সেইটেরই রঙ দেখে ভূলে যায়। নিজের যেটা সত্য রূপ সেইটেই হচ্ছে বিশ্বের সঙ্গে মিলনের রূপ।

আজ নববর্ষের দিন আমাদের আশ্রমের ভিতরকার সত্যকে প্রত্যক্ষ করবার দিন। যে তপস্থা এগানে স্থান পেয়েছে তার স্ষ্টেশক্তিটি কী তা আমাদের জানতে হবে। এর বাইরের একটা ব্যবস্থা আছে, এর ঘরবাড়ি তৈরি হচ্ছে, এর আইনকামন চলছে, সে আমরা সকলে মিলে গড়ছি। কিন্তু এর নিজের ভিতরকার একটি তত্ব আছে যা নিজেকে নিজে ক্রমশ উদ্ঘাটিত করছে, এবং সেই নিয়ত উদ্ঘাটিত করার প্রক্রিয়াই হচ্ছে তার স্ক্টি। তাকে যদি আমরা স্পষ্ট করে দেখতে পাই তা হলেই আমাদের আত্মনিবেদনের উৎসাহ সম্পূর্ণ হতে পারে। সত্য যখন আমাদের কাছে অম্পষ্ট থাকে তথন আমাদের ত্যাগের ইচ্ছা বল পায় না।

সত্য আমাদের ত্যাগ করতে আহ্বান করে। কেননা ত্যাগের দারাই আমাদের আত্মপ্রকাশ হয়। আমাদের আশ্রমের মধ্যেও সেই আহ্বান পরিক্ট হয়ে উঠেছে সেই আহ্বানকে আমরা 'বিশ্বভারতী' নাম দিয়েছি।

স্বন্ধাতির নামে মাত্র্য আত্মত্যাগ করবে এমন একটি আহ্বান করেক শতাদী ধরে পৃথিবীতে খুব প্রবল হয়ে উঠেছিল। অর্থাৎ স্বন্ধাতিই মামুষের কাছে এতদিন মহুষ্মত্বের স্বচেরে বড়ো সত্য বলে প্রতীয়্মান হয়েছিল। তার ফল হয়েছিল এই যে, এক জাতি অন্ত জাতিকে শোষণ করে নিজে বড়ো হয়ে ওঠবার জন্মে পৃথিবী জুড়ে একটা দ্যাবৃত্তি চল্ছিল। এমনকি যেদ্ব মানুষ স্বজাতির নামে জাল জালিয়াতি অত্যাচার নিষ্ঠরতা করতে কৃষ্ঠিত হয় নি, মাহুষ নির্লক্ষভাবে তাদের নামকে নিজের ইতিহাসে সমুজ্জল করে রেখেছে। অর্থাৎ যে ধর্মবিধি সর্বজনীন তাকেও স্বন্ধাতির বেদীর কাছে অপমানিত করা মাহুষ ধর্মেরই অঙ্গ বলে মনে করেছে। স্বজাতির গণ্ডিসীমার মধ্যে এই ত্যাগের চর্চা; এর আশুফল খুব লোভনীয় বলেই ইতিহাসে দেখা দিয়েছে। তার কারণ ত্যাগই সৃষ্টিশক্তি: সেই ত্যাগ ষতটুকু পরিধির পরিমাণেই সত্য হয় ততটুকু পরিমাণেই দে সার্থকতা বিস্তার করে। এইজন্মে নেশনের ইতিহাদে ত্যাগের দ্বাস্ত মহন্দুর্যান্ত বলেই সপ্রমাণ श्राह्म ।

কিছ সত্যকে সংকীর্ণ করে কখনোই মাছ্র্য চিরকাল
সমুদ্ধি লাভ করতে পারে না। এক জায়গায় এসে তাকে
ঠেকতেই হবে। যদি কেবল উপরিতলের মাটি উর্বরা হয়
তবে বনস্পতি ক্রত বেড়ে ওঠে; কিছু অবশেষে তার
শিক্ড নীরস তলায় গিয়ে ঠেকে, তথন হঠাৎ একদিন তার

ভালপালা ম্ধড়ে যেতে আরম্ভ করে। মাহুষের কর্তব্যবৃদ্ধি
স্বন্ধাতির সীমার মধ্যে আপন পূর্ণধাত্য পায় না, তাই
হঠাৎ একদিন সে আপনার প্রচুর ঐশর্ষের মাঝথানেই
দারিস্র্যে এসে উত্তীর্ণ হয়। তাই যে য়ুরোপ নেশনস্কীর
প্রধান ক্ষেত্র সেই য়ুরোপ আজ নেশনের বিভীষিকায় আর্ড
হয়ে উঠেচে।

যুদ্ধ এবং সন্ধির ভিতর দিয়ে যে নিদারুণ হৃঃথ য়ুরোপকে আলোড়িত করে তুলেছে তার অর্থ হচ্ছে এই যে, নেশনরপের মধ্যে মায়্রয় আপন সত্যকে আরত করে ফেলেছে; মায়্রের আত্মা বলছে, 'অপার্ণু'— আবরণ উদ্ঘাটন করো। ময়্রাত্মের প্রকাশ আচ্ছন্ন হয়েছে বলে স্বজাতির নামে পাপাচরণ সম্বন্ধে মায়্রয় এতদিন এমন স্পষ্ট ঔকত্য করতে পেরেছে, এবং মনে করতে পেরেছে যে, তাতে তার কোনো ক্ষতি হয় নি, লাভই হয়েছে। অবশেষে আজ্ম নেশন যথন আপনার ম্বল আপনি প্রস্ব করতে আরম্ভ করেছে তথন য়ুরোপে নেশন আপনার মৃতি দেখে আপনি আত্মিত হয়ে উঠেছে।

ন্তন যুগের বাণী এই যে, আবরণ থোলো, হে মানব, আপন উদার রূপ প্রকাশ করো। আজ নববর্ধের প্রথম দিনে আমাদের আশ্রমের মধ্যে আমরা দেই নবযুগের বাণীকে অন্তরের মধ্যে গ্রহণ করব। আমাদের আশ্রমকে আজ আমরা সর্বপ্রকার ভেদবৃদ্ধির আবরণ-মৃক্ত করে দেখি, তা হলেই তার সত্যরূপ দেখতে পাব।

আমাদের এখানে নানা দেশ থেকে নানা জাতির অতিথি এসেছে। তারা যদি অন্তরের মধ্যে কোনো বাধা না পায় তবে তাদের এই আসার ধারাতেই আপনি এখানে নবযুগের একটি মিলনতীর্থ তৈরি হয়ে উঠবে। वाः नारम्य नाना नमी अस मग्रस्य भएए छ. स्मरे বহু নদীর সম্ভ্রসংগম থেকেই বাংলাদেশ আপনি একটি বিশেষ প্রকৃতি লাভ করে তৈরি হয়ে উঠেছে। আমাদের আশ্রম যদি তেমনি আপন হ্রদয়কে প্রসারিত করে দেয় এবং যদি এখানে আগন্তকেরা সহজেই আপনার স্থানটি পার তা হলে এই আশ্রম সকলের সেই সন্মিলনের দারা আপনিই আপনার সত্যরূপকে লাভ করবে। তীর্থযাত্রীরা বে ভক্তি নিয়ে আদে, বে সত্যদৃষ্টি নিয়ে আদে, তার বারাই তারা তীর্থস্থানকে সভ্য করে ভোলে। আমরা ধারা এই আশ্রমে এসেচি, আমরা এখানে যে সত্যকে উপলব্ধি করব বলে শ্রদ্ধাপূর্বক প্রত্যাশা করি সেই শ্রদ্ধার দারা সেই প্রত্যাশা দ্বারাই সেই সত্য এখানে সমুজ্জল হয়ে প্রকাশ পাবে। আমরা এখানে কোন মল্লের রূপ দেখব বলে নিয়ত প্রত্যাশা করব ? সে মন্ত্র হচ্ছে এই যে— 'যত্র বিশ্বং ভবত্যেকনীড়ম্'। দেশে দেশে আমরা মাহুষকে তার বিশেষ স্বাক্ষাতিক পরিবেষ্টনের মধ্যে খণ্ডিত করে দেখেছি, দেখানে মাহুষকে আপন ব'লে উপলব্ধি করতে পারি নে। পৃথিবীর মধ্যে আমাদের এই আশ্রম এমন-একটি জায়গা হয়ে উঠুক ষেধানে ধর্ম ভাষা এবং জাতিগত দকলপ্রকার

পার্থক্য দব্দেও আমরা মামুধকে তার বাছডেদমুক্তরূপে মামুধ বলে দেখতে পাই। সেই দেখতে পাওয়াই নৃতন যুগকে দেখতে পাওয়া। সদ্যাসী পূর্বাকাশে প্রথম অরুণােদয় দেখবে বলে জেগে আছে। যথনই অন্ধকারের প্রাস্তে আলােকের আরক্ত রেখাটি দেখতে পায় তথনই সে জানে যে, প্রভাতের জয়ধ্বজা তিমিররাত্তির প্রাকারের উপর আপন কেতন উড়িয়েছে। আমরা তেমনি করে ভারতের এই পূর্বপ্রাস্তে এই প্রাস্তরশেষে যেন আজ্ব নববর্ষের প্রভাতে ভেদবাধার তিমির-মৃক্ত মামুবের রূপ আমাদের এখানে সমাগত অতিথি বন্ধু সকলের মধ্যে উজ্জল করে দেখতে পাই। সেই দেখতে পাওয়া থেকেই যেন মনের মধ্যে শ্রন্ধা করতে পারি যে, মানবের ইতিহাসে নব্যগের অরুণােদয় আরক্ত হয়েছে।

১ বৈশাথ ১৩৩• শান্তিনিকেতন

٣

অল্প কিছুকাল হল কালিঘাটে গিয়েছিলাম। সেথানে গিয়ে আমাদের পুরোনো আদিগঙ্গাকে দেখলাম। তার মন্ত তুর্গতি হয়েছে। সমৃদ্রে আনাগোনার পথ তার চির দিনের মতো বন্ধ হয়ে গেছে। যথন এই নদীটির ধারা সঞ্জীব ছিল তথন কত বণিক আমাদের ভারত ছাড়িয়ে সিংহল গুজরাট ইত্যাদি দেশে নিজেদের বাণিজ্যের সম্বন্ধ বিস্তার করেছিল। এ যেন মৈত্রীর ধারার মতো মানুষের সঙ্গে মামুষের মিলনের বাধাকে দূর করেছিল। তাই এই নদী পুণানদী বলে গণ্য হয়েছিল। তেমনি ভারতের সিন্ধু ব্ৰহ্মপুত্ৰ প্ৰভৃতি যত বড়ো বড়ো নদনদী আছে সবগুলি সেকালে পবিত্র বলে গণ্য হয়েছিল। কেন? কেননা এই নদীগুলি মামুষের দক্ষে মামুষের দম্বন্ধ-স্থাপনের উপায়স্বরূপ ছিল। ছোটো ছোটো নদী তো ঢের আছে— তাদের ধারার তীব্রতা থাকতে পারে; কিন্তু না আছে গভীরতা, না আছে স্থায়িত্ব। তারা তাদের জলধারায় এই বিশ্বমৈত্রীর রূপকে ফুটিয়ে তুলতে পারে নি। মাহুষের সঙ্গে মামুষের মিলনে তারা সাহায্য করে নি। সেইজ্ঞ তাদের জল মানুষের কাছে তীর্থোদক হল না। ষেধান नित्य वर्षा वर्षा ननी वर्ष शिखाइ स्थान कछ वर्षा वर्षा নগর হয়েছে— দেসব দেশ সভ্যতার কেন্দ্রভূমি হয়ে

উঠেছে । এইসব নদী ব্য়ে মান্তবের জ্ঞানের সাধনার সম্পদ নানা জায়গায় গিয়েছে। আমাদের দেশের চতুম্পাঠিতে অধ্যাপকেরা যথন জ্ঞান বিতরণ করেন, অধ্যাপকপত্নী তাদের অম্পানের ব্যবস্থা করে থাকেন; এই গঙ্গাও তেমনি একসময়ে যেমন ভারতের সাধনার ক্ষেত্র ধীরে ধীরে বিস্তারিত করেছিল তেমনি আর-এক দিকে দিয়ে সে তার ক্ষ্ণাতৃষ্ণা দূর করেছিল। সেইজ্লভা গঙ্গার প্রতি মান্তবের এত শ্রহ্ণা।

তা হলে আমরা দেখলাম, এই পবিত্রতা কোথায়?
না, কল্যাণময় আহ্বানে ও হ্যোগে মাহুষ বড়ো ক্ষেত্রে
মাহুষের সঙ্গে মিলেছে— আপনার স্বার্থবৃদ্ধির গণ্ডির মধ্যে
একা একা বন্ধ হয়ে থাকে নি। এ ছাড়া নদীর জলের মধ্যে
এমন কোনো ধর্ম নেই যাতে করে তা পবিত্র হতে
পারে।

কিন্তু ষথনই তার ধারা লক্ষ্যন্ত্রই হল, সমুদ্রের সক্ষেতার অবাধ সম্বন্ধ নই হল, তথনই তার গভীরতাও কমে গেল। গঙ্গা দেখলাম, কিন্তু চিত্ত খুলি হল না। যদিও এখনও লোকে তাকে শ্রন্ধা করে, দেটা তাদের অভ্যাসমারে। জলে তার আর সেই পুণ্যরূপ নেই। আমাদের ভারতের জীবনেও ঠিক এই দশাই ঘটেছে। এক সময় পৃথিবীর সমস্ত দেশকে ভারত তার পুণ্যসাধনার পথে আহ্বান করেছিল, ভারতে সব দেশ থেকে লোক বড়ো সভ্যকে লাভ করার জন্যে এসে মিলেছিল। ভারতও

তথন নিজের শ্রেষ্ঠ যা তা সমস্থ বিশ্বে বিলিয়ে দিয়েছিল।
সমস্থ বিশ্বের সকে নিজের যোগ স্থাপন করেছিল বলে
ভারত পুণ্যক্ষেত্র হয়ে উঠেছিল। গয়া আমাদের কাছে
পুণ্যক্ষেত্র কেন হল? না, তার কারণ বৃদ্ধদেব এখানে
তপস্থা করেছিলেন, আর সেই তাঁর তপস্থার ফল ভারত
সমস্থ বিশ্বে বন্টন করে দিয়েছে। যদি তার পরিবর্তন
হয়ে থাকে, আজ যদি সে আর অমৃত-অয় পরিবেশনের
ভার না নেয়, তবে গয়াতে আর কিছুমাত্র পুণ্য অবশিষ্ট
নেই। কিছু আছে যদি মনে করি তো বৃন্ধতে হবে, তা
আমাদের আগেকার অভ্যাদ: গয়ার পাণ্ডারা কি গয়াকে
বড়ো করতে পারে, না তার মন্দির পারে?

আমাদের এ কথা মনে রাখতে হবে, পুণ্যধর্ম মাটিতে বা হাওয়ায় নেই। চিন্তার ছারা, সাধনার ছারা পুণ্যকে সমর্থন করতে হবে। আমাদের আশ্রমে সে বাধা অনেক দ্র হয়েছে। আপনা-আপনি বিদেশের অতিথিরা এখানে এসে তাঁদের আসন পাতছেন। তাঁরা বলছেন যে, তাঁরা এখানে এসে তৃপ্তি পেয়েছেন। এমনি করেই ভারতের গলা আমাদের আশ্রমের মধ্যে বইল। দেশবিদেশের অতিথিদের চলাচল হতে লাগল। তাঁরা আমাদের জীবনে জীবন মেলাছেন। এই আশ্রমকে অবলম্বন করে তাঁদের চিত্ত প্রসারিত হছে। এর চেয়ে আর সফলতা কিছু নেই। তীর্থে মানুষ উত্তীর্ণ হয় বলেই তার নাম তীর্থ। এমন অনেক জায়গা আছে যেখানে এসে সকলে উত্তীর্ণ হয় না;

সমস্ত পথিক যেখানে আদে চলে যাবার জন্যে, থাকবার জন্যে নয়। যেমন কলকাতার বড়োবাজার— সেথানে এসে প্রীতি মেলে না, বিরাম মেলে না, সেথানে এসে যাত্রা শেষ হয় না; সেথানে লাভলোকসানের কথা ছাড়া আর কথা নেই। আমি কলকাতায় জন্মছি— সেথানে আশ্রয় খুঁজে পাছি না। সেথানে আমার বাড়ি আছে, তবু সেথানে কিছু নিজের আছে বলে মনে করতে পারছি না। মাহয় য়দি নিজের সেই আশ্রয়টি খুঁজে না পেলে তো মহুমেন্ট দেখে, বড়ো বড়ো বাড়িঘর দেখে তার কী হবে। ওথানে কার আহ্বান আছে? বণিকরাই কেবল সেথানে থাকতে পারে। ও তীর্থক্ষেত্র নয়। এ ছাড়া আমাদের যেগুলো তীর্থক্ষেত্র আছে সেথানে কী হয় গ সেথানে যারা পুণ্যপিপাস্থ তারা পাণ্ডাদের পায়ে টাকা দিয়ে আসে। সেথানে তো সব দেশের মাহয় মেলবার জন্যে ভিতরকার আহ্বান পায় না।

কাল একটি পত্র পেলাম। আমাদের স্ফলের পল্লী-বিভাগের যিনি অধ্যক্ষ তিনি জাহাজ থেকে আমাকে চিঠি লিখেছেন। তিনি লিখেছেন যে, জাহাজের লোকেরা তাসখেলা ও অক্যান্ত এত ছোটোখাটো আমোদপ্রমোদ নিয়ে দিন কাটায় যে তিনি বিশ্বিত হয়ে আমাকে লিখেছেন যে, কেমন করে তারা এর মধ্যে থাকে! যে জীবনে কোনো বড়ো প্রকাশ নেই, ক্ষুদ্র কথায় যে জীবন ভরে উঠেছে, বিশের দিকে যে জীবনের কোনো প্রবাহ নেই,

তারা কেমন করে তার মধ্যে থাকে, কী করে তারা মনে তৃপ্তি পার!

শ্রীযুক্ত এলম্হারুস্ট এই-যে বেদনা অত্নভব করেছেন তার কারণ কী? কারণ এই যে, তিনি আশ্রমে যে কার্যের ভার নিয়েছেন ভাতে করে তাঁকে বুহতের ক্ষেত্রে এদে দাঁড়াতে হয়েছে। তিনি তাঁর কর্মকে অবলম্বন করে সমস্ত গ্রামবাসীদের কল্যাণক্ষেত্রে এসে দাঁডিয়েছেন। এ কাজ তাঁর আপনার স্বার্থের জন্মে নয়। তিনি সমস্ত গ্রামবাসীদের মাসুষ বলে শ্রদ্ধা করে সকলের সঙ্গে মেলবার স্থযোগ পেয়েছিলেন বলে এ জায়গা তাঁর কাছে তীর্থ হয়ে উঠেছে। এই-যে আশেপাশের গরিব অজ্ঞ, এদের মধ্যে যাবার তিনি পথ পেয়েছিলেন। সেই-জন্মে তাঁর সঙ্গে যেসমন্ত বড়ো বড়ো ধনী ছিলেন— তাঁদের কেউ-বা জজ, কেউ-বা ম্যাজিস্টেট— তাঁদের তিনি মনে মনে অত্যন্ত অক্বতার্থ বলে বুঝতে পেরেছিলেন। তাঁরা এখানে প্রভৃত ক্ষমতা পেলেও, সমস্ত দেশবাসীর সহিত অব্যাহত মিলনের পথটি খুঁজে পান নি। তাঁরা ভারতে কোনো তীর্থে এনে পৌছলেন না। তাঁদের কেউ-বা রাজতক্তায় এসে ঠেকলেন, কেউ-বা লোহার সিন্ধকে এসে ঠেকলেন, তাঁরা পুণ্যতীর্থে এসে ঠেকলেন না। व्यामारमञ मारहव खुकरन এमে এর তীর্থের রূপটি উপলব্ধি করতে পেরেছিলেন। আমরা এখানে থেকেও যদি সেটি উপলব্ধি করতে না পারি তবে আমাদের মতো অক্লতার্থ

আর কেউ নেই। তাই বলছি, আমাদের এখানে কর্মের
মধ্যে, এর জ্ঞানের সাধনার মধ্যে যেন কল্যাণকে উপলব্ধি
করতে পারি! এ জারগা শুধু পাঠশালা নয়, এই জ্ঞায়গা
তীর্থ। দেশবিদেশ থেকে লোকেরা এখানে এসে যেন
বলতে পারে— আ বাঁচলাম, আমরা ক্ষুদ্র সংসারের বাইরে
এসে বিশ্বের ও বিখনেবতার দর্শন লাভ করলাম।

৫ বৈশাখ ১৩৩০ শান্তিনিকেতন



াসল্ভ্যা লেভি রবীক্সনাথের নিকট বাংলা শিথিতেছেন

9

আমাদের অভাব বিশ্বর, আমাদের নালিশের কথাও অনেক আছে। দেই অভাবের বোধ জাগাবার ও দ্র করবার জন্মে, নালিশের বৃত্তান্ত বোঝাবার ও তার নিষ্পত্তি করবার জন্মে গাঁরা অক্লত্রিম উৎসাহ ও প্রাক্ততার সঙ্গে চেষ্টা করছেন তাঁরা দেশের হিতকারী; তাঁদের 'পরে আমাদের শ্রুদ্ধা অক্ষুধ্নথাক।

কিন্তু কেবলমাত্র অপমান ও দারিন্দ্রের দ্বারা দেশের আরপরিচয় হয় না, তাতে আমাদের প্রচ্ছন্ন করে। যে নক্ষত্রের আলোক নিবে গেছে অন্ধকারই তার পক্ষে একমাত্র অভিশাপ নয়, নিথিল জ্যোতিক্ষমণ্ডলীর মধ্যে তার অপ্রকাশই হচ্ছে তার সবচেয়ে বড়ো অবমাননা। অন্ধকার তাকে কেবল আপনার মধ্যেই বদ্ধ করে, আলোক তাকে সকলের সঙ্গে যোগযুক্ত করে রাথে।

ভারতের যেখানে অভাব, যেখানে অপমান, দেখানে সে বিশের সঙ্গে বিচ্ছিন্ন। এই অভাবই যদি তার একান্ত হত, ভারত যদি মধ্য-আফ্রিকা-খণ্ডের মতো সত্যই দৈক্যপ্রধান হত, তা হলে নিজের নিরবচ্ছিন্ন কালিমার মধ্যেই অব্যক্ত হয়ে থাকা ছাড়া তার আর গতি ছিল না।

কিন্তু রুঞ্পক্ষই ভারতের একমাত্র পক্ষ নয়, শুক্লপক্ষের আলোক থেকে বিধাতা তাকে বঞ্চিত করেন নি। সেই

আলোকের যোগেই দে আপন পূণিমার গৌরব নিথিলের কাছে উদ্ঘাটিত করবার অধিকারী।

বিশ্বভারতী ভারতের সেই আলোকসম্পদের বার্তাবহন ও ঘোষণ করবার ভার নিষেছে। যেখানে ভারতের অমাবস্থা সেখানে তার কার্পণ্য। কিন্তু একমাত্র সেই কার্পণ্যকে স্বীকার করেই কি সে বিশ্বের কাছে লচ্ছিত হয়ে থাকবে। যেখানে তার পূর্ণিমা সেথানে তার দাক্ষিণ্য থাকা চাই তো। এই দাক্ষিণ্যেই তার পরিচয়, সেইথানেই নিখিল বিশ্ব তার নিমন্ত্রণ স্বীকার করে নেবেই।

যার ঘরে নিমন্ত্রণ চলে না সেই তো একঘরে, সমাজে সেই চিরলাঞ্চিত। আমরা বিশ্বভারতীর পক্ষ থেকে বলতে চাই, ভারতে বিশ্বের সেই নিমন্ত্রণ বন্ধ হবার কারণ নেই। যারা অবিধাসী, যারা একমাত্র তার অভাবের দিকেই সমস্ত দৃষ্টিরেথেছে, তারা বলে, যতক্ষণ না রাজ্যে স্বাতন্ত্র্যা, বাণিজ্যে সমৃদ্ধি লাভ করব ততক্ষণ অবক্রা করে ধনীরা আমাদের নিমন্ত্রণ এহণ করবেই না। কিন্তু এমন কথা বলায় শুধু স্বদেশের অপমান তা নয়, এতে সর্বমানবের অপমান। বৃদ্ধদেব যথন অকিঞ্চনতা গ্রহণ করেই সত্যপ্রচারের ভার নিয়েছিলেন তথন তিনি এই কথাই সপ্রমাণ করেছিলেন যে, সত্য আত্মমহিমাতেই গৌরবান্বিত। স্থ্ আপন আলোকেই স্বপ্রকাশ; স্থাকরার দোকানে সোনার গিণ্টি না করালে তার মূল্য হবে না, ঘোরতর বেনের ম্থেও এ কথা শোভা পায় না।

যে স্বদেশাভিমান আমরা পশ্চিমের কাছ থেকে ধার করে নিয়েছি তারই মধ্যে রাজ্যবাণিজ্যগত সম্পদের প্রতি একান্ত বিশ্বাসপরতার অশুচিতা রয়ে গেছে। সেইজ্ঞেই আজকের দিনে ভারতবাদীও এমন কথাও বলতে লজা বোধ করে না যে, রাষ্ট্রীয় গৌরব সর্বাগ্রে, তার পরে সত্যের शोतव। कारना कारना भागाजा महाराम पर्य अरमहि, ধনের অভিমানেই দেখানকার সমস্ত শিক্ষা দীক্ষা সাধনাকে রাছগ্রন্থ করে রেখেছে। দেখানে বিপুল ধনের ভারাকর্ষণে মামুষের মাথা মাটির দিকে ঝুঁকে পড়েছে। পশ্চিমকে খোঁটা দিয়ে স্বজাতিদন্ত প্রকাশ করবার বেলায় আমরা যে মুখে সর্বদাই পশ্চিমের এই বস্তুলুক্কতার নিন্দা করে থাকি সেই মুথেই যথন সত্যসম্পদকে শক্তিসম্পদের পশ্চাদবর্তী করে রাথবার প্রস্তাব করে থাকি তথন নিশ্চয়ই আমাদের অগুভগ্রহ কৃটিল হাস্থা করে। যেমন কোনো কোনো শুচিতাভিমানী ব্রাহ্মণ অপাংক্রেয়ের বাড়িতে যে মুথে আহার করে আদে বাইরে এদে দেই মুখেই তার নিন্দা করে. এও ঠিক দেইমতো।

বিশ্বভারতীর কণ্ঠ দিয়ে এই কথাই আমরা বলতে চাই ষে, ভারতবর্ষে সভ্যসম্পদ বিনষ্ট হয় নি। না যদি হয়ে থাকে তা হলে সত্যের দায়িত্ব মানতেই হবে। ধনবানের ধন ধনীর একমাত্র নিজের হতে পারে, কিন্তু সভ্যবানের সভ্য বিশ্বের। সভ্যলাভের সঙ্গে সঙ্গেই ভার নিমন্ত্রণ-প্রচার আছেই। ঋষি যথনই বুঝালেন 'বেদাহমেতম'—

আমি একে জেনেছি, তগনই তাঁকে বলতে হল, 'শৃংস্ক বিখে অমৃতভ্য পুত্রাঃ' — তোমরা অমৃতের পুত্র, তোমরা সকলে ভবে যাও।

তোমরা সকলে শুনে যাও, পিতামহদের এই নিমন্ত্রণবাণী যদি আজ ভারতবর্ধে নীরব হয়ে থাকে তবে সাম্রাজ্যে স্বাধীনতা, বাণিজ্যে সমৃদ্ধি, কিছুতেই আমাদের আর গৌরব দিতে পারে না। ভারতে সত্যধন যদি লুপ্ত হয়ে থাকে তবেই বিশ্বের প্রতি তার নিমন্ত্রণের অধিকারও লুপ্ত হয়ে গেছে। আজকের দিনে যারা ভারতের নিমন্ত্রণে বিশ্বাসকরে না তারা ভারতের সত্যেও বিশ্বাস করে না। আমরা বিশ্বাস করি। বিশ্বভারতী সেই বিশ্বাসকে আমাদের স্বদেশবাসীর কাছে প্রকাশ করুক ও সর্বদেশবাসীর কাছে প্রকাশ করুক ও স্বাক্রণবাণী বিশ্বের কাছে ঘোষিত হোক। বিশ্বভারতীতে ভারতে আপনার সেই সম্পদ্কে উপলব্ধি করুক, যে সম্পদ্কে সর্বজনের কাছে দান করার দ্বারাই লাভ করা যায়।

প্ৰ. পোষ ১৩৩٠

50

আমি যথন এই শান্তিনিকেতনে বিভালয় স্থাপন করে এখানে ছেলেদের আনল্ম তথন আমার নিজের বিশেষ কিছু দেবার বা বলবার মতো ছিল না। কিন্তু আমার একান্ত ইচ্ছা ছিল যে, এখানকার এই প্রভাতের আলো, ভামল প্রান্তর, গাছপালা, যেন শিশুদের চিত্তক স্পর্শ করতে পারে। কারণ প্রকৃতির সাহচর্যে তরুণ চিত্তে আনন্দস্ঞারের দরকার আছে: বিশ্বের চারি দিককার রসাম্বাদ করা ও সকালের আলো সন্ধ্যার সূর্যান্তের সৌন্দর্য উপভোগ করার মধ্য দিয়ে শিশুদের জীবনের উন্মেষ আপনার থেকেই হতে থাকে। আমি চেয়েছিলম যে তারা অন্তব করুক যে, বমুন্ধরা তাদের ধাত্রীর মতো কোলে করে মাতৃষ করছে। তারা শহরের যে ইটকাঠপাথরের মধ্যে বধিত হয় সেই জডতার কারাগার থেকে তাদের মুক্তি দিতে হবে। এই উদ্দেশ্যে আমি আকাশ-আলোর অন্ধ-শায়ী উদার প্রান্তরে এই শিক্ষাকেন্দ্র স্থাপন করেছিল্ম। আমার আকাজ্ঞা ছিল যে, শান্তিনিকেতনের গাছপালা-পাথিই এদের শিক্ষার ভার নেবে। আর সেইসঙ্গে কিছ কিছু মান্তবের কাছ থেকেও এরা শিক্ষা লাভ করবে। কারণ, বিশ্বপ্রকৃতি থেকে বিচ্ছিন্ন করে যে শিক্ষা দেবার ব্যবস্থা আছে তাতে করে শিশুচিত্তের বিষম শ্বৃতি হয়েছে।

এই যোগবিচ্ছেদের দারা যে স্বাতম্ভ্রোর স্বাষ্ট হয় তাতে করে মাকুষের অকল্যাণ হয়েছে। পৃথিবীতে এই তৃর্ভাগ্য অনেক দিন থেকে চলে এসেছে। তাই আমার মনে হয়েছিল ধে, বিশ্বপ্রকৃতির সঙ্গে যোগস্থাপন করবার একটি অফুকৃল ক্ষেত্র তৈরি করতে হবে। এমনি করে এই বিভালয়ের প্রতিষ্ঠাহয়।

তথ্য আমার নিজের সহায় সম্বল কিছু ছিল না, কারণ আমি নিজে বরাবর ইন্ধুলমাস্টারকে এড়িয়ে চলেছি। বই-পড়া বিভা ছেলেদের শেখাব এমন হুঃসাহস ছিল না। কিন্তু আমাকে বাল্যকাল থেকে বিশ্বপ্রকৃতির বাণী মুগ্ধ করেছিল, আমি তার সঙ্গে একান্ত আত্মীয়তার যোগ অমুভব করেছি। বই পড়ার চেয়ে যে তার কত বেশি মূল্য, তা যে কতথানি শক্তি ও প্রেরণা দান করে, তা আমি নিজে জানি। আমি কতদিন একা মাদের পর মাদ বুনো হাঁদের পাড়ায় জীবন যাপন করেছি। এই বালুচরদের সঙ্গে জীবন্যাপনকালে প্রক্তির যা-কিছু দান তা আমি যতই অঞ্জলি ভরে গ্রহণ করেছি ততই আমি পেয়েছি, আমার চিত্ত ভরপুর হয়ে গেছে। তাই শিশুরা যে এথানে আনন্দে দৌড়চ্ছে, গাছে চড়ছে, কলহাস্তে আকাশ মুথর করে তুলছে— আমার মনে হয়েছে যে, এরা এমন-কিছু লাভ করেছে যা তুর্লভ। তাদের বিছার কী মার্কা মারা হল এটাই স্বচেয়ে বড়ো কথা নয়; কিন্তু তাদের চিত্তের পেয়ালা বিশ্বের অমৃতর্গে পরিপূর্ণ হয়ে গেছে, আনন্দে

উপচে উঠেছে, এই ব্যাপারটি বহুম্ল্য। এই হানি-গানআনন্দে গল্পে ভিতরে ভিতরে তাদের মনের পরিপুষ্টি
হয়েছে। অভিভাবকেরা হয়তো তা বুঝবেন না, বিশ্ববিভালয়ের পরীক্ষকেরা হয়তো তার জন্ম পাশের নম্বর
দিতে রাজি হবেন না, কিন্তু আমি জানি এ অভি
আদরণীয়। প্রকৃতির কোলে থেকে সরস্বতীকে মাতৃরূপে
লাভ করা, এ পরম সৌভাগ্যের কথা। এমনি করে আমার
বিভালয়ের স্ত্রপাত হল।

তার পর একটি ছার খুলে যাওয়াতে ভিতরের কপাট-গুলি উদ্ঘাটিত হতে লাগল। আদলে থোলবার জিনিস একটি, কিন্তু পাবার জিনিদ বহু। কিন্তু প্রথম ছারটি বন্ধ থাকলে ভিতরে প্রবেশ করবার উপায় থাকে না। প্রকৃতির আশ্রয় থেকে বঞ্চিত হবার মধ্যে যে ক্রন্তিম শিক্ষা দেটাই হল গোড়াকার দেই বন্ধনদশা যা ছিন্ন না করলে রসভাগুরে প্রবেশ করা হুঃসাধ্য। তাই মান্থয়ের ম্ভির উপায় হচ্ছে, প্রকৃতিকে ধাত্রী বলে স্বীকার করে নিয়ে তাঁরই আশ্রয়ে শিক্ষকতা লাভ করা। এই ম্ভির আদর্শ নিয়েই এই শিক্ষাকেন্দ্রের পত্তন হল।

এখানকার এই মৃক্ত বায়ুতে আমরা যে মৃক্তি পেয়ে গেলুম আজ তা গর্ব করে বলবার আছে। এতে করে আমাদের যে কত বন্ধনদশা ঘুচল, কত যে সংকীর্ণ সংস্কার দূর হল তা বলে শেষ করা যায় না। এখানে আমরা দ্ব মানুষকে আপনার বলে স্বীকার করতে শিথেছি, এখানে

মান্থবের পরস্পরের সম্বন্ধ ক্রমশ সহজ্ব ও স্বাভাবিক হয়ে গিয়েছে।

এটি যে পরম সৌভাগ্যের কথা তা আমাদের জানতে হবে। কারণ এ কথা আগেই বলেছি যে, মামুষের মধ্যে একটি মন্ত পীড়া হচ্ছে, তার লোকালয়ে একান্তভাবে অবরোধ। বিশ্বপ্রকৃতির থেকে বিচ্ছেদ তার চিত্তশক্তিকে থর্ব করে দিছে। কিন্তু তার চেয়েও মামুষের মধ্যে আর-একটি অস্বাভাবিকতা আছে— তা হচ্ছে এই যে, মামুষই মামুষের পরম শক্র। এটি খুব সাংঘাতিক কথা। এর মধ্যে যে তার কতথানি চিত্তসংকোচ আছে তা আমরা অভ্যাসবশত জানতে পারি না। স্বাজ্ঞাত্যের দক্তে আমরা কোণঠেসা হয়ে গেছি, বিশ্বের বিন্তীর্ণ অধিকারে আপনাদের বঞ্চিত করেছি। এই ভীষণ বাধাকে অপসারিত করতে হবে; আমাদের জানতে হবে যে, যেথানে মামুষের চিত্ত-সম্পদ আছে সেথানে দেশবিদেশের ভেদ নেই, ভৌগোলিক ভাগবিভাগ নেই। পর্বত অরণ্য মক্ষ, এরা মামুষের আত্মাকে কারাক্রম্ক করতে পারে না।

বাংলার যে মাটির ফদলে ধান হচ্ছে, যে মাটিতে গাছ বেড়ে উঠছে, সেই উপরিতলের মাটি হল বাংলাদেশের; কিন্তু এ কথা জানতে হবে যে, নিচেকার ভূমি পৃথিবীর দর্বত্র পরিব্যাপ্ত আছে, স্থতরাং এ জায়গায় দমল্ড বিশ্বের দলে তার গভীরতম নাড়ির যোগ। এই তার ধাত্রীভূমিটি যদি দার্বভৌমিক না হত তবে এমন করে বাংলার শ্রামলতা

দেখা দিত না। মাটি তুলে নিয়ে টবের ছোটো জায়গাতেও তো গাছ লাগানো যায়, কিন্তু তাতে করে যথেষ্ট ফললাভ হয় না। বড়ো জায়গার যে মাটি তাতেই যথার্থ ফদল উৎপন্ন হয়। ঠিক তেমনি অন্তরের ক্ষেত্রে আমরা যেথানে বিশ্বকে অস্বীকার করছি, বলছি যে তার থেকে বিচ্ছিন্ন হয়েও বড়ো হওয়া যায়, দেখানেই আমরা মস্ত ভূল করছি।

পৃথিবীতে যেখানে সভ্যতার নানা ধারা এসে মিলিত হয়েছে পেথানেই জ্ঞানের তীর্থভূমি বিরচিত হয়েছে। দেখানে নানা দিক থেকে নানা জাতির সমাবেশ হওয়াতে একটি মহামিলন ঘটেছে। গ্রীস রোম প্রভৃতি বড়ো সভ্যতার মধ্যে নানা জ্ঞানধারার সম্মিলন ছিল, তাই তা একঘরে হয়ে ইতিহাসে প্রচ্জন হয়ে থাকে নি। ভারতবর্ষের সভ্যতাতেও তেমনি আর্য দ্রাবিড় পারসিক প্রভৃতি নানা বিচিত্র জাতির মিলন হয়েছিল। আমাদের এই সমহয়কে মানতে হবে। পৃথিবীর ইতিহাসে যারা বর্বর তারাই সবচেয়ে স্বতন্ত্র; তারা নৃতন লোকদের স্বদেশে প্রবেশ করতে দেয় নি, বর্ণ ভাষা প্রভৃতির বৈষম্য যথনই দেখেছে তথনই তা দোষের বলে বিষবাণ প্রয়োগ করে মারতে গিয়েছে।

আজকার দিনে বিশ্বমানবকে আপনার বলে স্বীকার করবার সময় এসেছে। আমাদের অন্তরের অপরিমেয় প্রেম ও জ্ঞানের দ্বারা এই কথা জানতে হবে যে, মানুষ শুধু

কোনো বিশেষ জাতির অন্তর্গত নয়; মাহুষের সবচেয়ে বডো পরিচয় হচ্ছে— সে মাহুষ। আজকার দিনে এই কথা বলবার সময় এসেছে যে, মাহুষ সর্বদেশের সর্বকালের। তার মধ্যে কোনো জাতীয়তা বা বর্ণভেদ নেই। সেই পরিচয়সাধন হয় নি ব'লেই মাহুষ আজ অপরের বিত্ত আহরণ করে বড়ো হতে চায়। সে আপনাকে মারছে, অন্তর্কে মারতে তার হাত কম্পিত হচ্ছে না— সে এতবড়ো অপকর্ম করতে সাহস্পাচ্ছে।

ভারতবর্ধ তার জাতরক্ষা করবার স্থপক্ষে কি পাশ্চাত্য দেশের নজির টেনে আনবে। আমরা কি এ কথা ভূলে গেছি যে, যুরোপ ও আমেরিকা আপন আপন আশনালিজ্মের ভিত্তিপত্তন করে যে বিরাট প্রাচীর নির্মাণ করেছে আমাদের দেশে তেমন ভিত্তিপত্তন কথনও হয় নি। ভারতবর্ধ এই কথা বলেছিল যে, যিনি বিশ্বকে আপনার বলে উপলব্ধি করতে পেরেছেন তিনিই যথার্থ সত্যকে লাভ করেছেন। তিনি অপ্রকাশ থাকেন না; 'ন ততো বিজ্ঞুপতে', তিনি সর্বলোকে সর্বকালে প্রকাশিত হন। কিন্তু যারা অপ্রকাশ, যারা অন্যকে স্বীকার করল না, তারা কথনও বড়ো হতে পারল না, ইতিহাসে তারা কোনো বড়ো সত্যকে রেথে যেতে পারল না। তাই কার্থেজ ইতিহাসে বিলুপ্ত হয়ে গেছে। কার্থেজ বিশ্বের সমস্ত ধনরত্ব দোহন করতে চেয়েছিল। স্বতরাং সে এমন-কিছু সম্পদ্রেথে যায় নি যার দ্বারা ভবিয়ৎ যুগের মায়্বের পাথেয়

বিশভাৰতী

রচনা হয়। তাই ভেনিসও কোনো বাণী রেখে যেতে পারল না। সে কেবলই বেনের মতো নিয়েছে, জমিয়েছে, কিছুই দিয়ে যেতে পারল না। কিন্তু মাক্র্য যথনই বিশ্বে আপনার জ্ঞানের ও প্রেমের অধিকার বিস্তৃত করতে পেরেছে তথনই সে আপন সত্যকে লাভ করেছে, বড়ো হয়েছে।

প্রথমে আমি শান্তিনিকেতনে বিছালয় স্থাপন ক'রে এই উদ্দেশ্যে ছেলেদের এখানে এনেছিলুম যে, বিশ্বপ্রকৃতির উদার ক্ষেত্রে আমি এদের মুক্তি দেব। কিন্তু ক্রমশ আমার মনে হল যে, মান্তবে মান্তবে যে ভীষণ ব্যবধান আছে তাকে অপসারিত ক'বে মাত্র্যকে সর্বমানবের বিরাট লোকে মুক্তি দিতে হবে। আমার বিভালয়ের পরিণতির ইতিহাসের সঙ্গে দেই আন্তরিক আকাজ্জাটি অভিব্যক্ত হয়েছিল। কারণ বিশ্বভারতী নামে যে প্রতিষ্ঠান তা এই আহ্বান নিয়ে স্থাপিত হয়েছিল যে, মানুষকে শুধু প্রকৃতির ক্ষেত্রে নয়, किन्छ भाक्रस्यत भरधा मुक्ति निष्ण श्रव। निष्मत परतत-নিজের দেশের মধ্যে যে মুক্তি তা হল ছোটো কথা; তাতে করে সত্য খণ্ডিত হয়, আর সেজন্মই জগতে অশান্তির স্ঞ্চি হয়। ইতিহাসে বারে বারে পদে পদে এই সত্যের বিচ্যুতি হয়েছে ব'লে মামুষ পীড়িত হয়েছে, বিদ্রোহানল জ্বালিয়েছে। মানুষে মানুষে যে সত্য--- 'আগুবং সর্বভূতেষু যঃ পশুতি দ পশ্যতি', এই কথার মধ্যে যে বিশ্বজনীন দত্য আছে তা মাত্রষ মানে নি. স্বদেশের গণ্ডিতে আপনাদের আবদ্ধ

করেছে। মান্ত্র্য যে পরিমাণে এই ঐক্যকে স্বীকার করেছে সে পরিমাণে সে যথার্থ সত্যকে পেয়েছে, আপনার পূর্ণ-পরিচয় লাভ করেছে।

এ কথা আজকার দিনে যদি আমরা না উপলব্ধি করি তবে কি তার দণ্ড নেই। মামুষের এই বড়ো সভ্যের অপলাপ হলে যে বিষম ক্ষতি, তা কি আমাদের জানতে হবে না। মান্ত্ৰ মান্ত্ৰকে পীড়া দেয় এত বড়ো অন্তায় আচরণ আমাদের নিবারণ করতে হবে. বিশ্বভারতীতে আমরা দেই দত্য স্বীকার করব বলে এদেছি। অক্সেরা যে কাজেরই ভার নিন-না— বণিক বাণিজ্যবিস্তার ক্রুন, ধনী ধনসঞ্চয় করুন, কিন্তু এখানে সর্বমানবের যোগসাধনের সেতু রচিত হবে। অতিথিশালার দার খুলবে, যার চৌমাথায় দাঁড়িয়ে আমরা দকলকে আহ্বান করতে কুন্তিত হব না। এই মিলনক্ষেত্রে আমাদের ভারতীয় সম্পদ্কে ভূললে চলবে না, সেই ঐশ্বর্যের প্রতি একাস্ত আন্থা স্থাপন করে তাকে শ্রদায় গ্রহণ করতে হবে। বিক্রমাদিতা উচ্জয়িনীতে সে প্রাসাদসৌধ নির্মাণ করেছিলেন আজ'তো তার কোনো চিহ্ন নেই; ঐতিহাসিকেরা তাঁর গোষ্ঠীগোত্তের আজ পর্যন্ত মীমাংদা করতে পারল না। কিন্তু কালিদাস যে কাব্য রচনা করে গেছেন তার মধ্যে কোনো স্থানবিচার নেই; তা তো শুধু ভারতীয় নয়, তা যে চিরস্তন সর্বদেশের সর্বকালের সম্পদ হয়ে রইল। যথন স্বাই বলবে যে, এটা আমার, আমি পেলুম, তখনই তা যথার্থ দেওয়া হল।

এই-যে দেবার অধিকার লাভ করা, এর জল উৎসাহ চাই, সাধনার উত্থম চাই। আমাদের রূপণতা করলে চলবে না। কোনো বড়ো সম্পদ্কে গ্রহণ ও প্রচার করতে হলে বিপুল আনন্দে সমস্ত আঘাত অপমান সহ্ছ করে অকাতরে সব ত্যাগ করতে হবে। পৃথিবীর দেয়ালি-উৎসবে ভারতের যে প্রদীপ জলবে সেই প্রদীপশিথার যেন অস্বীকৃতি না ঘটে, বিদ্রপের ঘারা যেন তাকে আচ্ছন্ন না করি। আত্ম-প্রকাশের পথ অবারিত হোক, ত্যাগের ঘারা আনন্দিত হও।

আজকার উৎসবের দিনে আমাদের এই প্রার্থনা যে, সকল অন্ধকার ও অসত্য থেকে আমাদের জ্যোতিতে নিয়ে যাও— দোনা-হীরা-মাণিক্যের জ্যোতি নয়, কিন্তু অধ্যাত্ম-লোকের জ্যোতিতে নিয়ে যাও। ভারতবর্ষ আজ এই প্রার্থনা জানাচ্ছে যে, তাকে মৃত্যু থেকে অমৃতলোকে নিয়ে যাও। আমরা অকিঞ্চন হলেও তবু আমাদের কণ্ঠ থেকে সকল মায়্র্যের জল্ল এই প্রার্থনা ধ্বনিত হোক। আননন্দ্ররূপ, তোমার প্রকাশ পূর্ণ হোক। রুল্ল, তোমার রুল্ভার মধ্যে অনেক ছঃখদারিল্র্য আছে— আমরা যেন বলতে পারি যে, সেই ঘন মেঘের আবরণ ভেদ করেও তোমার দক্ষিণ মৃথ দেখেছি। 'বেদাহম্'— জেনেছি। 'আদিত্যবর্ণং তমদঃ পরস্তাং'— অন্ধকারেই ওপার থেকে দেখেছি জ্যোতির রূপ। তাই অন্ধকারকে আর ভয় করি নে। যে অন্ধকার নিজেদের ছোটো গণ্ডির মধ্যেই

আমাদের ছোটো পরিচয়ে আবদ্ধ করে তাকে স্বীকার করি নে। যে আলো দকলের কাছে আমাদের প্রকাশ করে এবং দকলকে আমাদের কাছে প্রকাশ করে আমরা তারই অভিনন্দন করি।

৭ পৌষ ১৩৩০ শান্তিনিকেতন আজ আমার আর একবার আশ্রম থেকে দূরে যাবার সময় উপস্থিত হয়েছে, হয়তো কিছু দীর্ঘকালের জন্তে এবার বিদেশে আমাকে কাটাতে হবে। যাবার পূর্বে আর একবার এই আশ্রম সম্বন্ধে, এই কর্ম সম্বন্ধে আমাদের যা কথা আছে তা স্থম্পন্ত করে বলে যেতে চাই।

আজ আমার চোথের সামনে আমাদের আশ্রমের এই বর্তমান ছবি— এই ছাত্রনিবাদ, কলাভবন, গ্রন্থাগার, অতিথিশালা, দব স্বপ্রের মতো মনে হচ্ছে! ভাবছি, কী করে এর আরম্ভ, এর পরিণাম কোথায়। সকলের চেয়ে এইটেই আশ্রুর্য যে, যে লোক একেবারে অর্থোগ্য— মনে করবেন না এ কোনোরকম করিম বিনয়ের কথা— তাকে দিয়ে এই কাজ সাধন করে নেবার বিধান। ছাত্রদের যেদিন এথানে আহ্বান করলুম দেদিন আমার হাতে কেবল যে অর্থ ছিল না তা নয়, একটা বড়ো ঋণভারে তথন আমি একান্ত বিপন্ন। তা শোধ করবার কোনো উপায় আমার ছিল না। তার পরে বিভাশিক্ষা দেওয়া সম্বন্ধে আমার যে কত অক্ষমতা ছিল তা সকলেই জানেন। আমি ভালো করে পড়ি নি, আমাদের দেশে যে শিক্ষা-প্রণালী প্রচলিত ছিল তার সঙ্গে আমার পরিচয় ছিল না। দব রক্মের অ্যোগ্যতা এবং দৈশ্ত নিয়ে কাজে নেমেছিলুম।

এর আরম্ভ অতি ক্ষীণ এবং তুর্বল ছিল, গুটি-পাঁচেক ছাত্র ছিল। ছাত্রদের কাছ থেকে বেতন নিতৃম না; ছেলেদের অন্নবস্ত্র, প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী যেমন করে হোক আমাকেই জোগাতে হত, অধ্যাপকদের সাংসারিক অভাব মোচন করতে হত। বৎসরের পর বৎসর যায়, অর্থাভাব সমানই রইল, বিভালয় বাড়তে লাগল। দেখা গেল, বেতন না নিলে বিভালয় রক্ষা করা যায় না। বেতনের প্রবর্তন হল; কিন্তু অভাব দূর হল না। আমার গ্রন্থের স্বত্ব কিছু করে বিক্রয় করতে হল। এদিকে ওদিকে ত্বকটা যা সম্পত্তি ছিল তা গেল, অলংকার বিক্রয় করল্ম— নিজের সংসারকে রিক্ত করে কাজ চালাতে হল। কী তৃঃসাহসে তথন প্রবৃত্ত হয়েছিল্ম জানি নে। স্বপ্নের ঘোরে যে মানুষ তুর্গম পথে ঘুরে বেড়িয়েছে সে যেমন জেগে উঠে কেঁপে ওঠে, আজ পিছন দিকে যথন তাকিয়ে দেখি তখন আমারও সেই রক্মের হৎকম্প হয়।

অথচ এটি সামান্তই একটি বিভালয় ছিল। কিন্তু এই সামান্ত ব্যাপারটি নিয়েই আবাল্যকালের সাহিত্যসাধনাও আমাকে অনেক পরিমাণে বর্জন করতে হল। এর কারণ কী, এত আকর্ষণ কিসের। এই প্রশ্নের যে উত্তর আমার মনে আসছে সেটা আপনাদের কাছে বলি। অতি গভীরভাবে নিবিড্ভাবে এই বিশ্বপ্রকৃতিকে শিশুকাল থেকে আমি ভালোবেসেছি। আমি থুব প্রবলভাবেই অন্তভব করেছি যে, শহরের জীবন্যাত্রা আমাদের চার দিকে যন্ত্রের প্রাচীর

कुटन निरंश विरश्वत मरक आभारनत विरुक्त घिरश निरंश है। এখানকার আশ্রমে, প্রকৃতির প্রাণনিকেতনের উন্মক্ত প্রাঙ্গণে, বসন্ত-শরতের পুজ্পোৎসবে ছেলেদের যে স্থান করে দিয়েচি তারই আনন্দে তুঃদাধ্য ত্যাগের মধ্যে আমাকে ধরে রেখেচিল। প্রক্রতিমাতা যে অমৃত পরিবেশন করেন সেই অমৃত গানের সঙ্গে মিলিয়ে নানা আনন্দ-অফুষ্ঠানের মধ্যে ফলিয়ে এদের সকলকে বিভরণ করেছি। এরই সফলতা প্রতিদিন আমাকে উৎসাহ দিয়েছে। আর যে একটি কথা অনেক দিন থেকে আমার মনে জেগে ছিল সে হচ্ছে এই যে, ছাত্র ও শিক্ষকের সম্বন্ধ অত্যস্ত সত্য হওয়া দরকার। মানুষের পরস্পারের মধ্যে সকল প্রকার ব্যাপারেই দেনাপাওনার সম্বন্ধ। কথনও বেতন দিয়ে, কথনও ত্যাগের বিনিময়ে, কথনও-বা জ্বরদন্তির দারা মাত্র্য এই দেওয়া-নেওয়ার প্রবাহকে দিনরাত চালিয়ে রাথছে। বিছা যে দেবে এবং বিছা যে নেবে তাদের উভয়ের মাঝথানে যে দেতু দেই দেতুটি হচ্ছে ভক্তিন্নেহের সম্বন্ধ। সেই আত্মীয়তার সম্বন্ধ না থেকে যদি কেবল শুদ কর্তব্য বা ব্যবসায়ের সমন্ধই থাকে তা হলে যারা পায় তারা হতভাগ্য, যারা দেয় তারাও হতভাগ্য। সাংসারিক অভাবমোচনের জন্ম বাহিরের দিক থেকে শিক্ষককে বেতন নিতে হয়, কিন্তু তাঁর অন্তরের সম্বন্ধ সত্য হওয়া চাই। এ আদর্শ আমাদের বিগালয়ে দেদিন অনেক দুর পর্যস্ত চালাতে পেরেছিলুম। তথন শিক্ষকেরা ছাত্রদের

সঙ্গে একসঙ্গে বেড়িয়েছেন, খেলা করেছেন, তাদের সংশ্ব তাঁদের সংশ্ব ঘনিষ্ঠ ছিল। ভাষা কি ইতিহাস কি ভূগোল নৃতন উৎক্লষ্ট প্রণালীতে কী শিথিয়েছি না-শিথিয়েছি জ্ঞানি নে, কিন্তু যে জিনিসটাকে কোনো বিভালয়ে কেউ অত্যাবশ্যক বলে মনে করে না, অথচ যা সবচেয়ে বড়ো জিনিস, আমাদের বিভালয়ে তার স্থান হয়েছে মনে করে আনন্দে অক্যসকল অভাব ভূলে ছিল্ম।

ক্রমে আমাদের সেই অতি ছোটো বিভালয় বড়ো হয়েছে। ভারতবর্ষের অন্যান্ত প্রদেশ থেকে আপনারা অনেকে সমাগত হয়েছেন, ছাত্ররাও বিভিন্ন প্রদেশ থেকে এসেছে। ক্রমে এর সীমা আরও দ্রে প্রসারিত হল, বিদেশ থেকে বন্ধুরা এসে এই কাজে যোগ দিলেন। যা প্রচ্ছন্ন ছিল তা কোনোদিন যে এমন ব্যাপকভাবে প্রকাশমান হবে তা কথমও ভাবি নি।

আমরা চেষ্টা করি নি, আমরা প্রত্যাশা করি নি।

চিরদিন অল্প আয়োজন এবং অল্প শক্তিতেই আমরা
একান্তে কাজ করেছি। তবু আমাদের এই প্রতিষ্ঠান
যেন নিজেরই অন্তর্গৃঢ় স্বভাব অন্তর্গণ করে বিশ্বের ক্ষেত্রে
নিজেকে ব্যক্ত করেছে। পাশ্চাত্য দেশের যেসব মনীষী
এথানে এসেছিলেন— লেভি, উইন্টার্নিট্জ, লেস্নি, তাঁরা
যে এমন কিছু এথানে পেয়েছিলেন যা বাংলাদেশের কোণের
মধ্যে বদ্ধ নয়, তা থেকে ব্রুতে পারি এথানে কোনো
একটি সত্যের প্রকাশ হ্য়েছে। তাঁরা যে আননদ যে

শ্রদ্ধা যে উৎসাহ অমৃতব করে গেছেন তা যে এগানে আমাদের সকলের মধ্যে ক্তি পাছে তা নয়— তৎসত্তেও এথানকার বাতাদের মধ্যে এমন কোনো একটা সার্থকতা আছে যার স্পর্শে দ্রাগত অতিথিরা অন্তরঙ্গ স্থন্তন হয়ে উঠেছেন— যারা কিছুদিনের জন্মে এসেছিলেন তাঁদের সঞ্চে চিরকালের যোগ ঘটেছে।

আজ ভেদবৃদ্ধি ও বিদ্বেষ্বৃদ্ধি সমস্ত পৃথিবীতে আগুন লাগিয়েছে, মাহুষে মাহুষে এমন জগদ্ব্যাপী প্রমশক্তার সংঘাত প্রাচীন ইতিহাদে নেই। দেশে দেশান্তরে এই আগুন ছডিয়ে গেল। প্রাচ্য মহাদেশে আমরা বহু শতান্দী ঘুমিয়ে ছিলুম, আমরা যে জাগলুম দে এরই আঘাতে। জাপান মার থেয়ে জেগেছে। ভারতবর্ষ থেকে প্রেমের দৌত্য একদিন তাকে জাগিয়েছিল, আজ লোভ এদে ঘা দিয়ে ভয়ে তাকে জাগিয়েছে। লোভের দন্তের ঘা থেয়ে যে জাগে দে অন্যকেও ভয় দেখায়। জাপান কোরিয়াকে মারলে, চীনকে মারতে গিয়েছিল।

মান্থবের আজ কী অসহ বেদনা। দাসত্বে ব্রতী হয়ে কত কলে সে ক্লিষ্ট হচ্ছে— মান্থবের পূর্ণতা সর্ব্য পীড়িত। মন্থাত্বের এই-যে থর্বতা, সমস্ত পৃথিবী জুড়ে যন্ত্রদেবতার এই-যে পূজা, এই-যে আত্মহত্যা, পৃথিবীর কোথাও একে নিরস্ত করবার প্রয়াস কি থাকবে না। আমরা দরিদ্র, অক্য জাতির অধীন, তাই বলেই কি মান্থ্য তার সত্য সম্পদ আমাদের কাছ থেকে নেবে না। যদি সাধনা সত্য

হয়, অস্তুরে আমাদের বাণী থাকে, তবে মাথা হেঁট করে দকলকে নিতেই হবে।

একদিন বৃদ্ধ বললেন, 'আমি সমস্ত মান্নবের তৃঃখ
দ্ব করব।' তৃঃখ তিনি সত্যই দ্ব করতে পেরেছিলেন
কি না সেটি বড়ো কথা নয়; বড়ো কথা হচ্ছে, তিনি
এটি ইচ্ছা করেছিলেন, সমস্ত জীবের জন্ম নিজের জীবনকে
উৎসর্গ করেছিলেন। ভারতবর্ধ ধনী হোক, প্রবল হোক,
এ তাঁর তপস্থা ছিল না; সমস্ত মান্নবের জন্ম তিনি সাধনা
করেছিলেন। আজ ভারতের মাটিতে আবার সেই
সাধনা জেগে উঠুক সেই ইচ্ছাকে ভারতবর্ধ থেকে কি
দ্ব করে দেওয়া চলে। আমি যে বিশ্বভারতীকে এই ভাবের
দ্বারা অন্প্রাণিত করতে পারি নি সে আমার নিজেরই
দৈন্য— আমি যদি সাধক হতুম, সে একাগ্রতার শক্তি
যদি আমার থাকত, তবে সব আপনিই হত। আজ অত্যস্ত
নম্রভাবে সান্ননের আপনাদের জানাচ্ছি, আমি অযোগ্য,
তাই এ কাজ আমার একলার নয়, এ সাধনা আপনাদের
সকলের। এ আপনাদের গ্রহণ করতে হবে।

বিদেশে যথন যাই তথন সর্বমান্থবের সম্বন্ধে আমাদের দেশে চৈতত্যের যে ক্ষীণতা আছে তা ভুলে যাই, ভারতের যজ্ঞক্ষেত্রে সকলকে আহ্বান করি। ফিরে এসে দেখি— এখানে সে বৃহৎ ভূমিকা কোথায়, বৃহৎ জগতের মাঝখানে যে আমরা আছি সে দৃষ্টি কোথায়! আমার শক্তি নেই, কিন্তু মনে ভরদা ছিল— বিশ্বের মর্মন্থান থেকে যে ডাক

এসেছে তা অনেকেই শুনতে পাবে, অনেকে একত্র মিলিত হবে। সেই বোধের বাধা আমাদের আশ্রম থেকে যেন দর্বপ্রয়ত্তে দর করি, রিপুর প্রভাব-জনিত যে হঃথ তা থেকে যেন বাঁচি। হয়তো আমাদের সাধনা সিদ্ধ হবে. হয়তো হবে না। আমি গীতার কথা অন্তরের সঙ্গে মানি —ফলে লোভ করলে আপনাকে ভোলাব, **অ**ন্তক ভোলাব। আমাদের কাজ বাইরে থেকে থুবই সামান্ত— ক'টিই বা আমাদের ছাত্র, ক'টিই বা বিভাগ, কিন্তু অন্তরের দিক থেকে এর অধিকারের সীমা নেই। আমাদের সকলের সম্মিলিত চিত্ত সেই অধিকারকে দৃঢ় করুক, সেই অধিকারকে অবলম্বন করে বিচিত্র কল্যাণের সৃষ্টি করুক-দেই স্প্রি আনন্দ এবং তপোতঃথ আমাদের হোক। চোটো চোটো মতের অনৈক্য, স্বার্থের সংঘাত ভূলে গিয়ে সাধনাকে আমরা বিশুদ্ধ রাথব সেই উৎসাহ আমাদের আস্থক। আমার নিজের চিত্তের তেজ যদি বিশুদ্ধ ও উজ্জ্বল থাকত তা হলে আমি গুরুর আসন থেকে এই দাবি করতম। কিন্তু আমি আপনাদের দঙ্গে এক পথেরই পথিক মাত্র; আমি চালনা করতে পারি নে, চাই নে। আপনারা জানেন, আমার যা দেবার তা দিয়েছি, কুপণতা করি নি। তাই আপনাদের কাচ থেকে ভিক্ষা করবার অধিকার আমার আজ হয়েছে।

১৭ ভাদ্র ১৩৩১

শাস্তিনিকেতন

১২

একদিন আমাদের এখানে যে উল্লোগ আরম্ভ হয়েছিল সে অনেক দিনের কথা। আমাদের একটি পূর্বতন ছাত্র मिनिकात रेजिशास्त्र এकि थ छकामारक करमकि। চিঠিপতা ও মুদ্রিত বিবরণীর ভিতর দিয়ে আমার সামনে এনে দিয়েছিল। সেই ছাত্রটি এই বিভায়তনের প্রতিষ্ঠা থেকেই এর দঙ্গে যুক্ত ছিল। কাল রাত্রে দেদিন-কার ইতিকথার ছিন্নলিপি যথন পড়ে দেখছিলুম তথন মনে পড়ল, কী ক্ষীণ আরম্ভ, কত তুচ্ছ আয়োজন। সেদিন যে মূর্তি এই আশ্রমের শালবীথিচ্ছায়ায় দেখা দিয়েছিল, আজকের দিনের বিশ্বভারতীর রূপ তার মধ্যে এতই প্রচ্ছন্ন ছিল যে, দে কারও কল্পনাতেও আদতে পারত না। এই অনুষ্ঠানের প্রথম স্থচনা-দিনে আমরা আমাদের পুরাতন আচার্যদের আহ্বানমন্ত্র উচ্চারণ করেচিলেম— যে মস্ত্রে তাঁরা সকলকে ডেকে বলেছিলেন 'আয়ন্ত সর্বতঃ সাহা'; বলেছিলেন 'জলধারাসকল ষেমন সমুদ্রের মধ্যে এসে মিলিত হয়, তেমনি করে সকলে এখানে মিলিত হোক।' তাঁদেরই আহ্বান আমাদের কর্চে ধ্বনিত रल. किन्छ क्षीनकर्छ। मिनिन मिरे तिनमञ्ज-आवृद्धित ভিতরে আমাদের আশা ছিল, ইচ্ছা ছিল। কিন্তু আজ যে প্রাণের বিকাশ আমরা অহুভব করছি, স্বস্পইভাবে সেটা

বিশভারতী

আমাদের গোচর ছিল না। এই বিভালয়ের প্রক্তন অস্তঃস্তর থেকে সভ্যের বীজ আমার জীবিতকালের মধ্যেই অঙ্করিত হয়ে বিশ্বভারতী রূপে বিস্তার লাভ করবে. ভর্মা করে এই কল্পনাকে সেদিন মনে স্থান দিতে পারি নি। কোনো একদিন বিরাট ভারতবর্ধ এই আশ্রমের মধ্যে আসন পাতবে, এই ভারতবর্ষ— যেখানে নানা জাতি নানা বিতা নানা সম্প্রদায়ের সমাবেশ— সেই ভারতবর্ষের সকলের জন্মই এথানে স্থান প্রশস্ত হবে, সকলেই এথানে আতিথ্যের অধিকার পাবে, এখানে পরস্পরের সন্মিলনের মধ্যে কোনো বাধা কোনো আঘাত থাকবে না. এই সংকল্প আমার মনে ছিল। তথন একান্ত মনে এই ইচ্ছা করে-চিলেম যে, ভারতবর্ষের আর সর্বত্রই আমরা বন্ধনের রূপ দেখতে পাই, কিন্তু এখানে আমরা মুক্তির রূপকেই যেন ম্পষ্ট দেখি। যে বন্ধন ভারতবর্ধকে জর্জরিত করেছে দে তো বাইরে নয়, সে আমাদেরই ভিতরে। যাতেই বিচ্ছিন্ন करत छाटे य वसन। य कात्राक्रफ स विष्ठित वरलटे বনী। ভেদবিভেদের প্রকাণ্ড শৃঙ্খলের অসংখ্য চক্র সমস্ত ভারতবর্ধকে ছিল্লবিচ্ছিলতায় পীডিত ক্লিষ্ট করে রেখেছে. আত্মীয়তার মধ্যে মানুসের যে মুক্তি সেই মুক্তিকে প্রত্যেক পদে বাধা দিচ্ছে, পরস্পরবিভিন্নতাই ক্রমে পরস্পর-বিরোধিতার দিকে আমাদের আকর্ষণ করে নিয়ে যাচ্ছে। এক প্রদেশের সঙ্গে অন্ত প্রদেশের অনৈক্যকে আমরা রাষ্ট্রনৈতিক বক্তৃতামঞ্চে বাক্যকুহেলিকার মধ্যে ঢাকা

দিয়ে রাথতে চাই, কিন্তু জীবনের ক্ষেত্রে পরস্পরসম্বন্ধে ঈর্বা অবজ্ঞা আত্মপরভেদবৃদ্ধি কেবলই যথন কণ্টকিত হয়ে ওঠে তথন সেটার সম্বন্ধে আমাদের লজ্জাবোধ পর্যন্ত থাকে না। এমনি করে পরস্পরের সঙ্গে সহযোগিতার আশা দ্রে থাক্, পরস্পরের মধ্যে পরিচয়ের পথও স্থগভীর উদাসীন্তার দ্বারা বাধাগ্রন্ত।

যে অন্ধকারে ভারতবর্ষে আমরা পরস্পরকে ভালো করে দেখতে পাই নে, সেইটেই আমাদের সকলের চেয়ে ঘুর্বলতার কারণ। রাতের বেলায় আমাদের ভয়ের প্রবৃত্তি প্রবল হয়ে ওঠে, অথচ সকালের আলোতে সেটা দ্র হয়ে যায়। তার প্রধান কারণ, সকালে আমরা সকলকে দেখতে পাই, রাত্রে আমরা নিজেকে স্বতন্ত্র করে দেখি। ভারতবর্ষে দেই রাত্রি চিরন্তন হয়ে রয়েছে। মুসলমান বলতে কী বোঝায় তা সম্পূর্ণ ক'রে, আপনার ক'রে, অর্থাৎ রাম-মোহন রায় যেমন ক'রে জানতেন, তা খুব অল্প হিন্দুই জানেন। হিন্দু বলতে কী বোঝায় তাও বড়ো ক'রে, আপনার ক'রে, অর্থাৎ দারাশিকো একদিন যেমন ক'রে বুঝেছিলেন, তাও অল্প মুসলমানই জানেন। অথচ এইরকম গভীর ভাবে জানার ভিতরেই পরস্পরের ভেদ ঘোচে।

কিছুকাল থেকে আমরা কাগজে পড়ে আসছি, পঞ্চাবে জকালি শিখ সম্প্রদায়ের মধ্যে একটি প্রবল ধর্ম-আন্দোলন জেগে উঠেছে, যার প্রবর্তনায় তারা দলে দলে নির্ভয়ে বধ-বন্ধনকে স্বীকার করেছে। কিন্তু অন্ত শিথদের সঙ্গে তাদের

পার্থক্য কোথায়, কোন্ধানে তারা এত প্রচণ্ড আঘাত পেয়েছে, ও কোন্ সত্যের প্রতি শ্রদ্ধাবশত তারা দেই আঘাতের সঙ্গে প্রাণাস্তকর সংগ্রাম করে জয়ী হয়েছে, সে সম্বন্ধে আমাদের দরদের কথা দ্রে যাক্— আমাদের জিজ্ঞাসার্ত্তি পর্যন্ত জাগে নি। অথচ কেবলমাত্র কথার জােরে এদের নিয়ে রাষ্ট্রীয় এক্যতন্ত্র স্বৃষ্টি করব বলে কল্পনা করতে কোথাও আমাদের বাধে না। দাক্ষিণাত্যে যথন মোপ্লা-দৌরাত্ম্য নিষ্ঠ্র হয়ে দেখা দিল তথন সে সম্বন্ধে বাংলাদেশে আমরা দে পরিমাণেও বিচলিত হই নি যতটা হলে তাদের ধর্ম সমাজ ও আর্থিক কারণ ঘটিত তথ্য জানবার জন্ম আমাদের জ্ঞানগত উত্তেজনা জন্মাতে পারে। অথচ এই মালাবারের হিন্দু ও মোপ্লাদের নিয়ে মহাজ্ঞাতিক ঐক্য স্থাপন করা সম্বন্ধে অন্তত্ত বাক্যগত সংকল্প আমরা সর্বদাই প্রকাশ করে থাকি।

আমাদের শাল্পে বলে, অবিভা অর্থাৎ অজ্ঞানের বন্ধনই বন্ধন। এ কথা সকল দিকেই থাটে। যাকে জানি নে তার সম্বন্ধেই আমরা যথার্থ বিচ্ছিন্ন। কোনো বিশেষ দিনে তাকে গলা জড়িয়ে আলিঙ্গন করতে পারি, কেননা সেটা বাহা; তাকে বন্ধু সম্ভাষণ ক'রে অশ্রুপাত করতে পারি, কেননা সেটাও বাহা; কিন্তু 'উৎসবে ব্যসনে চৈব ছন্ডিক্ষে রাষ্ট্রবিপ্লবে রাজ্বারে শ্রুশানে চ' আমরা সহজ্ব প্রীতির অনিবার্য আকর্ষণে তাদের সঙ্গে সাযুক্তা রক্ষা করতে পারি নে। কারণ, যাদের আমরা নিবিড্ডাবে জানি

তারাই আমাদের জ্ঞাতি। ভারতবর্ষের লোক পরস্পারের সম্বন্ধে যথন মহাজ্ঞাতি হবে তথনই তারা মহাজ্ঞাতি হতে পারবে।

সেই জানবার সোপান তৈরি করার দ্বারা মেলবার শিখরে পৌছবার সাধনা আমরা গ্রহণ করেছি। একদা যেদিন স্থহদবর বিধুশেখর শাস্ত্রী ভারতের সর্ব সম্প্রদারের বিছাগুলিকে ভারতের বিছাক্ষেত্রে একত্ত করবার জন্ম উভোগী হয়েছিলেন তথন আমি অত্যন্ত আনন্দ ও উৎসাহ বোধ করেছিলেম। তার কারণ, শাস্ত্রীমশায় প্রাচীন ব্রাহ্মণ-পণ্ডিতদের শিক্ষাধারার পথেই বিহালাভ করেছিলেন। হিন্দুদের স্নাত্ন শান্তীয় বিভার বাহিরে ষেস্কল বিছা আছে তাকেও শ্রদ্ধার দক্ষে স্বীকার করতে পারলে তবেই যে আমাদের শিক্ষা উদারভাবে দার্থক হতে পারে, তাঁর মুখে এ কথার দত্য বিশেষভাবে বল পেয়ে আমার কাছে প্রকাশ পেয়েছিল। আমি অহভব করেছিলেম, এই ওদার্ঘ, বিছার ক্ষেত্রে সকল জ্ঞাতির প্রতি এই সসন্মান আতিথা, এইটিই হচ্ছে যথার্থ ভারতীয়। সেই কারণেই ভারতবর্ধ পুরাকালে যথন গ্রীক-রোমকদের কাছ থেকে জ্যোতির্বিভার বিশেষ পদা গ্রহণ করেছিলেন, তথন মেচ্ছগুরুদের ঋষিকল্প বলে স্বীকার করতে কৃষ্ঠিত হন নি। আজ যদি এ সম্বন্ধে আমাদের কিছুমাত্র রূপণতা ঘটে থাকে. তবে জানতে হবে আমাদের মধ্যে দেই বিশুদ্ধ ভারতীয় ভাবের বিকৃতি ঘটেছে।

বিশভারতী

এ দেশের নানা জাতির পরিচয়ের উপর ভারতের বে আত্মপরিচয় নির্ভর করে, এখানে কোনো-এক জায়গায় তার তো সাধনা থাকা দরকার। শান্তিনিকেতনে সেই সাধনার প্রতিষ্ঠা ধ্রুব হোক, এই ভাবনাটি এই প্রতিষ্ঠানের মধ্যে আমাদের লক্ষ্যে ও অলক্ষ্যে বিরাক্ত করছে। কিছু আমার সাধ্য কী। সাধ্য থাকলেও এ যদি আমার একলারই সৃষ্টি হয় তা হলে এর সার্থকতা কী। যে দীপ পথিকের প্রত্যাশায় বাতায়নে অপেক্ষা করে থাকে সেই দীপটুকু জেলে রেথে দিয়ে আমি বিদায় নেব, এইটুকুমাত্রই আমার ভরসা চিল।

তার পরে অসংখ্য অভাব দৈশ্য বিরোধ ও ব্যাঘাতের ভিতর দিয়ে হুর্গম পথে এ'কে বহন করে এসেছি। এর সম্বর্দিহিত সত্য ক্রমে আপনার আবরণ মোচন করতে করতে আরু আমাদের সামনে অনেকটা পরিমাণে স্কুম্পষ্ট রূপ ধারণ করেছে। আমাদের আনন্দের দিন এল। আরু আপনারা এই-যে সমবেত হয়েছেন, এ আমাদের কত বড়ো সৌভাগ্য। এর সদস্য, বারা নানা কর্মে ব্যাপৃত, এর সঙ্গে তাঁদের যোগ ক্রমে ক্রমে যে ঘনিষ্ঠ হয়ে উঠেছে, এ আমাদের কত বড়ো সৌভাগ্য।

এই কর্মান্ম চানটিকে বছকাল একলা বহন করার পর বেদিন সকলের হাতে সমর্পণ করলুম দেদিন মনে এই দ্বিধা এসেছিল যে, সকলে একে শ্রদ্ধা করে গ্রহণ করবেন কি না। অস্তরায় অনেক ছিল, এখনও আছে। তবুও সংশয় ও

সংকোচ থাকা সত্ত্বেও এ'কে সম্পূর্ণভাবেই সকলের কাছে निर्वापन करत्र पिराहि। क्लि यन ना मरन करत्रन र्हो একজন লোকের কীর্তি এবং তিনি এটাকে নিজের সক্ষেই একান্ত করে জড়িয়ে রেখেছেন। যাকে এত দীর্ঘকাল এত করে পালন করে এসেছি, তাকে যদি সাধারণের কাছে শ্রহের করে থাকি, দে আমার সবচেয়ে বড়ো সৌভাগ্য। সেদিন আজ এসেছে বলি নে. কিছু সেদিনের স্ফানাও কি হয় নি ? যেমন সেই প্রথম দিনে আজকের দিনের সম্ভাবনা কল্পনা করতে সাহস পাই নি, অথচ এই ভবিষ্যৎকে গোপনে দে বহন করেছিল, তেমনি ভারতবর্ষের দুর ইতিহাদে এই বিশ্বভারতীর যে পূর্ণ অভিব্যক্তি হবে তা প্রত্যয় করব না কেন। সেই প্রত্যয়ের দারাই এর প্রকাশ বল পেয়ে ধ্রুব হয়ে ওঠে, এ কথা আমাদের মনে রাখতে হবে। এর প্রমাণ আরম্ভ হয়েছে যথন দেখতে পাচ্ছি আপনারা এর ভার গ্রহণ করেছেন। এই প্রতিষ্ঠানের দিক থেকে এটা বড়ো কথা, আবার আমার দিক থেকেও এ তো কম কথা নয়। কোনো একজন মাতুষের পক্ষে এর ভার তুঃসহ। এই ভারকে বহন করবার অমুকুলে আমার আন্তরিক প্রত্যয় ও প্রত্যাশার আনন্দ যদিও আমাকে বল দিয়েছে. তবু আমার শক্তির দৈতা কোনোদিনই ভুলতে অবকাশ পাই নি। কত অভাব কত অসামর্থ্যের দারা এত কাল প্রত্যহ পীড়িত হয়ে এদেছি, বাইরের অকারণ প্রতিকৃষতা একে কত দিক থেকে কুণ্ণ করেছে। তবু এর সমস্ত ক্রটি

বিশভারতী

অসম্পূর্ণতা, এর সমস্ত দারিদ্রা সংস্কেও আপনারা এ'কে শ্রন্ধা করে পালন করবার ভার নিয়েছেন, এতে আমাকে বে কত দরা করেছেন তা আমিই জানি। সেজভ ব্যক্তিগতভাবে আজ আপনাদের কাছে আমি ক্লতজ্ঞতা নিবেদন করিছি।

এই প্রতিষ্ঠানের বাহ্যায়তনটিকে স্বচিন্তিত বিধি-বিধান ষারা স্থসম্বন্ধ করবার ভার আপনারা নিয়েছেন। এই নিয়মসংঘটনের কাজ আমি যে সম্পূর্ণ বুঝি তা বলতে পারি নে, শরীরের চুর্বলতা-বশত সব সময়ে এতে আমি ষথেষ্ট মন দিতেও অক্ষম হয়েছি। কিছ নিশ্চিত জানি, এই অক্বন্ধনের প্রয়োজন আছে। জলের পক্ষে জলাশরের উপযোগিতা কে অস্বীকার করবে। সেইসকে এ কথাও মনে রাখা চাই যে. চিত্ত দেহে বাস করে বটে কিন্তু দেহকে অতিক্রম করে। দেহ বিশেষ সীমায় বন্ধ, কিন্তু চিত্তের বিচরণক্ষেত্র সমস্থ বিখে। দেহব্যবস্থা অতিজ্ঞতিশতার দারা চিত্তব্যাপ্তির বাধা বাতে না ঘটায়, এ কথা আমাদের মনে রাখতে হবে। এই প্রতিষ্ঠানের কায়ারপটির পরিচয় সম্প্রতি আমার কাছে স্বস্পষ্ট ও সম্পূর্ণ নয়, কিন্তু এর চিত্ত-রূপটির প্রসার আমি বিশেষ করেই দেখেছি। তার কারণ, আমি আশ্রমের বাইরে দূরে দূরে বারবার ভ্রমণ করে পাকি। কতবার মনে হয়েছে, যাঁরা এই বিশ্বভারতীর যুক্তকর্তা তাঁরা যদি আমার দক্ষে এদে বাইরের জগতে এর পরিচয় পেতেন তা হলে জানতে পারতেন কোন্

বৃহৎ ভূমির উপরে এর আশ্রয়। তা হলে বিশেষ দেশকাল
ও বিধিবিধানের অতীত এর মৃক্তরপটি দেখতে পেতেন।
বিদেশের লোকের কাছে ভারতের সেই প্রকাশ সেই
পরিচয়ের প্রতি প্রভূত শ্রদা দেখেছি যা ভারতের
ভূ-সীমানার মধ্যে বদ্ধ হয়ে থাকতে পারে না, যা আলোর
মতো দীপকে ছাড়িয়ে যায়। এর থেকে এই ব্রেছি,
ভারতের এমন কিছু সম্পদ আছে যার প্রতি দাবি সমস্ত
বিশ্বের। জাত্যভিমানের প্রবল উগ্রতা মন থেকে নিরম্ভ
করে নম্রভাবে সেই দাবি প্রণ করবার দায়িত্ব আমাদের।
য়ে ভারত সকল কালের সকল লোকের, সেই ভারতে সকল
কাল ও সকল লোককে নিমন্ত্রণ করবার ভার বিশ্বভারতীর।

কিছুদিন হল যথন দক্ষিণ-আমেরিকায় গিয়ে কথাকক্ষেবদ্ধ ছিলাম, তথন প্রায় প্রত্যহ আগন্তকের দল প্রশ্ন নিয়ে আমার কাছে এসেছিলেন। তাঁদের সকল প্রশ্নের ভিতরকার কথাটা এই যে, পৃথিবীকে দেবার মতো কোন্ ঐশর্য ভারতবর্ষের আছে। ভারতের ঐশর্য বলতে এই বৃঝি, মা-কিছু তার নিজের লোকের বিশেষ ব্যবহারে নিঃশেষ করবার নয়। যা নিয়ে ভারত দানের অধিকার, আতিথ্যের অধিকার পায়— যার জােরে সমস্ত পৃথিবীর মধ্যে সেনিজের আসন গ্রহণ করতে পারে— অর্থাৎ যাতে ভার অভাবের পরিচয় নয়, ভার পূর্ণভারই পরিচয়— ভাই ভার সম্পেদ। প্রত্যৈক বড়ো জাতির নিজের বৈষ্মিক ব্যাপার একটা আছে, সেটাতে বিশেষভাবে তার আপন প্রয়োজন

দিদ্ধ হয়। তার দৈক্সদামন্ত-অর্থদামর্থ্যে আর কারও ভাগ চলে না। দেখানে দানের বারা তার ক্ষতি হয়। ইতিহাসে ফিনিসীয় প্রভৃতি এমনসকল ধনী জাতির কথা শোনা যায় যারা অর্থ-অর্জনেই নিরম্ভর নিযুক্ত ছিল। তারা কিছুই দিয়ে যায় নি, রেখে যায় নি। তাদের অর্থ যতই থাক, তাদের ঐশ্বর্য ছিলু না। ইতিহাসের জীর্ণ পাতার মধ্যে তারা আছে, মাছুষের চিত্তের মধ্যে নেই। ইঞ্জিন্ট গ্রীস রোম প্যালেস্টাইন চীন প্রভৃতি দেশ ওধু নিজের ভোজ্য নয় সমস্ত পৃথিবীর ভোগ্য সামগ্রী উৎপন্ন করেছে। বিশ্বের তৃপ্তিতে তারা গৌরবান্বিত। সেই কারণে সমস্ত পৃথিবীর প্রশ্ন এই- ভারতবর্ষ শুধু নিজেকে নয়, পৃথিবীকে কী দিরেছে। আমি আমার দাধ্যমত কিছু বলবার চেষ্টা করেচি এবং দেখেচি, তাতে তাদের আকাজ্ঞা বেডে গেছে। তাই আমার মনে এই বিশ্বাস দৃঢ় হয়েছে যে, আজ ভারতবর্ষের কেবল যে ভিক্লার ঝুলিই দম্বল তা নয়, তার প্রাক্তনে এমন একটি বিশ্বযক্তের স্থান আছে যেখানে অক্ষয় আতাদানের জন্য সকলকে সে আহ্বান করতে পারে। সকলের জন্ম ভারতের যে বাণী তাকেই আমরা বলি

বিশ্বভারতী। সেই বাণীর প্রকাশ আমাদের বিভালয়টুক্র
মধ্যে নয়। শিব আসেন দরিদ্র ভিক্ষ্কের মৃতি ধরে, কিন্তু
একদিন প্রকাশ হয়ে পড়ে দকল ঐশর্য তাঁর মধ্যে।
বিশ্বভারতী এই আশ্রমে দীন চ্নাবেশে এসেছিল ছোটো
বিভালয়-রপে। সেই তার লীলার আরম্ভ, কিন্তু সেথানেই

তার চরম সত্য নয়। সেধানে সে ছিল ভিক্ক, মৃষ্টিভিক্ষা আহরণ করছিল। আব্দু সে দানের ভাগুার খুলতে উছত। সেই ভাগুার ভারতের। বিশ্বপৃথিবী আব্দু অন্ধনে দাঁড়িয়ে বলছে, 'আমি এসেছি।' তাকে যদি বলি, 'আমাদের নিব্দের দায়ে ব্যস্ত আছি, তোমাকে দেবার কথা ভাবতে পারি নে'— তার মতো লজ্জা কিছুই নেই। কেননা দিতে না পারলেই হারাতে হয়।

এ কথা অস্বীকার করবার জো নেই যে, বর্তমান যুগে সমস্ত পৃথিবীর উপরে মুরোপ আপন প্রভাব বিস্থার করেছে। তার কারণ আকস্মিক নয়, বাহ্যিক নয়। তার কারণ, ষে বর্বরতা আপন প্রয়োজনটুকুর উপরেই সমস্ত মন দের, সমস্ত শক্তি নিঃশেষ করে, যুরোপ তাকে অনেক দূরে ছাড়িয়ে গেছে। সে এমন কোনো সভ্যের নাগাল পেয়েছে যা সর্বকালীন, সর্বজনীন, যা তার সমস্ত প্রয়োজনকে পরিপূর্ণ করে অক্ষয়ভাবে উদব্ত থাকে। এই হচ্ছে তার বিজ্ঞান। এই বিজ্ঞানকে প্রকাশের দ্বারাই পৃথিবীতে সে আপনার अधिकांत्र (भरत्रहि । यनि काराना कांत्रत्य युद्धारभन्न निहिक বিনাশও ঘটে, তবু এই সত্যের মূল্যে মাহুষের ইতিহাসে তার স্থান কোনোদিন বিলুপ্ত হতে পারবে না। মাহুষকে চিরদিনের মতো সে সম্পদশালী করে দিয়েছে, এই তার সকলের চেয়ে বড়ো গৌরব, এই তার অমরতা। অথচ এই যুরোপ যেথানে আপনার লোভকে সমন্ত মালুষের কল্যাণের চেয়ে বড়ো করেছে, দেখানেই তার অভাব প্রকাশ

পার, দেখানেই তার থবঁতা, তার বর্বরতা। তার একমাত্র কারণ এই যে, বিচ্ছিলভাবে কেবল আপনটুকুর মধ্যে মাহুষের সত্য নেই— পশুধর্মেই সেই বিচ্ছিলতা, বিনাশশীল দৈহিক প্রাণ ছাড়া যে পশুর আর কোনো প্রাণ নেই। ধারা মহাপুরুষ তাঁরা আপনার জীবনে সেই অনিবাণ আলোককেই জালেন, ধার ধারা মাহুষ নিজেকে সকলের মধ্যে উপলব্ধি করতে পারে।

পশ্চিম-মহাদেশ তার পলিটিক্সের দ্বারা বৃহৎ পৃথিবীকে পর করে দিয়েছে, তার বিজ্ঞানের দ্বারা বৃহৎ পৃথিবীকে নিমন্ত্রণ করেছে। বৃহৎকালের মধ্যে ইতিহাসের উদার রূপ যদি আমরা দেখতে পাই তা হলে দেখব, আত্মন্তরি পলিটিক্সের দিকে যুরোপের আত্মাবমাননা, দেখানে তার অন্ধনার; বিজ্ঞানের দিকেই তার আলোক জলেছে, সেখানেই তার যথার্থ আত্প্রকাশ; কেননা বিজ্ঞান সত্য, আর সত্যই অমরতা দান করে। বর্তমান যুগে বিজ্ঞানেই যুরোপকে সার্থকতা দিয়েছে, কেননা বিজ্ঞান বিশ্বকে প্রকাশ করে; আর তার সর্বভূক্ ক্ষ্থিত পলিটিক্স্ তার বিনাশকেই স্থান্থ করছে, কেননা পলিটিক্সের শোণিতরক্ত-উত্তেজনায় সে নিজেকে ছাড়া আর সমস্থকেই অস্পান্থ ও ছোটো করে দেখে; স্কুতরাং সত্যকে খণ্ডিত করার দ্বারা অশান্তির চক্রবাত্যায় আত্মহত্যাকে আবর্তিত করে তোলে।

আমরা অত্যন্ত ভুল করব যদি মনে করি, সীমাবিহীন অহমিকা -দারা, জাত্যভিমানে আবিল ভেদবৃদ্ধি -দারাই

মুবোপ বড়ো হয়েছে। এমন অসম্ভব কথা আর হতে পারে না। বস্তুত সত্যের জোরেই তার জয়যাত্রা, রিপুর আকর্ষণেই তার অধঃপতন— যে রিপুর প্রবর্তনায় আমরা আপনাকে দব দিতে চাই, বাহিরকে বঞ্চিত করি।

এখন নিজের প্রতি আমাদের সকলের চেয়ে বড়ো প্রশ্ন এই যে, আমাদের কি দেবার জিনিস কিছু নেই। আমরা কি আকিঞ্চল্যের সেই চরম বর্বরতায় এসে ঠেকেছি যার কেবল অভাবই আছে, ঐশ্ব নেই। বিশ্বসংসার আমাদের ছারে এসে অভুক্ত হয়ে ফিরলে কি আমাদের কোনো কল্যাণ হতে পারে। ছভিক্ষের অন্ধ আমাদের উৎপাদন করতে হবে না, এমন কথা আমি কথনোই বলি নে, কিন্তু ভাণ্ডারে যদি আমাদের অমৃত থাকে তার দায়িত্ব সম্পূর্ণ উপেক্ষা করে আমরা বাঁচতে পারব ?

এই প্রশ্নের উত্তর যিনিই যেমন দিন-না, আমাদের
মনে যে উত্তর এসেছে বিশ্বভারতীর কাজের ভিতর তারই
পূর্ণ অভিব্যক্তি হতে থাক্, এই আমাদের সাধনা। বিশভারতী এই বেদমন্ত্রের ঘারাই আপন পরিচয় দিতে চায়—
'য়য় বিশ্বং ভবত্যেকনীড়ম্'। ষে আত্মীয়তা বিশ্বে বিস্তৃত
হবার যোগ্য সেই আত্মীয়তার আসন এখানে আমরা
পাতব। সেই আসনে জীর্ণতা নেই, মলিনতা নেই,
সংকীর্ণতানেই।

এই আদনে আমরা দ্বাইকে ব্দাতে চেয়েছি; দে কাজ কি এথনই আরম্ভ হয় নি। অন্ত দেশ থেকে যেদকল

বিখভারতী

মনীধী এধানে এদে পৌচেছেন, আমরা নিশ্চয় জানি তাঁরা হৃদয়ের ভিতরে আহ্বান অমুভব করেছেন। আমার স্থল্বর্গ, থাঁরা এই আশ্রমের সঙ্গে ঘনিষ্ঠভাবে সংযুক্ত, তাঁরা সকলেই জানেন, আমাদের দ্রদেশের অতিথিরা এথানে ভারতবর্ষেরই আতিথ্য পেয়েছেন— পেয়ে গভীর তৃপ্তিলাভ করেছেন। এথান থেকে আমরাযে কিছু পরিবেশন করছি তার প্রমাণ সেই অতিথিদের কাছেই। তাঁরা আমাদের অভিনন্দন করেছেন। আমাদের দেশের পক্ষ থেকে তাঁরা আত্মীয়তা পেয়েছেন, তাঁদের পক্ষ থেকেও আত্মীয়তার সম্বন্ধ সত্য হয়েছে।

আমি তাই বলছি, কাজ আরম্ভ হয়েছে। বিশ্বভারতীর যে সত্য তা ক্রমশ উজ্জ্বলতর হয়ে উঠছে। এথানে আমরা ছাত্রদের কোন্ বিষয় পড়াচ্ছি, পড়ানো সকলের মনের মতো হচ্ছে কি না, সাধারণ কলেজের আদর্শে উচ্চশিক্ষাবিভাগ থোলা হয়েছে বা জ্ঞানামূসন্ধান বিভাগে কিছু কাজ হচ্ছে, এ সমস্ভকেই যেন আমরা আমাদের গ্রুব পরিচয়ের জিনিস বলে না মনে করি। এসমস্ত আজ আছে, কাল না থাকতেও পারে। আশক্ষা হয় পাছে যা ছোটো তাই বড়ো হয়ে ওঠে, পাছে একদিন আগাছাই ধানের থেতকে চাপা দেয়। বনস্পতির শাথায় কোনো বিশেষ পাথি বাসা বাধতে পারে, কিছু সেই বিশেষ পাথির বাসাই বনস্পতির একান্ত বিশেষণ নয়। নিজের মধ্যে বনস্পতি সমস্ভ অরণ্য-প্রকৃতির যে সত্যপরিচয় দেয় সেইটেই তার বড়ো লক্ষণ।

পূর্বেই বলেছি, ভারতের যে প্রকাশ বিশ্বের শ্রন্ধেয় সেই প্রকাশের দ্বারা বিশ্বকে অভ্যর্থনা করব, এই হচ্ছে আমাদের সাধনা। বিশ্বভারতীর এই কাব্দে পশ্চিম-মহাদেশে আমি কী অভিজ্ঞতা লাভ করেচি দে কথা বলতে আমি কৃষ্ঠিত হই। দেশের লোকে অনেকে হয়তো দেটা শ্রদ্ধাপুর্বক গ্রহণ করবেন না. এমন-কি পরিহাসরসিকেরা বিদ্রূপও করতে পারেন। কিন্তু সেটাও কঠিন কথা নয়। আসলে ভাবনার कथां है। इटक्ड बड़े य. विस्तर्भ जामारमंत्र सम्भ य श्रेका नाज করে, পাছে দেটাকে কেবলমাত্র অহংকারের সামগ্রী করে তোলা হয়। সেটা আনন্দের বিষয়, সেটা অহংকারের বিষয় নয়। যথন অহংকার করি তথন বাইরের লোকদের আরও বাইরে ফেলি, যথন আনন্দ করি তথনই তাদের নিকটের ব'লে জানি। বারশার এটা দেখেছি, বিদেশের যে-সব মহদাশয় লোক আমাদের ভালোবেসেচেন, আমাদের অনেকে তাঁদের বিষয়সম্পত্তির মতো গণ্য করেছেন। তাঁরা আমাদের জাতিকে যে আদর করতে পেরেছেন সেটক আমরা যোলো-আনা গ্রহণ করেছি, কিন্তু আমাদের তরফে তার দায়িত্ব স্বীকার করি নি। তাঁদের ব্যবহারে তাঁদের জাতির যে গৌরব প্রকাশ হয় সেটা স্বীকার করতে অক্ষম হয়ে আমরা নিজের গভীর দৈন্তের প্রমাণ দিয়েছি। তাঁদের প্রশংসাবাক্যে আমরা নিজেদের মহৎ বলে স্পর্ধিত হয়ে উঠি: এই শিক্ষাটক একেবারেই ভূলে যাই যে, পরের মধ্যে যেথানে শ্রেষ্ঠতা আছে দেটাকে অকুন্তিত আনন্দে স্বীকার

করা ও প্রকাশ করার মধ্যে মহন্ত আছে। আমাকে এইটেতেই সকলের চেয়ে নম্র করেছে যে, ভারতের যে পরিচয় অন্ত দেশে আমি বহন করে নিয়ে গেছি কোথাও তা অবমানিত হয় নি। আমাকে হারা সম্মান করেছেন তাঁরা আমাকে উপলক্ষ করে ভারতবর্ষকেই শ্রদ্ধা জানিয়েছেন। যথন আমি পৃথিবীতে না থাকব তথনও যেন তার কয় না ঘটে, কেননা এ সম্মান ব্যক্তিগতভাবে আমার সক্ষে নয়। বিশ্বভারতীকে গ্রহণ করে ভারতের অমৃতরূপকে প্রকাশের ভার আপনারা গ্রহণ করেছেন। আপনাদের চেষ্টা সার্থক হোক, অতিথিশালা দিনে দিনে পূর্ণ হয়ে উঠুক, অভ্যাগতরা সম্মান পান, আনন্দ পান, হয়য় দান কয়ন, হয়য় গ্রহণ কয়ন, সত্যের ও প্রীতির আদান প্রান্ত হোক এই আমার কামনা।

পৌৰ ১৩৩২
 শাস্তিনিকেতন

20

বাংলাদেশের পল্লীগ্রামে যথন ছিলাম, সেথানে এক সন্ন্যাসিনী আমাকে শ্রদ্ধা করতেন। তিনি কুটিরনির্মাণের জন্ম আমার কাছে ভূমি ভিক্ষা নিয়েছিলেন— সেই ভূমি থেকে যে ফদল উৎপন্ন হত তাই দিয়ে তাঁর আহার চলত, এবং তুই-চারিটি অনাথ শিশুদের পালন করতেন। তাঁর মাতা ছিলেন সংসারে— তাঁর মাতার অবস্থাও ছিল সচ্ছল —কন্যাকে ঘরে ফিরিয়ে নেবার জন্মে তিনি অনেক চেষ্টা করছিলেন, কিন্তু কন্যা সন্মত হন নি। তিনি আমাকে বলেছিলেন, নিজের ঘরের অন্নে আত্মাভিমান জন্ম— মন থেকে এই ভ্রম কিছুতে ঘূচতে চায় না যে, এই অন্নের মালেক আমিই, আমাকে আমিই থাওয়াচ্ছি। কিন্তু ছারে ছারে ভিক্ষা ক'রে যে অন্ন পাই সে অন্ন ভগবানের— তিনি সকল মাহুবের হাত দিয়ে সেই অন্ন আমাকে দেন, তার উপরে আমার নিজের দাবি নেই, তাঁর দয়ার উপর ভরসা।

বাংলাদেশকে বাংলা ভাষার ভিতর চিরজীবন আমি সেবা করেছি, আমার প্রয়টি বংসর ব্যুসের মধ্যে অস্তত পঞ্চান্ন বংসর আমি সাহিত্যের সাধনা করে সরস্বতীর কাছ থেকে যা-কিছু বর লাভ করেছি সমস্তই বাংলাদেশের ভাণ্ডারে জমা করে দিয়েছি। এইজন্ম বাংলাদেশের কাছ থেকে আমি যতটুক স্নেহ ও সন্মান লাভ করেছি তার

উপরে আমার নিজের দাবি আছে— বাংলাদেশ যদি ক্লপণতা করে, যদি আমাকে আমার প্রাপ্য না দেয়, তা হলে অভিমান করে আমি বলতে পারি যে, আমার কাছে বাংলাদেশ ঋণী রয়ে গেল।

কিন্ধ বাংলার বাইরে বা বিদেশে যে সমাদর, যে প্রীতি লাভ করি, তার উপরে আমার আত্মাভিমানের দাবি নেই। এইজন্য এই দানকেই ভগবানের দান বলে আমি গ্রহণ করি। তিনি আমাকে দয়া করেন, নতুবা অপরেরা আমাকে দয়া করেন এমন কোনো হেতু নেই।

ভগবানের এই দানে মন নম্র হয়, এতে অহংকার জন্মেনা। আমরা নিজের পকেটের চার-আনার পয়সা নিয়েও গর্ব করতে পারি, কিন্তু ভগবান আকাশ ভরে যে সোনার আলো ঢেলে দিয়েছেন, কোনো কালেই যার মূল্য শোধ করতে পারব না, সেই আলোর অধিকার নিয়ে কেবল আনন্দই করতে পারি, কিন্তু গর্ব করতে পারি নে। পরের দত্ত সমাদরও সেইরকম অমূল্য— সেই দান আমি নম্রশিরেই গ্রহণ করি, উদ্ধৃতশিরে নয়। এই সমাদরে আমি বাংলা দেশের সন্তান ব'লে উপলব্ধি করবার স্থ্যোগ লাভ করি নি। বাংলাদেশের ছোটো ঘরে আমার গর্ব করবার স্থান ছিল, কিন্তু ভারতের বড়ো ঘরে আমার আনন্দ করবার স্থান।

আমার প্রভূ আমাকে তাঁর দেউড়িতে কেবলমাত্র বাঁশি কাজাবার ভার দেন নি, শুধু কবিতার মালা গাঁথিয়ে তিনি আমাকে ছটি দিলেন না। আমার ষৌবন যথন

পার হয়ে গেল, আমার চুল বখন পাকল, তখন তাঁর অঙ্গনে আমার তলব পড়ল। সেখানে তিনি শিশুদের মা হয়ে বসে আছেন। তিনি আমাকে হেসে বললেন, 'ওরে পুত্র, এতদিন তুই তো কোনো কাজেই লাগলি নে, কেবল কথাই গেঁথে বেড়ালি। বয়স গেল, এখন যে কয়টা দিন বাকি আছে, এই শিশুদের সেবা কর।'

কাজ শুরু করে দিলুম— সেই আমার শান্তিনিকেতনের বিভালয়ের কাজ। কয়েক জন বাঙালির ছেলেকে নিয়ে মাস্টারি শুরু করে দিলুম। মনে অহংকার হল, এ আমার কাজ, এ আমার সৃষ্টি। মনে হল, আমি বাংলাদেশের হিতলাধন করচি, এ আমারই শক্তি।

কিন্তু এ বে প্রভূরই আদেশ, যে প্রভূ কেবল বাংলাদেশের নন, সেই কথা বাঁর কাজ তিনিই শ্বরণ করিয়ে
দিলেন। সম্দ্রপার হতে এলেন বন্ধু এণ্ডুল, এলেন বন্ধু
পিয়ার্সন। আপন লোকের বন্ধুছের উপর দাবি আছে,
সে বন্ধুছ আপন লোকেরই সেবার লাগে। কিন্তু যাঁদের
সক্ষে নাড়ীর সম্বন্ধ নেই, বাঁদের ভাষা শ্বতন্ত্র, ব্যবহার স্বতন্ত্র,
তাঁরা যথন অনাহূত আমার পাশে এসে দাঁড়ালেন, তখনই
আমার অহংকার ঘুচে গেল, আমার আনন্দ জন্মাল। যথন
ভগবান পরকে আপন করে দেন, তখন সেই আত্মীয়তার
মধ্যে তাঁকেই আত্মীয় বলে জানতে পারি।

আমার মনে গর্ব জন্মেছিল যে, আমি স্থাদেশের জন্ম অনেক করছি— আমার অর্ধ, আমার সামর্ধ্য আমি

বিশভারতী

चरम्भरक উৎमर्ग कविहा आमाव मिहे भर्व हुन हरव राम यथन विषमी এएमन এই काएक। उथन व्यापम এও আমার কাজ নয়, এ তাঁরই কাজ বিনি সকল মাতুষের ভগবান। এই-যে বিদেশী वस्तापत्र प्याहिष्ठ পाঠिয়ে पिलान. এঁরা আত্মীয়ম্মজনদের হতে বছ দরে পৃথিবীর প্রাস্থে ভারতের প্রান্তে এক খ্যাতিহীন প্রান্তরের মাঝখানে निरक्रापत ममन कौरन रात्न पिर्लन: এकपिरनत क्या । ভাবলেন না. যাদের জন্ত তাঁদের আত্মোৎসর্গ তারা বিদেশী. তারা পূর্বদেশী, তারা শিশু, তাঁদের ঋণ শোধ করবার মতো অর্থ তাদের নেই, শক্তি তাদের নেই, মান তাদের নেই। তারা নিজে পরম পণ্ডিত, কত সমানের পদ তাঁদের জ্ঞা পথ চেয়ে আছে, কত উর্ধবেতন তাঁদের আহ্বান করছে, সমন্ত তাঁরা প্রত্যাধ্যান করেছেন— অকিঞ্নভাবে, খদেশীর সম্মান ও মেহ হতে বঞ্চিত হয়ে, রাজপুরুষদের সন্দেহ - বারা অনুধাবিত হয়ে, গ্রীম এবং রোগের তাপে তাপিত হয়ে তাঁরা কাব্দে প্রবুত হলেন। এ কাব্দের বেতন তাঁরা নিলেন না, ফু:খই নিলেন। তাঁরা আপনাকে বড়ো করলেন না- প্রভর আদেশকে বড়ো করলেন, প্রেমকে বড়ো করলেন, কাজকে বড়ো করে তুললেন।

এই তো আমার 'পরে ভগবানের দয়া— তিনি আমার গর্বকে ছোটো করে দিতেই আমার সাধনা বড়ো করে দিলেন। এখন এই সাধনা কি ছোটো বাংলাদেশের সীমার মধ্যে আর ধরে। বাংলার বাহির থেকে ছেলেরা আসতে

লাগল। আমি তাদের ডাক দিই নি, ডাকলেও আমার ডাক এত দূরে পৌছত না। যিনি সমূদ্রপার থেকে নিজের কণ্ঠে তাঁর সেবকদের ডেকেছেন তিনিই স্বহস্তে তাঁর সেবাক্ষেত্রের সীমানা মিটিয়ে দিতে লাগলেন।

আজ আমাদের আশ্রমে প্রায় ত্রিশ জন গুজরাটের ছেলে এদে বসেছে। সেই ছেলেদের অভিভাবকেরা আমার আশ্রমের পরম হিতৈষী। তাঁরা আমাদের সর্বপ্রকারে যত আহ্নকুল্য করেছেন, এমন আহ্নকুল্য ভারতের আর কোথাও পাই নি। অনেক দিন আমি বাঙালির ছেলেকে এই আশ্রমে মাহ্ন্য করেছি— কিন্তু বাংলাদেশে আমার সহায় নেই। সেও আমার বিধাতার দয়া। যেখানে দাবি বেশি সেখান থেকে যা পাওয়া য়ায়্র সে তো থাজনা পাওয়া। যে থাজনা পায় সে যদি-বা রাজ্ঞাও হয় তবু সে হতভাগ্য, কেননা সে তার নীচের লোকের কাছ থেকেই ভিক্ষা পায়। যে দান পায় সে উপর থেকে পায়, সে প্রেমের দান, জবরদন্তির আদায়-ওয়াশিল নয়। বাংলাদেশের বাহির থেকে আমার আশ্রম যে আহ্নকুল্য পেয়েছে, সেই তো আশীর্বাদ — সে পবিত্র। সেই আহ্নকুল্যে এই আশ্রম সমস্ত বিশ্বের সামগ্রী হয়েছে।

আজ তাই আত্মাভিমান বিদর্জন করে বাংলা-দেশাভিমান বর্জন করে বাইরে আশ্রমজননীর জন্ম ভিক্ষা করতে বাহির হয়েছি। শ্রজয়া দেয়ম্। সেই শ্রজার দানের ছারা আশ্রমকে দকলে গ্রহণ করবেন, দকলের দামগ্রী

করবেন, তাকে বিশ্বলোকে উত্তীর্ণ করবেন। এই বিশ্ব-লোকেই অমৃতলোক। যা-কিছু আমাদের অভিমানের গণ্ডির, আমাদের স্বার্থের গণ্ডির মধ্যে থাকে তাই মৃত্যুর অধিকারবর্তী। যা সকল মাহ্মমের তাই সকল কালের। সকলের ভিক্ষার মধ্য দিয়ে আমাদের আশ্রমের উপরে বিধাতার অমৃত বর্ষিত হোক— সেই অমৃত-অভিষেকে আমরা, তাঁর সেবকেরা পবিত্র হই, আমাদের অহংকার ধৌত হোক, আমাদের শক্তি প্রবল ও নির্মল হোক— এই কামনা মনে নিয়ে সকলের কাছে এসেছি। সকলের মধ্য দিয়ে বিধাতা আমাদের উপর প্রসন্ম হোন, আমাদের বাক্য মন ও চেষ্টাকে তাঁর কল্যাণস্থার মধ্যে দক্ষিণ হত্তে গ্রহণ কর্মন।

ट्टा देवार्क ३७७०

>8

বছকাল আগে নদীতীরের সাহিত্যচর্চা থেকে জানি নে কী আহ্বানে এই প্রাস্তরে এসেছিলেম। তার পর ত্রিশ বংসর অতীত হয়ে গেল। আয়ুর প্রতি আর অধিক দাবি আছে বলে মনে করি নে। হয়তো আগামী কালে আর কিছু বলবার অবকাশ পাব না। অস্তরের কথা আজ তাই বলবার ইচ্ছা করি।

উভোগের যখন আরম্ভ হয়, কেন হয় তা বলা যায় না। বীব্দ থেকে গাছ কেন হয় কে জানে। ছয়ের মধ্যে কোনো সাদৃশ্য নেই। প্রাণের ভিতর যখন আহ্বান আলে তখন তার চরম অর্থ কেউ জানে না। ছঃসময়ে এখানে এসেছি, ছঃখের মধ্যে দৈশ্রের মধ্যে দিয়ে মৃত্যুশোক বহন করে দীর্ঘকাল চলেছি— কেন তা ভেবে পাই নে। ভালো করে বলতে পারি নে কিসের টানে এই শৃন্য প্রান্তরের মধ্যে এসেছিলেম।

মাহ্ব আপনাকে বিশুদ্ধভাবে আবিদ্ধার করে এমন কর্মের যোগে যার সঙ্গে সাংসারিক দেনাপাওনার হিসাব নেই। নিজেকে নিজের বাইরে উৎসর্গ করে দিয়ে তবে আমরা আপনাকে পাই। বোধ করি সেই ইচ্ছেই ছিল, তাই সেদিন সহসা আমার প্রকৃতিগত চিরাভ্যন্ত রচনাকার্য থেকে অনেক পরিমাণে ছুটি নিয়েছিলুম।

সেদিন আমার সংকল্প ছিল, বালকদের এমন শিক্ষা দেব যা ৩ধু পুঁথির শিক্ষা নয়; প্রান্তরযুক্ত অবারিত আকাশের মধ্যে যে মুক্তির আনন্দ তারই দকে মিলিয়ে যতটা পারি তাদের মামুষ করে তুলব। শিক্ষা দেবার উপকরণ ষে আমি সঞ্য করেছিলেম তা নয়। সাধারণ শিক্ষা আমি পাই নি. তাতে আমি অভিজ্ঞ চিল্ম না। আমার আনন্দ ছিল প্রকৃতির অম্ভরলোকে, গাছপালা আকাশ আলোর সহযোগে। শিশু বয়স থেকে এই আমার সতাপরিচয়। এই আনন্দ আমি পেয়েছিলুম ব'লে দিতেও ইচ্ছে ছিল। ইম্বুলে আমরা ছেলেদের এই আনন্দ-উৎস থেকে নির্বাসিত করেছি। বিশ্বপ্রকৃতির মধ্যে যে শিক্ষক বছধাশক্তিযোগাৎ রূপরসগন্ধবর্ণের প্রবাহে মাতুষের জীবনকে সরস ফলবান করে তুলছেন, তার থেকে ছিল্ল করে ইস্কুলমাস্টার বেতের ডগায় বিরস শিক্ষা শিশুদের গিলিয়ে দিতে চায়। আমি श्वित कंत्रलम, निकारत निकार मध्य প्राणंत्रम वंशास्त्रा চাই; কেবল আমাদের স্নেহ থেকে নয়, প্রক্বতির সৌন্দর্য-ভাগুার থেকে প্রাণের ঐশ্বর্ষ তারা লাভ করবে। এই ইচ্ছাট্কু নিয়েই অতি কুদ্র আকারে আশ্রমবিতালয়ের শুক্ হল, এইটুকুকে সত্য করে তুলে আমি নিজেকে সত্য করে তুলতে চেয়েছিলুম।

আনন্দের ত্যাগে মেহের যোগে বালকদের দেবা করে হয়তো তাদের কিছু দিতে পেরেছিলুম, কিস্কু তার চেয়ে নিজেই বেশি পেয়েছি। সেদিনও প্রতিকুলতার অস্ক

ছিল না। এইভাবে কাজ আরম্ভ করে ক্রমশ এই কাজের মধ্যে আমার মন অগ্রসর হয়েছে। সেই ক্ষীণ প্রারম্ভ আঞ বহু দূর পর্যন্ত এগোল। আমার সংকল্প আজ একটা রূপ লাভ করেছে। প্রতিদিন আমাকে তুঃখের যে প্রতিকৃলতার মধ্য দিয়ে চলতে হয়েছে তার হিদাব নেব না। বারম্বার মনে ভেবেছি, আমার সত্যসংকল্পের সাধনায় কেন স্বাইকে পাব না, কেন একলা আমাকে চলতে হবে। আজ সে ক্ষোভ থেকে কিছু মুক্ত হয়েছি, তাই বলতে পারছি— এ তুর্বল চিত্তের আক্ষেপ। যার বাইরের সমারোহ নেই, উত্তেজনা নেই, জনসমাজে যার প্রতিপত্তির আশা করা যায় না, যার একমাত্র মূল্য অন্তরের বিকাশে, অন্তর্যামীর সমর্থনে, তার সম্বন্ধে এ কথা জোর করে বলা চলে না— অপর लारक रकन এর সম্বন্ধে উদাসীন। উপলব্ধি যার, দায় अध् তারই। অত্যে অংশগ্রহণ না করলে নালিশ চলবে না। যার উপরে ভার পড়েছে তাকেই হিসেব চুকিয়ে দিয়ে চলে रमरक इरव ; अशी यनि क्लार्टे का जारना, आत ना मनि জোটে তো জোর খাটবে না। সমস্তই দিয়ে ফেলবার দাবি यिन व्यक्त रथरक व्यारम जरत तमा हमरत ना- अत्र तमरम পেলুম কী। আদেশ কানে পৌছলেই তা মানতে হবে।

আমাদের কাজ সত্যকে রূপ দেওরা। অন্তরে সত্যকে স্বীকার করলে বাহিরেও তাকে প্রকাশ করা চাই। সম্পূর্ণ-রূপে সংকল্পকে সার্থক করেছি এ কথা কোনো কালেই বলা চলবে না— কঠিন বাধার ভিতর দিয়ে তাকে দেহ দিয়েছি।

এ ভাবনা ষেন না করি-- আমি যখন যাব তথন কে একে দেখবে, এর ভবিষ্যতে কী আছে কী নেই। এইটুকু সান্ধনা বহন করে যেতে চাই, যতটুকু পেরেছি তা করেছি, মনে যা পেয়েছি চুর্ভর হলেও কর্মে তাকে গ্রহণ করা হল। তার পরে সংসারের লীলায় এই প্রতিষ্ঠান নানা অবস্থার মধ্য দিয়ে কী ভাবে বিকাশ পাবে তা কল্পনাও করতে পারি নে। লোভ হতে পারে, আমি যে ভাবে এর প্রবর্তন করেছি অবিকল দেই ভাবে এর পরিণতি হতে থাকবে। কিন্তু দেই অহংকত লোভ ত্যাগ করাই চাই। সমাজের দঙ্গে কালের সঙ্গে যোগে কোন রূপরপাস্তরের মধ্য দিয়ে আপন প্রাণ-বেগে ভাবী কালের পথে এই প্রতিষ্ঠানের যাত্রা, আৰু কে তা নির্দিষ্ট করে দিতে পারে। এর মধ্যে আমার ব্যক্তিগত যা আছে ইতিহাদ তাকে চিরদিন স্বীকার করবে এমন ক্রখনও হতেই পারে না। এর মধ্যে যা সত্য আছে তারই জয়যাত্রা অপ্রতিহত হোক। সত্যের সেই সঞ্জীবনমন্ত্র এর মধ্যে যদি থাকে তবে বাইরের অভিব্যক্তির দিকে যে রূপ এ গ্রহণ করবে আজকের দিনের ছবির সঙ্গে তার মিল হবে না ব'লেই ধরে নিতে পারি। কিন্তু 'মা গৃধঃ'- নিজের হাতে গড়া আকারের প্রতি লোভ কোরো না। যা-কিছু ক্ষুত্র, যা আমার অহমিকার সৃষ্টি, আজু আছে কাল নেই, তাকে যেন আমরা প্রমাশ্রয় ব'লে সাম্প্রদায়িক ভিত্তিতে পাকা করে গড়বার আয়োজন না করি। প্রতি মুহুর্তের সভা চেষ্টা সভা কর্মের মধ্য দিয়েই আমাদের প্রতিষ্ঠান

আপন সঞ্জীব পরিচয় দেবে, সেইধানেই তার চিরপ্তন জীবন। জনস্থলভ স্থূল সমৃদ্ধির পরিচয় দিতে প্রয়াস ক'রে ব্যবসায়ীর মন দে না কিন্তুক; আন্তরিক গরিমায় তার ষথার্থ শ্রী প্রকাশ পাবে। আদর্শের গভীরতা যেন নিরম্ভ সার্থকতায় তাকে আত্মস্টির পথে চালিত করে। এই সার্থকতার পরিমাপ কালের উপর নির্ভর করে না, কেননা সত্যের অনস্ত পরিচয় আপন বিশুদ্ধ প্রকাশক্ষণে।

थ्र. रेकार्ड ১००१

30

আমার মধ্য-বয়সে আমি এই শান্তিনিকেতনে বালকদের নিয়ে এক বিভালয় স্থাপন করতে ইচ্ছা করি। মনে তথন আশহা ও উদবেগ ছিল, কারণ কর্মে অভিজ্ঞতা ছিল না। জীবনের অভ্যাদ ও তত্পযোগী শিক্ষার অভাব, অধ্যাপনা-কর্মে নিপুণতার অভাব সত্ত্বেও আমার সংকল্প দচ হয়ে छेठेल। कार्र किस्रा करत प्रथलिय (य, आमाप्तर प्रत्न এক সময়ে যে শিক্ষাদানপ্রথা বর্তমান ছিল, তার পুন:-প্রবর্তন বিশেষ প্রয়োজন। সেই প্রথাই যে পৃথিবীর মধ্যে সর্বশ্রেষ্ঠ এমন অন্ধ পক্ষপাত আমার মনে ছিল না, কিন্তু এই কথা আমার মনকে অধিকার করে যে, মামুষ বিখ-প্রকৃতি ও মানবদংদার এই তুইয়ের মধ্যেই জন্মগ্রহণ করেছে, অতএব এই তুইকে একত্র সমাবেশ করে বালকদের শিক্ষায়তন গড়লে তবেই শিক্ষার পূর্ণতা ও মানবঞ্জীবনের সমগ্রতা হয়। বিশ্বপ্রকৃতির যে আহ্বান, তার থেকে বিচ্ছিন্ন করে পুঁথিগত বিছা দিয়ে জোর করে শিক্ষার আয়োজন করলে শুধ শিক্ষাবস্তকেই জমানো হয়, যে মন তাকে গ্রহণ করবে তার অবস্থা হয় ভারবাহী জন্তর মতো। শিক্ষার উদ্দেশ্য তাতে ব্যর্থ হয়।

আমার বাল্যকালের অভিজ্ঞতা ভূলি নি। আমার বালক-মনে প্রকৃতির প্রতি সহজ অফুরাগ ছিল, তার

থেকে নির্বাসিত করে বিছালয়ের নীরস শিক্ষাবিধিতে যথন আমার মনকে যন্ত্রের মতো পেষণ করা হয় তথন কঠিন যন্ত্রণা পেয়েছি। এভাবে মনকে ক্লিষ্ট করলে, এই কঠিনতায় বালকমনকে অভ্যন্ত করলে, তা মানসিক স্বাস্থ্যের অমুকূল হতে পারে না। শিক্ষার আদর্শকেই আমরা ভূলে গেছি। শিক্ষাতো শুধু সংবাদবিতরণ নয়; মামুষ সংবাদ বহন করতে জন্মায় নি, জীবনের মূলে যে লক্ষ্য আছে তাকেই গ্রহণ করা চাই। মানবজীবনের সমগ্র আদর্শকে জ্ঞানে ও কর্মে পূর্ণ করে উপলব্ধি করাই শিক্ষার উদ্দেশ্য।

আমার মনে হয়েছিল, জীবনের কী লক্ষ্য এই প্রশ্নের মীমাংসা যেন শিক্ষার মধ্যে পেতে পারি। আমাদের দেশের পুরাতন শিক্ষাপ্রণালীতে তার আভাস পাওয়া যায়। তপোবনের নিভ্ত তপস্থা ও অধ্যাপনার মধ্যে যে শিক্ষাসাধনা আছে তাকে আশ্রয় করে শিক্ষক ও ছাত্র জীবনের পূর্ণতা লাভ করেছিলেন। শুধু পরা বিহা নয়, শিক্ষাকল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দ জ্যোতিষ প্রভৃতি অপরা বিহার অস্থালনেও যেমন প্রাচীন কালে শুক্রশিশ্ব একই সাধনক্ষেত্রে মিলিত হয়েছিলেন, তেমনি সহযোগিতার সাধনা যদি এথানে হয় তবেই শিক্ষার পূর্ণতা হবে।

বর্তমানে সেই দাধনা আমরা কতদ্র গ্রহণ করতে পারি তা বলা কঠিন। আজ আমাদের চিত্তবিক্ষেপের অভাব নেই। কিন্তু এই-যে প্রাচীন কালের শিক্ষাসমবায়, এ কোনো

বিশভারতী

বিশেষ কাল ও সম্প্রদায়ের অভিমত নয়। মানবচিতর্ত্তির মৃলে সেই এক কথা আছে— মাফুষ বিচ্ছিন্ন প্রাণী নয়, সব মাফুষের সঙ্গে থোগে সে যুক্ত, তাতেই তার জীবনের পূর্ণতা, মাফুষের এই ধর্ম। তাই যে দেশেই, যে কালেই, মাফুষ যে বিছা ও কর্ম উৎপন্ন করবে সে সব-কিছুতে সর্বনানবের অধিকার আছে। বিছায় কোনো জাতিবর্ণের ভেদ নেই। মাফুষ সর্বমানবের স্পষ্ট ও উদ্ভূত সম্পদের অধিকারী, তার জীবনের মূলে এই সত্য আছে। মাফুষ জন্মগ্রহণস্ত্রে যে শিক্ষার মধ্যে এসেছে তা এক জাতির দান নয়। কালে কালে নিথিলমানবের কর্মশিক্ষার ধারা প্রবাহিত হয়ে একই চিত্তসমূত্রে মিলিত হয়েছে। সেই চিত্তসাগরতীরে মাফুষ জন্মলাভ করে, তারই আহ্বানমন্ত্র দিকে দিকে ঘোষিত।

আদিকালের মাতুষ একদিন আগুনের রহস্ত ভেদ করল, তাকে ব্যবহারে লাগালো। আগুনের সত্য কোনো বিশেষ কালে আবদ্ধ রইল না, সর্বমানব এই আশ্চর্য রহস্তের অধিকারী হল। তেমনি পরিধেয় বস্ত্র, ভৃকর্ষণ প্রভৃতি প্রথম যুগের আবিদ্ধার থেকে শুরু করে মাতুষের সর্বত্ত চেষ্টা ও সাধনার মধ্য দিয়ে যে জ্ঞানসম্পদ আমরা পেলেম, তা কোনো বিশেষ জ্ঞাতির বা কালের নয়। এই কথা আমরা সম্যক্ উপলব্ধি করি না। আমাদের তেমনি দান চাই যা সর্বমানব গ্রহণ করতে পারে।

সর্বমানবের ত্যাগের ক্ষেত্রে আমরা জন্মেছি। ব্রহ্ম

ষিনি, স্টের মধ্যেই আপনাকে উৎসর্গ করে তাঁর আনন্দ, তাঁর সেই ত্যাগের ক্ষেত্রে জীবসকল জীবিত থাকে এবং তাঁরই মধ্যে প্রবেশ করে ও বিলীন হয় — এ যেমন অধ্যাত্ম-লোকের কথা, তেমনি চিত্তলোকেও মাহ্য মহামানবের ত্যাগের লোকে জন্মলাভ করেছে ও সঞ্চরণ করছে এই কথা উপলব্ধি করতে হবে; তবেই আহ্যুকিক শিক্ষাকে আমরা পূর্ণতা ও সর্বাঙ্গীণতা দান করতে পারব।

আমার তাই সংকল্প ছিল যে, চিত্তকে বিশেষ জ্বাতি ও ব্যক্তির মধ্যে আবদ্ধ না করে শিক্ষার ব্যবস্থা করব; দেশের কঠিন বাধা ও অন্ধ সংস্কার সত্ত্বেও এখানে সর্বদেশের মানবচিত্তের সহযোগিতায় সর্বকর্মযোগে শিক্ষাসত্র স্থাপন করব; শুধু ইতিহাস ভূগোল সাহিত্য -পাঠে নয়, কিন্তু সর্বশিক্ষার মিলনের দ্বারা এই সত্যসাধনা করব। এ অত্যম্ভ কঠিন সাধনা, কারণ চারি দিকে দেশে এর প্রতিকৃলতা আছে। দেশবাসীর যে আত্মাভিমান ও জ্বাতি-অভিমানের সংকীর্ণতা তার সঙ্গে সংগ্রাম করতে হবে।

আমরা যে এখানে পূর্ণ সফলতা লাভ করেছি তা বলতে পারি না, কিন্তু এই প্রতিষ্ঠানের অন্তর্নিহিত সেই সংক্রাটি আছে তা শ্বরণ করতে হবে। শুধু কেবল আমুবঙ্গিক কর্মপদ্ধতি নিয়ে ব্যক্ত থাকলে তার জটিল জাল বিস্তৃত করে বাহ্নিক শৃঙ্খলা-পারিপাট্যের সাধন সম্ভব হতে পারে, কিন্তু আদর্শের থবঁতা হবে।

প্রথম যথন অল্প বালক নিয়ে এখানে শিক্ষায়তন খুলি

তথনও ফললাভের প্রতি প্রলোভন ছিল না। তথন সহারক হিসাবে কয়েকজন কয়িকে পাই— য়েমন, ব্রহ্মবাদ্ধর উপাধ্যায়, কবি সতীশচন্দ্র, জগদানন্দ। এঁরা তথন একটি ভাবের ঐক্যে মিলিত ছিলেন। তথনকার হাওয়া ছিল অক্সরূপ। কেবলমাত্র বিধি নিষেধের জালে জড়িত হয়ে থাকতেম না, অল্ল ছাত্র নিয়ে তাদের সকলের সঙ্গে ঘনিষ্ঠ ষোণে আমাদের প্রাত্যহিক জীবন সত্য হয়ে উঠত। তাদের সেবার মধ্যে আমরা একটি গভীর আনন্দ, একটি চরম সার্থকতা উপলব্ধি করতেম। তথন অধ্যাপকদের মধ্যে অসীম ধৈর্ম দেখেছি। মনে পড়ে, য়েসব বালক হয়জপনায় হঃখ দিয়েছে তাদের বিদায় দিই নি বা অক্যভাবে পীড়া দিই নি। য়তদিন আমার নিজের হাতে এর ভার ছিল ততদিন বার বার তাদের ক্ষমা করেছি; অধ্যাপকদের ক্ষমা করেছি। সেইসকল ছাত্র পরে রুতিত্ব লাভ করেছে।

তথন বাছিক ফললাভের চিন্তা ছিল না, পরীক্ষার মার্কা-মারা করে দেবার ব্যক্ততা ছিল না, সকল ছাত্রকে আপন করবার চেষ্টা করেছি। তথন বিভালয় বিশ-বিভালয়ের সম্পর্কিত ছিল না, তার থেকে নির্লিপ্ত ছিল। তথনকার ছাত্রদের মনে এই অন্তর্গানের প্রতি স্থগভীর নিষ্ঠা লক্ষ্য করেছি।

এইভাবে বিভালয় অনেকদিন চলেছিল। এর অনেক পরে এর পরিধির বিস্তার হয়। সৌভাগ্যক্রমে তথন

স্বদেশবাসীর সহায়তা পাই নি; তাদের অহৈতুক বিক্লজতা ও অকারণ বিছেষ একে আঘাত করেছে, কিন্তু তার প্রতি দৃক্পাত করি নি এবং এই-যে কাজ শুক করলেম তার প্রচারেরও চেষ্টা করি নি। মনে আছে, আমার বন্ধুবর মোহিত সেন এই বিভালয়ের বিবরণ পেয়ে আরুষ্ট হন, আমাদের আদর্শ তাঁর মনকে গভীরভাবে নাড়া দেয়। তিনি বলেন, 'আমি কিছু করতে পারলেম না, বিশ্ববিভালয়ের চাকুরি আমার জীবিকা— এখানে এসে কাজ করতে পারলে ধতা হতাম। তা হল না। এবার পরীক্ষায় কিছু অর্জন করেছি, তার থেকে কিছু দেব এই ইচ্ছা।' এই বলে তিনি এক হাজার টাকার একটি নোট আমাকে দেন। বোধ হয় আমার প্রদেশবাসীর এই প্রথম ও শেষ সহামুভৃতি। এইসঙ্গেই উল্লেখ করতে হবে আমার প্রতি প্রীতিপরায়ণ ত্রিপুরাধিপতির আমুক্লা। আজও তাঁর বংশে তা প্রবাহিত হয়ে আসহে।

মোহিতবাবু অনেকদিন এই অন্থষ্ঠানের সঙ্গে আন্থরিকভাবে যুক্ত ছিলেন এবং আমার কী প্রয়োজন তার সন্ধান
নিতেন। তিনি অন্থমতি চাইলেন, এই বিভালয়ের বিষয়ে
কিছু কাগজে লেখেন। আমি তাতে আপত্তি জানাই।
বললেম, 'গুটিকতক ছেলে নিয়ে গাছপালার মধ্যে বসেছি,
কোনো বড়ো ঘরবাড়ি নেই, বাইরের দৃশ্য দীন, সর্বসাধারণ
একে ভুল বুঝবে।'

এই অল্প অধ্যাপক ও ছাত্র নিয়ে আমি বহুকটে আর্থিক

ত্রবস্থা ও তুর্গতির চরম দীমার উপস্থিত হয়ে ষেভাবে এই বিভালর চালিয়েছি তার ইতিহাদ রক্ষিত হয় নি । কঠিন চেষ্টার ঘারা ঋণ করে প্রতিদিনের প্রয়োজন জোগাতে দর্বস্বাস্থ্য হয়ে দিন কাটিয়েছি, কিন্তু পরিতাপ ছিল না । কারণ, গভীর সত্য ছিল এই দৈল্লদশার অন্তরালে । যাক, এ আলোচনা রুণা । কর্মের যে ফল তা বাইরের বিধানে দেখানো যায় না, প্রাণশক্তির যে রসসঞ্চার তা গোপন গৃঢ়, তা ভেকে দেখাবার জিনিস নয় । সেই গভীর কাজ সকল-প্রকার বিশ্বদ্ধতার মধ্যেও এখানে চলেছিল ।

এই নির্মম বিরুদ্ধতার উপকারিতা আছে— বেমন ক্ষমির অর্থব্রতা কঠিন প্রয়ণ্ডর দারা দ্র করে তবে ফসল ফলাতে হয়, তবেই তার উৎপাদনী শক্তি হয়, তার রসস্কার হয়। তঃথের বিষয়, বাংলার চিত্তক্ষেত্র অর্থবর, কোনো প্রতিষ্ঠানকে হয়য়ী করবার পক্ষে তা অর্থ্রুল নয়। বিনা কারণে বিদ্বেষের দারা পীড়া দেয় যে হর্বুদ্ধি তা গড়া জিনিসকে ভাঙে, সংকল্পকে আঘাত করে, শ্রদ্ধার সঙ্গে কিছুকে গ্রহণ করে না। এখানকার এই-যে প্রচেষ্টা রক্ষিত হয়েছে, তা কঠিনতাকে প্রতিহত করেই বেঁচেছে। অর্থবর্ধণের প্রশ্রেয় পেলে হয়তো এর আত্মসত্য রক্ষা করা হয়হ হত, অনেক জিনিস আসত খ্যাতির দারা আরুষ্ট হয়েয়া বাঞ্কনীয় নয়। তাই এই অখ্যাতির মধ্য দিয়ে এই বিহালয় বেঁচে উঠেছে।

এক সময় এল, যখন এর পরিধি বাড়বার দিকে গেল।

বিধুশেশ্বর শাস্ত্রী মহাশয় বললেন, দেশের যে টোল চতুষ্পাঠী আছে তা সংকীর্ণ, তা একালের উপযোগী নয়, তাকে বিস্তৃত করে পাশ্চাত্য শিক্ষার সলে যুক্ত করে দেশের শিক্ষাপ্রণালীকে কালোপযোগী করতে হবে। আমারও এই কথাটা মনে লেগেছিল। আমার তথনকার বিভালয় তথ্য বালকদের শিক্ষায়তন ছিল, এতবড়ো বৃহৎ অমুষ্ঠানের কথা মনে হয় নি এবং তাতে সফলকাম হব বলেও ভাবি নি। শাস্ত্রীমশায় তথন কাশীতে সংস্কৃত মাসিকপত্রের সম্পাদন ও সাহিত্যচর্চা করছিলেন। তিনি এখানে এসে জুটলেন। তথন পালিভাষা ও শাস্ত্রে তিনি প্রবীণ ছিলেন না, প্রথম আমার অমুরোধেই তিনি এই শাস্ত্রে জ্ঞানলাভ করতে ব্রতী হলেন।

ধীরে ধীরে এথানকার কাজ আরম্ভ হল। আমার মনে হল যে, দেশের শিক্ষাপ্রণালীর ব্যাপকতাসাধন করতে হবে। তথন এমন কোনো বিশ্ববিভালয় ছিল না যেথানে সর্বদেশের বিভাকে গৌরবের স্থান দেওয়া হয়েছে। সব য়ুনিভার্সিটিতে ভর্ম পরীক্ষা-পাদের জন্মই পাঠ্যবিধি হয়েছে, সেই শিক্ষা-ব্যবস্থা স্থার্থনাধনের দীনভায় পীড়িত, বিভাকে শ্রুজার সজে গ্রহণের কোনো চেষ্টা নেই। তাই মনে হল, এথানে মৃক্ষ-ভাবে বিশ্ববিভালয়ের শাসনের বাইরে এমন প্রতিষ্ঠান গড়ে তুলব ষেথানে সর্ববিভার মিলনক্ষেত্র হবে। সেই সাধনার ভার যাঁরা গ্রহণ করলেন, ধীরে ধীরে ভাঁরা এসে জুটলেন। আমার শিশুবিভালয়ের বিস্তৃতি সাধন হল— সভা-

সমিতি মন্ত্রণাসভা ভেকে নয়, অল্পরিসর প্রারম্ভ থেকে ধীরে ধীরে এর বৃদ্ধি হল। তার পর কালক্রমে কী করে এর কর্মপরিধি ব্যাপ্ত হল তা সকলে জানেন।

আমাদের কাজ যে কিছু সফল হয়েছে আমাদের কর্মীদের চোথে তার স্পষ্ট প্রতিরূপ ধরা পড়ে না, তারা সন্দিয় হয়, বাছিক ফলে অসন্তোষ প্রকাশ করে। তাই এক-একবার আমাদের কর্মে সার্থকতা কোথায় তা দেখতে ইচ্ছা হয়, নইলে পরিতৃষ্টি হয় না। এবার কলকাতা থেকে আসবার পর নিকটবর্তী গ্রামের লোকেরা আমায় নিয়ে গেল— তাদের মধ্যে গিয়ে বড়ো আনন্দ হল, মনে হল এই তো ফললাভ হয়েছে; এই জায়গায় শক্তি প্রসারিত হল, হলমে হলয়ে তা বিভৃত হল। পরীক্ষার ফল ছোটো কথা— এই তো ফললাভ, আমরা মায়্র্যের মনকে জাগাতে পেরেছি। মায়্র্য ব্রেছে, আমরা তাদের আপন। গ্রাম্বাসীদের সরল হলয়ে এথানকার প্রভাব সঞ্চারিত হল, তাদের আত্মশক্তির উদ্বোধন হল।

আমার মরবার আগে এই ব্যাপার দেখে খুশি হয়েছি।
এই-যে এরা ভালোবেদে ডাকল, এরা আমাদের কাছে
থেকে শ্রন্ধা ও শক্তি পেয়েছে। এ জনতা ডেকে 'মহতী সভা'
করা নয়, খবরের কাগজের লক্ষণোচর কিছু ব্যাপার নয়।
কিন্তু এই গ্রামবাদীর ডাক, এ আমার হৃদয়ে স্পর্শ করল।
মনে হল দীপ জলেছে, হৃদয়ে হৃদয়ে তার শিখা প্রদীপ্ত
হল, মাহুষের শক্তির আলোক হৃদয়ে হৃদয়ে উদ্ভাসিত হল।

এই-ষে হল, এ কোনো একজনের ক্লতিত্ব নয়। সকল
কর্মীর চেটা চিস্তা ও ত্যাগের দারা, সকলের মিলিত কর্ম
এই সমগ্রকে পুট্ট করেছে। তাই ভরসার কথা, এ কৃত্রিম
উপায়ে হয় নি। কোনো ব্যক্তিবিশেষকে আশ্রয় করে এ
কাজ হয় নি। ভয় নেই,প্রাণশক্তির সঞ্চার হয়েছে, আমাদের
অবর্তমানে এই অম্প্রান জীর্ণ ও লক্ষ্যন্ত হবে না।

আমরা জনসাধারণকে আপন সংকল্পের অন্তর্গত করতে পেরেছি— এই প্রতিষ্ঠান তার অভিমুখে চলেছে। অল্প পরিমাণে এক জারগাতেই আমরা ভারতের সমস্থার সমাধান করব। রাজনীতির ঔদ্ধত্যে নয়, সহজভাবে দেশবাসীদের আত্মীয়রপে বরণ করে তাদের নিয়ে এখানে কাজ করব। তাদের ভোটাধিকার নিয়ে বিশ্ববিজয়ী হতে না পারি, তাদের সঙ্গে চিত্তের আদানপ্রদান হবে, তাদের সেবায় নিয়ুক্ত হব। তারাও দেবে, আমাদের কাছ থেকে নেবে, এই সর্বভারতের কাজ এথানে হবে।

এক সময়ে আমার কাছে প্রশ্ন আদে— তৎকালীন স্বদেশী আন্দোলনে কেন যোগ দিচ্ছি না। আমি বলি— সকলের মধ্যে যে উত্তেজনা আমার কাজকে তা অগ্রসর করবে না। শুধু একটি বিশেষ প্রণালীর দ্বারাই যে সত্যসাধনা হয় আমি তা মনে করি না। তাই আমি বলি যে, এই প্রশ্নের উত্তর যথন এখানে পূর্ণ হয়ে উঠবে তথন একদিন তা সকলের গোচর হবে। যা আমি সত্য বলে মনে করেছি সে উত্তরের জোগান হয়তো এখান থেকেই হবে।

সেই অপেক্ষায় ছিলুম। সত্যের মধ্যে সংকীর্ণতা নেই— সকল বিভাগে মহয়তত্বের সাধনা প্রসারিত। দল বাডাবার সংকীর্ণ চেষ্টার মধ্যে সেই সত্যের থর্বতা হয়।

আধুনিক কালের মাছ্যের ধারণা যে, বিজ্ঞাপনের ঘারা সংকল্পের ঘোষণা করতে হয়। দেখি যে, আজকাল কথমও কথনও বিশ্বভারতীর কর্ম নিয়ে পত্রলেখকেরা সংবাদপত্রে লিখে থাকেন। এতে ভয় পাই, এ দিকে লক্ষ্য হলে সত্যের চেয়ে খ্যাতিকে বড়ো করা হয়। সত্য স্কল্পকে অবজ্ঞা করে না, অবান্তবকে ভয় করে, তাই খ্যাতির কোলাহলকে আশ্রম করতে সে কুন্তিত। কিন্তু আধুনিক কালের ধর্ম—ব্যাপ্তির ঘারা কাজকে বিচার করা, গভীরতার ঘারা নয়। তার পরিণাম হয় গাছের ভালপালার পরিব্যাপ্তির মতো, তাতে ফল হয় কম।

আমি এক সময়ে নিভূতে তুঃধ পেয়েছি অনেক, কিন্তু তাতে শান্তি ছিল। আমি থ্যাতি চাই নি, পাই নি; বরং অখ্যাতিই ছিল। মহু বলেছেন— সম্মানকে বিষের মতো জানবে। অনেক কাল কর্মের পুরস্কার-স্বরূপে সম্মানের দাবি করি নি। একলা আপনার কাজ করেছি, সহ্যোগিতার আশা ছেড়েই দিয়েছি। আশা করলে পাবার সম্ভাবনা ছিল না। তেমন স্থলে বাহ্যিকভাবে না পাওয়াই সাস্থ্যজনক।

বিশ্বভারতীর এই প্রতিষ্ঠান যে যুগে যুগে দার্থক হতেই থাকবে, তা বলে নিজেকে ভুলিয়ে কী হবে।

মোহমুক্ত মনে নিরাশী হয়েই যথাসাধ্য কাচ্চ করে যেতে পারি যেন। বিধাতা আমাদের কাছে কাঞ্চ দাবি করেন কিন্তু আমরা তাঁর কাছে ফল দাবি করলে তিনি তার হিসাব গোপনে রাখেন, নগদ মজুরি চকিয়ে দিয়ে আমাদের প্রয়াসের অবমাননা করেন না। তা ছাড়া আব্দ আমরা যে সংকল্প করেচি আগামী কালেও যে অবিকল তারই পুনরাবৃত্তি চলবে, কালের সে ধর্ম নয়। ভাবী কালের দিকে আমরা পথ তৈরি করে দিতে পারি, কিন্তু গম্য স্থানকে আমার আজকের দিনের রুচি ও বৃদ্ধি দিয়ে একেবারে পাকা করে দেব, এ হতেই পারে না। যদি অন্ধ মমতায় তাই করে দিই তা হলে সে আমাদের মৃত সংকল্পের সমাধিস্থান হবে। আমাদের যে চেপ্তা বর্তমানে জন্মগ্রহণ করে, সময় উপস্থিত হলে তার অস্ত্যেষ্টিসংকার হবে, তার মারা সত্যের দেহ-মৃক্তি হবে, কিন্তু তার পরে নবজন্মে তার নবদেহধারণের আহ্বান আসবে এই কথা মনে রেখে—

> নাভিনন্দেত মরণং নাভিনন্দেত জীবিতম্। কালমেব প্রতীক্ষেত নির্দেশং ভূতকো যথা॥

» পৌষ ১৩৩৯ শাস্তিনিকেতন

১৬

প্রোচ় বয়সে একদা যথন এই বিছায়তনের প্রতিষ্ঠা করেছিলেম তথন আমার সম্মুথে ভাসছিল ভবিষ্যৎ, পথ তথন লক্ষ্যের অভিমুথে, অনাগতের আহ্বান তথন ধ্বনিত — তার ভাবরূপ তথনও অস্পষ্ট, অথচ এক দিক দিয়ে তা এখনকার চেয়ে অধিকতর পরিস্ফুট ছিল। কারণ, তথন য়ে আদর্শ মনে ছিল তা বাহুবের অভিমুথে আপন অথগু আনন্দ নিয়ে অগ্রসর হয়েছিল। আজ আমার আয়ৢড়াল শেষপ্রায়, পথের অল্প প্রাম্ভে পৌছিয়ে পথের আরক্তনীমা দেখবার হয়েযাগ হয়েছে, আমি সেই দিকে গিয়েছি— য়েমনতর স্থ্য যথন পশ্চম-অভিমুথে অন্তাচলের তটদেশে তথন তার সামনে থাকে উদয়দিগন্ত, য়েখানে তার প্রথম য়াত্রারপ্ত।

অতীত কাল সম্বন্ধে আমরা যথন বলি তথন আমাদের হৃদয়ের পূর্বরাগ অত্যুক্তি করে, এমন বিশ্বাস লোকের আছে। এর মধ্যে কিছু সত্য আছে, কিন্তু সম্পূর্ণ সত্য নেই। যে দূরবর্তী কালের কথা আমরা শ্বরণ করি তার থেকে যা-কিছু অবাস্তর তা তথন স্বতই মন থেকে থারে পড়েছে। বর্তমান কালের সঙ্গে যত কিছু আকস্মিক, যা-কিছু অসংগত সংযুক্ত থাকে, তা তথন শ্বলিত হয়ে ধৃলিবিলীন; পূর্বে নানা কারণে যার রূপ ছিল বাধাগ্রন্ত, তার সেই বাধার কঠোরতা আজ আর পীড়া দেয় না। এইকায়

গতকালের যে চিত্র মনের মধ্যে প্রকাশ পায় তা স্থসম্পূর্ণ,
যাত্রারক্তের সমস্ত উৎসাহ শ্বতিপটে তথন ঘনীভূত। তার
মধ্যে এমন অংশ থাকে না যা প্রতিবাদরূপে অক্স অংশকে
থণ্ডিত করতে থাকে। এইজক্সই অতীত শ্বতিকে আমরা
নিবিড়ভাবে মনে অক্সভব করে থাকি। কালের দ্রুত্বে, যা
যথার্থ সত্য তার বাহ্তরপের অসম্পূর্ণতা ঘুচে যায়, সাধনার
কল্পমূর্তি অক্ষ্ম হয়ে দেখা দেয়।

প্রথম যথন এই বিভালয় আরম্ভ হয়েছিল তথন এর আয়োজন কত সামাত্র চিল, সেকালে এখানে যারা ছাত্র ছিল তারা তা জানে। আজকের তুলনায় তার উপকরণ-বিরলতা, দকল বিভাগেই তার অকিঞ্চনতা, অত্যস্ত বেশি ছিল। কটি বালক ও ছুই-এক জন অধ্যাপক নিয়ে বড়ো জামগাছতলায় আমাদের কাজের স্চনা করেছি। একাশ্বই সহজ ছিল তাদের জীবন্যাত্রা— এখনকার সঙ্গে তার প্রভেদ গুরুতর। এ কথা বলা অবশ্রুই ঠিক নয় যে. এই প্রকাশের ক্ষীণতাতেই সত্যের পূর্ণতর পরিচয়। শিশুর মধ্যে আমরা যে রূপ দেখি তার দৌন্দর্যে আমাদের মনে আনন্দ জাগায়, কিন্তু তার মধ্যে প্রাণরূপের বৈচিত্র্য ও বহুধাশক্তি নেই। তার পূর্ণ মূল্য ভাবী কালের প্রত্যাশার মধ্যে। তেমনি আশ্রমের জীবনযাত্রার যে প্রথম উপক্রম, বর্তমানে দে ছিল ছোটো, ভবিয়তেই দে ছিল বড়ো। তথন ধা ইচ্ছা করেছিলাম তার মধ্যে কোনো সংশয় ছিল না। তথন আশা ছিল অমৃতের অভিমৃথে, যে সংসার উপকরণবহুলতায়

প্রতিষ্ঠিত তা পিচনে রেখেই সকলে এসেচিলেন। যারা এখানে আমার কর্মসঙ্গী চিলেন, অত্যন্ত দরিত্র চিলেন তারা। আৰু মনে পড়ে— কী কট্ট না তারা এথানে পেয়েছেন, দৈহিক সাংসারিক কত দীনতাই না তাঁরা বহন করেছেন। প্রলোভনের বিষয় এখানে কিছুই চিল না. জীবন্যাত্রার স্থবিধা তো নয়ই, এমন-কি খ্যাতিরও না---অবস্থার ভাবী উন্নতির আশা মরীচিকারপেও তথন দুরদিগস্তে ইন্দ্রজাল বিস্তার করে নি। কেউ তথন আমাদের কথা জানত না. জানাতে ইচ্ছাও করি নি। এখন যেমন সংবাদপত্তের নানা ছোটোবড়ো জয়তাক আছে যা সামান্ত ঘটনাকে শব্দায়িত করে রটনা করে, তার আয়োজনও তথন এমন ব্যাপক ছিল না। এই বিছালয়ের কথা ঘোষণা করতে অনেক বন্ধু ইচ্ছাও করেছেন, কিন্তু আমরা তা চাই নি। লোকচক্ষর অগোচরে, বহু তৃঃথের ভিতর দিয়ে সে চিল আমাদের যথার্থ তপস্থা। অর্থের এত অভাব চিল যে. আজ জগদব্যাপী তুঃসময়েও তা কল্পনা করা যায় না। আর সে কথা কোনোকালে কেউ জানবেও না, কোনো ইতিহাদে তা লিখিত হবে না। আশ্রমের কোনো সম্পত্তি ছিল না, সহায়তা ছিল না— চাইও নি। এইজন্মই, যাঁরা তথন এথানে কাজ করেছেন তাঁরা অন্তরে দান করেছেন, বাইরে কিছু নেন নি। যে আদর্শে আরুষ্ঠ হয়ে এখানে এসেচি তার বোধ সকলেরই মনে যে স্পষ্ট বা প্রবল ছিল তা নয়, কিন্তু অল্প পরিসরের মধ্যে তা নিবিড় হতে

বিশভারতী

পেরেছিল। ছাত্রেরা তথন আমাদের অত্যম্ভ নিকটে ছিল, অধ্যাপকেরাও পরস্পর অত্যন্ত নিকটে ছিলেন-পরস্পরের হৃত্তৎ ছিলেন তাঁরা। আমাদের দেশের তপোবনের আদর্শ আমি নিয়েছিলাম। কালের পরিবর্তনের সঙ্গে সে আদর্শের রূপের পরিবর্তন হয়েছে, কিন্তু তার মূল मठाि ठिक चाहि— मि ट्राइ, कीविकात चामर्गक স্বীকার করে তাকে সাধনার আদর্শের অহুগত করা। এক ममार बार्टी व्यानक है। व्यान हा इराइ हिम, यथन की वनगावात পরিধি ছিল অনতিরহৎ। তাই বলেই দেই বল্লায়তনের মধ্যে সহজ জীবনযাত্রাই শ্রেষ্ঠ আদর্শ, এ কথা সম্পূর্ণ সত্য নয়। উচ্চতর সংগীতে নানা ক্রটি ঘটতে পারে: একতারায় ভুলচকের সম্ভাবনা কম, তাই বলে একতারাই শ্রেষ্ঠ এমন নয়। বরঞ্চ কর্ম যথন বহুবিস্তৃত হয়ে বন্ধর পথে চলতে থাকে তথন তার সকল ভ্রমপ্রমাদ সত্ত্বে যদি তার মধ্যে প্রাণ থাকে তবে তাকেই শ্রদ্ধা করতে হবে। শিশু-অবস্থার সহজতাকে চিরকাল বেঁধে রাথবার ইচ্চা ও চেপ্তার মতো বিডম্বনা আর কী আছে। আমাদের কর্মের মধ্যেও সেই कथा। यथन এकला इहारिंग कार्यरक्करखन्न मरश्र हिलूम তথন সব কর্মীদের মনে এক অভিপ্রায়ের প্রেরণা সহজেই কাজ করত। ক্রমে ক্রমে যথন এ আশ্রম বড়ো হয়ে উঠল তথন একজনের অভিপ্রায় এর মধ্যে সম্পূর্ণভাবে প্রকাশ পাবে এ সম্ভব হতে পারে না। অনেকে এথানে এসেছেন, বিচিত্র তাঁদের শিক্ষাদীক্ষা- সকলকে নিয়েই আমি কাজ

করি, কাউকে বাছাই করি নে, বাদ দিই নে ; নানা ভূলফ্রটি घटि, नाना विट्याश-विद्याध घटि -- এ-मव निर्वेश खिन সংসারে জীবনের যে প্রকাশ ঘাতাভিঘাতে সর্বদা আন্দোলিত, তাকে আমি সম্মান করি। আমার প্রেরিত আদর্শ নিয়ে সকলে মিলে একতারা-যন্তে গুঞ্জরিত করবেন এমন অতি দরল ব্যবস্থাকে আমি নিজেই শ্রদ্ধা করি নে। वाभि गांदक वर्षा वरन कानि, ध्वष्ठं वरन या वदन करत्रि, অনেকের মধ্যে তার প্রতি নিষ্ঠার অভাব আছে জানি, কিন্ত তা নিয়ে নালিশ করতে চাই নে। আব্দু আমি বর্তমান থাকা সত্ত্বেও এথানকার যা কর্ম তা নানা বিরোধ ও অসংগতির মধ্য দিয়ে প্রাণের নিয়মে আপনি তৈরি হয়ে উঠচে: আমি যথন থাকব না তথনও অনেক চিত্তের সমবেত উল্মোগে যা উদভাবিত হতে থাকবে, তাই হবে সহজ সত্য। ক্লত্রিম হবে যদি কোনো এক ব্যক্তি নিজের जारमन-निर्दर्श একে वाधा करत्र हालाय- श्रानधरमंत्र मरधा স্বতোবিরোধিতাকেও স্বীকার করে নিতে হয়।

অনেক দিন পরে আজ্ব এ আশ্রমকে সমগ্র করে দেখতে পাছি; দেখছি আপন নিয়মে এ আপনি গড়ে উঠেছে। গলা বখন গলোত্রীর মুখে তখন একটিমাত্র তার ধারা। তার পর ক্রমে বহু নদনদীর সহিত যতই সে সংগত হল, সমুদ্রের যত নিকটবর্তী হল, কত তার রূপান্তর ঘটেছে। সেই আদিম স্বচ্ছতা আর তার নেই; কত আবিলতা প্রবেশ করেছে তার মধ্যে; তবু কেউ বলে না গলার

উচিত ফিরে যাওয়া, যেহেতু অনেক মলিনতা ঢুকেছে তার মধ্যে, সে সরল গতি আর তার নেই। সব নিয়ে ষে সমগ্রতা সেইটিই বড়ো— আশ্রমও স্বতোধাবিত হয়ে সেই পথেই চলেছে, অনেক মান্তবের চিত্তদন্মিলনে আপনি গডে উঠছে। অবশ্ব এর মধ্যে একটা ঐক্য এনে দেয় মূলগত একটা আদিম বেগ: তারও প্রয়োজন আছে, অথচ এর গতি প্রবল হয় সকলের স্মিলনে। নিত্যকালের মতো কিছুই কল্পনা করা চলে না— তবে এর মূলগত একটি গভীর তত্ত্ব বরাবর থাকবে এ কথা আমি আশা করি— দে কথা এই যে, এটা বিভাশিক্ষার একটা খাঁচা হবে না, এখানে সকলে মিলে একটি প্রাণলোক সৃষ্টি করবে। এমনতরো ম্বর্গলোক কেউ রচনা করতে পারে না যার মধ্যে কোনো কল্ম নেই, তুঃথজনক কিছু নেই; কিন্তু বন্ধুরা জানবেন যে, এর মধ্যে যা নিন্দনীয় সেইটাই বড়ো নয়। চোথের পাতা ওঠে. চোথের পাতা পড়ে; কিন্তু পড়াটাই বড়ো নয়, সেটাকে বড়ো বললে অন্ধতাকে বড়ো বলতে হয়। যাঁরা প্রতিকৃল, নিন্দার বিষয় তাঁরা পাবেন না এমন নয়-নিন্দনীয়তার হাত থেকে কেউই রক্ষা পেতে পারে না। কিন্তু তাকে পরাম্ভ করে উত্তীর্ণ হয়েও টিকে থাকাতেই প্রাণের প্রমাণ। আমাদের দেহের মধ্যে নানা শক্ত নানা রোগের বীজাণু— তাকে আলাদা করে যদি দেখি তো দেখব প্রত্যেক মামুষ বিক্লতির আলয়। কিন্তু আদলে রোগকে পরাস্ত করে যে স্বাস্থ্যকে দেখা যাচ্ছে সেইটেই সত্য।

দেহের মধ্যে যেমন লড়াই চলছে, প্রত্যেক অমুষ্ঠানের মধ্যেই তেমনি ভালোমন্দের একটা দ্বন্দ্ব আছে— কিন্তু সেটা পিছন দিকের কথা। এর মধ্যে স্বাস্থ্যের তত্ত্বটাই বড়ো।

আমি এমন কথা কথনও বলি নি. আজও বলি নে যে, আমি যে কথা বলব তাই বেদবাক্য- সেরকম অধিনেতা আমি নই। অসাধারণ তত্ত্ব তো আমি কিছু উদভাবন করি নি; সাধকেরা যে অথগু পরিপূর্ণ জীবনের কথা বলেন দে কথা যেন সকলে স্বীকার করে নেন। এই একটি কথা ধ্রুব হয়ে থাক। তার পরে পরিবর্তমান পরিবর্ধমান স্**ষ্টির** काक मकरन भिर्ने हर्त। भाग्रस्त एएर रयभन अन्ति. এই অনুষ্ঠানের মধ্যেও তেমনি একটি যান্ত্রিক দিক আছে। এই অফুষ্ঠান যেন প্রাণবান হয়, কিন্তু যন্ত্রই যেন মুখ্য না হয়ে ওঠে; হাদয়-প্রাণ-কল্পনার সঞ্চরণের পথ যেন থাকে। আমি কল্পনা করি, এথানকার বিভালয়ের আসাদন এক সময়ে যাঁরা পেয়েছেন, এখানকার প্রাণের সঙ্গে প্রাণকে মিলিয়েছেন, অনেক সময় হয়তো তাঁরা এথানে অনেক বাধা পেয়েছেন, তুঃথ পেয়েছেন, কিন্তু দুরে গেলেই পরিপ্রেক্ষিতে দেখতে পান এখানে যা বড়ো যা সভ্য। আমার বিশাস, সেই দৃষ্টিমান অনেক ছাত্র ও কমী নিশ্চয়ই আছেন, নইলে অস্বাভাবিক হত। এক সময়ে তাঁরা এথানে নানা আনন্দ পেয়েছেন, স্থ্যবন্ধনে আবদ্ধ হয়েছেন— এর প্রতি তাঁদের মমতা থাকবে না এ হতেই পারে না। আমি আশা করি. কেবল নিজ্ঞিয় মমতা-দারা নয়, এই অনুষ্ঠানের অন্তর্বর্তী হয়ে

যদি তাঁরা এর শুভ ইচ্ছা করেন, তবে এর প্রাণের ধারা অব্যাহত থাকতে পারবে, যন্ত্রের কঠিনতা বড়ো হয়ে উঠতে পারবে না। এক সময়ে এথানে যাঁরা ছাত্র ছিলেন, যাঁরা এখানে কিছু পেয়েছেন, কিছু দিয়েছেন, তাঁরা যদি অস্তরের সঙ্গে একে গ্রহণ করেন তবেই এ প্রাণবান হবে। এইজ্ঞ আৰু আমার এই ইচ্ছা প্রকাশ করি যে, যাঁরা জীবনের অর্ঘ্য এখানে দিতে চান, যাঁরা মমতা-দারা একে গ্রহণ করতে চান, তাঁদের অন্তর্বতী করে নেওয়া যাতে সহজ্ব হয় সেই প্রণালী যেন আমরা অবলম্বন কবি। যাঁবা একদা এখানে ছিলেন তাঁরা দশ্দিলিত হয়ে এই বিল্লালয়কে পূর্ণ করে রাখুন এই আমার অমুরোধ। অক্সব বিভালয়ের মতো এ আশ্রম ষেন কলের জিনিস না হয়- তা করব না বলেই এখানে এসেছিলাম। যন্তের অংশ এসে পডেছে, কিন্তু সবার উপরে প্রাণ যেন সত্য হয়। সেইজন্মই আহ্বান করি তাঁদের যারা এক সময়ে এখানে ছিলেন, বাঁদের মনে এখন্ড সেই স্বৃতি উজ্জ্বল হয়ে আছে। ভবিশ্বতে যদি আদর্শের প্রবলতা ক্ষীণ হয়ে আদে তবে সেই পূর্বতনেরা যেন একে প্রাণ-ধারায় সঞ্চীবিত করে রাথেন, নিষ্ঠা দ্বারা শ্রন্ধা দ্বারা এর কর্মকে সফল করেন —এই আখাস পেলেই আমি নিশ্চিম্ভ হয়ে বেতে পারি।

৮ পোৰ ১৩৪১ শাস্তিনিকেতন

39

এই আশ্রমবিত্যালয়ের কোথা থেকে আরম্ভ, কোন সংক্র নিয়ে কিসের অভিমুখে এ চলেছে, সে কথা প্রতি বর্ষে একবার করে ভাববার সময় আসে— বিশেষ করে আমার —কেননা অফুডব করি, আমার বলবার সময় আর বেশি নেই। এর ইতিহাস বিশেষ নেই: যে কাঞ্চের ভার নিয়েছিলাম তা নিজের প্রকৃতিসংগত নয়। পূর্বে সমাজ থেকে দুরে কোণে মামুষ হয়েছি; আমি যে পরিবারে মামুষ হয়েছিলাম, লোকসমাজের দক্ষে সংযোগ ছিল তার অল। যখন সাহিত্যে প্রবৃত্ত হলাম সে সময়ও নিভূতে নদীতীরে कां हिरम् हि। अभन मभग अहे विद्यालयात्र आख्वान अल। এই কথাটা অনুভব করেচিলাম, শহরের থাঁচায় আবদ্ধ হয়ে মানবশিশু নির্বাসনদণ্ড ভোগ করে, তার শিক্ষাও বিল্লালয়ে সংকীর্ণ পরিধিতে সীমাবদ্ধ। গুরুর শাসনে তারা অনেক তঃখ পায়, এ সম্বন্ধে আমার নিজেরও অভিজ্ঞতা আছে। কথনও ভাবি নি, আমার দারা এর কোনো উপায় হবে। তবু একদিন নদীতীর ছেড়ে এখানে এদে আহ্বান করলুম ছেলেদের। এখানকার কাব্দে প্রথমে যে উৎসাহ এসেছিল সেটা স্ষ্টির আনন: শিক্ষাকে লোকহিতের দিক থেকে জ্বনসেবার অঙ্গ করে দেখা যায়- সে দিক থেকে षामि এशान काक षात्रष्ठ कति नि। श्रकृष्टित त्रीन्तर्यत

মধ্যে মাত্রষ হয়ে এখানকার ছেলেদের মন বিকশিত হবে, আবরণ ঘুচে যাবে, কল্পনায় এই রূপ দেখতে পেতাম। যথন জানলুম, এ কাজের ভার নেবার আর কেউ নেই, তথন অনভিজ্ঞতা সত্ত্বেও এ ভার আমি নিয়েছিলাম। আমি মনে করেছিলাম, আমার ছেলেরা প্রাণবান হবে, তাদের মধ্যে ঔৎস্থক্য জাগরিত হবে। তারা বেশি পাস-মার্কা পেয়ে ভালো করে পাস করবে এ লোভ ছিল না-তারা আনন্দিত হবে, প্রকৃতির ভশ্রষায় শিক্ষকের ঘনিষ্ঠ আত্মীয়তায় পরিপূর্ণভাবে বিকশিত হবে এই ইচ্ছাই মনে ছিল। অল্প কয়েকটি ছেলে নিয়ে গাছের তলায় এই লক্ষ্য নিয়েই কাজ আরম্ভ করেছিলাম। প্রকৃতির অবাধ দঙ্গ লাভ করবার উন্মক্ত ক্ষেত্র এখানেই ছিল; শিক্ষার যাতে তারা আনন্দ পায়, উৎসাহ বোধ করে, সেজন্য সর্বদা চেষ্টা করেছি, ছেলেদের রামায়ণ মহাভারত পড়ে শুনিয়েছি; অক্ষয়চন্দ্র সরকার মহাশয় তথন এখানে আসতেন, তিনি তা শুনতে ছাত্র হয়ে আসতে পারবেন না বলে আক্ষেপ প্রকাশ করেছেন। ছেলেদের জন্ম নানারকম থেলা মনে মনে আবিষ্কার করেছি. একত্র হয়ে তাদের সঙ্গে অভিনয় করেছি, তাদের জন্ম নাটক রচনা করেছি। সন্ধ্যার অন্ধকারে যাতে তারা চুঃথ না পায় এজন্য তাদের চিত্ত-বিনোদনের নৃতন নৃতন উপায় সৃষ্টি করেছি— তাদের সমস্ত সময়ই পূর্ণ করে রাখবার চেষ্টা করেছি। আমার নাটক গান তাদের জন্মই আমার রচনা। তাদের খেলা-

ধুলোয়ও তথন আমি যোগ দিয়েছি। এইদব ব্যবস্থা অন্তত্র শিক্ষাবিধির অন্তর্গত নয়। অন্ত বিদ্যালয়ে ক্রিয়াপদ শব্দরপ হয়তো বিশুদ্ধভাবে মুখস্থ করানো হচ্ছে— অভিভাবকের দৃষ্টিও সেই দিকেই। আমাদের হয়তো সে দিকে কিছু ক্রটি হয়ে থাকতে পারে. কিন্তু এ কথা বলতেই रूट रय, এथारन ছाजरम्ब महक मुक्तिव जानम मिर्प्रिष्टि। मर्वना जारनत मनी हरय छिलाम- माळ नगरी-शाठरी नय, **७**४ जारनत निर्निष्ठे भार्कत मरधा नम् जारनत जाभन অন্তরের মধ্যে তাদের জাগিয়ে তলতে চেষ্টা করেছি। কোনো নিয়ম -দারা তারা পিষ্ট না হয়, এই আমার মনে অভিপ্রায় ছিল। এই চেষ্টায় সঙ্গী পেয়েছিলুম কিশোর কবি সতীশচন্দ্রকে— শিক্ষাকে তিনি আনন্দে সরস করে তুলতে পেরেছিলেন, দেক্দপীয়রের মতো কঠিন বিষয়কেও তিনি অধ্যাপনার গুণে শিশুদের মনে মুদ্রিত করে দিতে পেরে-ছিলেন। তার পরে ক্রমশ নানা ঋতু-উৎসবের প্রচলন হয়েছে: আপনার অজাতদারে প্রকৃতির দঙ্গে আমাদের व्यानत्मत्र याग এই উৎসবের সহযোগে গড়ে উঠবে এই আমার লক্ষ্য ছিল।

ছাত্রসংখ্যা তথন অল্প ছিল এও একটা স্থযোগ ছিল, নইলে আমার পক্ষে একলা এর ভার গ্রহণ করা অসম্ভব হত। সকল ছাত্র-শিক্ষকে মিলে তথন এক হয়ে উঠে-ছিলেন, কাজেই সকলকে এক অভিপ্রায়ে চালিত করা সহজ হয়েছিল।

ক্রমে বিছালয় বড়ো হয়ে উঠেছে। আমি যথন এর জন্য দায়ী ছিলুম তথন অনেক সংকট এসেছে, সবই সহ করেছি: অনেক সময় বহুসংখ্যক ছাত্রকে বিদায় করতে হয়েছে, তার যা আর্থিক ক্ষতি যেমন করে পারি বহন করেছি। কেবল এইটক লক্ষ্য রেখেছি, যেন ছাত্র শিক্ষক এক আদর্শে অমুপ্রাণিত হয়ে চলেন। ক্রমে যেটা সহজ পদ্বা বিভালয় সেই দিকেই চলেছে বলে মনে হয়— শিক্ষার रयमव প্রণালী সাধারণত প্রচলিত, বিশ্ববিচ্ছালয়ের দাবি, সেইগুলিই বলবান হয়ে ওঠে, তার নিজের ধারা বদলে গিয়ে হাই-ইম্বলের চলতি ছাঁচের প্রভাব প্রবল হয়ে ওঠে, কেননা সেই দিকেই ঝোঁক দেওয়া সহজ ; সফলতার আদর্শ প্রচলিত আদর্শের দিকে ঝুকৈ পড়ে। মাঝথানে এল কনন্টিট্যশন, ঠিক হল বিতালয় ব্যক্তির অধীনে থাকবে না, সর্বসাধারণের ক্ষচিই একে পরিচালিত করবে। আমার কবিপ্রকৃতি ব'লেই হয়তো কনটিট্যশন, নিয়মের কাঠামো, যাতে প্রাণধর্মের চেয়ে ক্লত্রিম উপায়ের উপর বেশি জোর, তা আমি বুঝতে পারি নে: স্প্রের কার্যে এটা বাধা দেয় বঙ্গেই আমার মনে হয়। যাই হোক, কনন্টিট্যশনে নির্ভর রেখে আমি এর মধ্য থেকে অবকাশ নিয়েছি: কিন্তু এ কথা তো ভুলতে পারি নে যে, এ বিভালয়ের কোনো বিশেষত্ব যদি অবশিষ্ট না থাকে তবে নিজেকে বঞ্চিত করা হয়। সাধ্যের বেশি অনেক আমাকে এর জন্ম দিতে হয়েছে, কেউ সে কণা জানে না— কত ত্র:নহ কষ্ট আমাকে স্বীকার করতে

হয়েছে। অত্যন্ত হুঃখে যাকে গড়ে তুলতে হয়েছে সে यদি এমন হয় যা আরও ঢের আছে, অর্থাৎ তার সার্থকতার মানদণ্ড যদি সাধারণের অহুগত হয়, তবে কী দরকার ছিল এমন সমূহ ক্ষতি স্বীকার করবার ? বিভালয় যদি একটা হাই-ইম্বলে মাত্র পর্যবসিত হয় তবে বলতে হবে ঠকলুম। আমার দকে যাঁরা এথানে শিক্ষকতা আরম্ভ करबिहिलन, এथानकाव जामर्लंब मर्सा गांवा धीरव धीरव বেড়ে উঠছিলেন, তাঁদের অনেকেই আজ পরলোকে। পরবর্তী যাঁরা এখন এসেছেন তাঁদের শিক্ষকতার আদর্শ, দুর থেকে ছাত্রদের পরিচালনা করা, এটা আমার সময় ছিল না। এরকম করে দূরত্ব রেখে অন্তঃকরণকে জাগিয়ে তোলা সম্ভব হয় না। এতে হয়তো খুব দক্ষ পরিচালনা হতে পারে কিন্তু তার চেয়ে বড়ো জিনিসের অভাব ঘটতে থাকে। এখন অনেক ছাত্র অনেক বিভাগ হয়েছে. দকলই বিচ্ছিন্ন অবস্থায় চলছে। কর্মী দমগ্র অহুষ্ঠানটিকে চিম্ভার ক্ষেত্রে দেবার ক্ষেত্রে এক করে দেখতে পাচ্ছেন ना- विष्कृत कन्नारक ।

আমার বক্তব্য এই যে, সকল বিভাগই যদি এক প্রাণক্রিয়ার অন্তর্গত না হয় তবে এ ভার বহন করা কঠিন। আমি যতদিন আছি ততদিন হয়তো এ বিচ্ছেদ ঠেকাতে পারি, কিন্তু আমার অবর্তমানে কার আদর্শে চলবে ? আমি এই বিভালয়ের জন্ম অনেক তৃঃথ স্বীকার করে নিয়েছি— আশা করি আমার এই উদ্বেগ প্রকাশ করবার অধিকার

আছে। এমন প্রতিষ্ঠান নেই যার মধ্যে কিছু নিন্দনীয় নেই, কিন্তু দরদী তা বৃক দিয়ে চাপা দেয়; এমন অন্তষ্ঠান নেই যার হঃথ নেই, বন্ধু তা আনন্দের সঙ্গে বহন করে। দৃঢ় নিষ্ঠার সঙ্গে সকলে একত্র হয়ে যেন আমরা আদর্শের বিশুদ্ধি রক্ষা করি, বিভালয়ের মূল উদ্দেশ্য বিশ্বত না হই।

ক্রমে বিছালয়ের মধ্যে আর-একটা আইডিয়া প্রবেশ করেছিল— সংস্কৃতির ক্ষেত্রে বিশ্বের সঙ্গে ভারতবর্ধের যোগ। এতে নানা লাভ ক্ষতি হয়েছে, কিন্তু পেয়েছি আমি কয়েকজন বন্ধু যাঁরা এখানে ত্যাগের অর্য্য এনেছেন—আমার কর্মকে, আমাকে ভালোবেসেছেন। নানা নিন্দা তাঁরা শুনেছেন। বাইরে আমরা অতি দরিদ্রে, কী দেখাতে পারি— তব্ও বন্ধুরূপে সাহায্য করেছেন। শ্রীনিকেতনকে যিনি রক্ষা করছেন তিনি একজন বিদেশী— কী না তিনি দিয়েছেন। এণ্ডুজ দরিদ্র, তব্ তিনি যা পেরেছেন দিয়েছেন— আমরা তাঁকে কত আঘাত দিয়েছি, কিন্তু কথনও তাতে ক্ষ্ম হয়ে তিনি আমাদের ক্ষতি করেন নি। লেদ্নি-সাহেব আমাদের পরম বন্ধু, পরম হিতৈষী। কেউ কেউ আজ পরলোকে। এই অক্সন্তিম সোহাদ্য সকল ক্ষতির তৃঃথে সান্থনা। একাস্তমনে ক্সতজ্ঞতা স্বীকার করি এই বিদেশী বন্ধুদের কাছে।

৮ পৌষ ১৩৪২ শান্তিনিকেতন

36-

যুরোপে সর্বত্রই আছে বিজ্ঞানসাধনার প্রতিষ্ঠান—
ব্যাপক তার আয়োজন, বিচিত্র তার প্রয়াস। আধুনিক
যুরোপের শক্তিকেন্দ্র বিজ্ঞানে, এইজন্মে তার অফ্শীলনের
উল্যোগ সহজেই সর্বজনের সমর্থন পেয়েছে। কিন্তু যুরোপীয়
সংস্কৃতি কেবলমাত্র বিজ্ঞান নিয়ে নয়— সাহিত্য আছে,
সংগীত আছে, নানাবিধ কলাবিতা আছে, জনহিতকর
প্রচেষ্টা আছে। এদের কেন্দ্র নানা জায়গাতেই রূপ
নিয়েছে জাতির স্বাভাবিক প্রবর্তনায়।

এইসকল কেন্দ্রের প্রধান সার্থকতা কেবল তার কর্মফল নিয়ে নয়। তার চেয়ে বড়ো নিদ্ধি সাধকদের আত্মার বিকাশে। নানা প্রকারে সেই বিকাশের প্রবর্তনা ও আফুকুল্য যদি দেশের মধ্যে থাকে তবেই দেশের অন্তরাত্মা জেগে উঠতে পারে। মান্ত্যের প্রকৃতিতে উর্ধদেশে আছে তার নিষ্কাম কর্মের আদেশ, সেইখানে প্রতিষ্ঠিত আছে সেই বেদী ষেখানে অন্ত কোনো আশা না রেখে সে সত্যের কাছে বিশুদ্ধভাবে আত্মসমর্পণ করতে পারে— আর কোনো কারণে নয়, তাতে তার আত্মারই পূর্ণতা হয় ব'লে।

আমাদের দেশে এথানে সেথানে দূরে দূরে গুটিকয়েক বিশ্ববিভালয় আছে, সেথানে বাঁধা নিয়মে যান্ত্রিক প্রণালীতে

বিশভারতী

ভিত্রি বানাবার কারধানাঘর বসেছে। এই শিক্ষার হ্রেষেগ নিয়ে ভাক্তার এঞ্জিনিয়র উকিল প্রভৃতি ব্যবসায়ীদের সংখ্যাও বেড়ে চলেছে। কিন্তু সমাজে সভ্যের জন্ম কর্মের জন্ম নিকাম আত্মনিয়োগের ক্ষেত্র প্রতিষ্ঠা হয় নি। প্রাচীন কালে ছিল তপোবন; সেধানে সভ্যের অফুশীলন এবং আত্মার পূর্ণতা-বিকাশের জন্ম সাধকেরা একত্র হয়েছেন, রাজ্বস্থের ষষ্ঠ অংশ দিয়ে এইসকল আশ্রমকে রক্ষা করা রাজ্বাদের কর্তব্য ছিল। সকল সভ্য দেশেই জ্ঞানের তাপস কর্মের ব্রতীদের জন্মে তপোভূমি রচিত হয়েছে।

আমাদের দেশে সাধনা বলতে সাধারণত মাত্র্য আধ্যাত্মিক মৃক্তির সাধনা, সন্ন্যাসের সাধনা ধরে নিয়ে থাকে। আমি যে সংকল্প নিয়ে শান্তিনিকেতনে আশ্রমস্থাপনার উভোগ করেছিল্ম, সাধারণ মাত্র্যের চিত্তোৎকর্যের স্থ্র বাইরে তার লক্ষ্য ছিল না। যাকে সংস্কৃতি বলে তা বিচিত্র; তাতে মনের সংস্কার সাধন করে, আদিম খনিজ অবস্থার অহুজ্জলতা থেকে তার পূর্ণ মূল্য উদ্ভাবন করে নেয়। এই সংস্কৃতির নানা শাখাপ্রশাখা; মন যেখানে স্থ্ স্বল, মন সেখানে সংস্কৃতির এই নানাবিধ প্রেরণাকে আপনিই চায়।

ব্যাপকভাবে এই সংস্কৃতি-অফুশীলনের ক্ষেত্র প্রতিষ্ঠা ক'রে দেব, শাস্তিনিকেতন-আশ্রমে এই আমার অভিপ্রায় ছিল। আমাদের দেশের বিভালয়ে পাঠ্যপুস্তকের পরিধির মধ্যে জ্ঞানচর্চার যে সংকীর্ণ সীমা নির্দিষ্ট আছে, কেবলমাত্র

তাই নয়, সকলয়কম কারুকার্য শিল্পকলা নৃত্যগীতবাছা
নাট্যাভিনয় এবং পল্লীহিতসাধনের জ্বলে ষেসকল শিক্ষা ও
চর্চার প্রয়েজন সমস্তই এই সংস্কৃতির অন্তর্গত ব'লে স্বীকায়
করব। চিত্তের পূর্ণবিকাশের পক্ষে এই সমস্তেরই প্রয়োজন
আছে বলে আমি জানি। খাছে নানা প্রকারের প্রাণীন
পদার্থ আমাদের শরীরে মিলিত হয়ে আমাদের দেয় স্বান্থা,
দেয় বল; তেমনি ঘেসকল শিক্ষণীয় বিষয়ে মনের প্রাণীন
পদার্থ আছে তার সবগুলিরই সমবায় হবে আমাদের
আশ্রমের সাধনায়— এই কথাই আমি অনেক কাল চিন্তা
করেছি।

পদ্মার বোটে ছিল আমার নিভ্ত নিবাস। সেধান থেকে আশ্রমে চলে এসে আমার আসন নিলুম গুটি-পাঁচ-ছয় ছেলের মাঝথানে। কেউ না মনে করেন, তাদের উপকার করাই ছিল আমার লক্ষ্য। ক্লাস-পড়ানো কাজে উপকার করার সম্বল আমার ছিল না। বস্তত সাধনা করার আগ্রহ আমাকে পেয়ে বসেছিল, আমার নিজেরই জল্মে। নিজেকে দিয়ে ফেলার হারা নিজেকে পাওয়ার লোভ আমাকে দথল করেছিল। ছোটো ছেলেদের পড়াবার কাজে দিনের পরে দিন আমার কেটেছে, তার মধ্যে খ্যাতির প্রত্যাশা বা খ্যাতির স্বাদ পাবার উপায় ছিল না। স্বচেয়ে নিয়শ্রেণীর ইস্ক্লমাস্টারি। ঐ কটিছোটো ছেলে আমার সমস্ত সময় নিলে, অর্থ নিলে, সামর্থ্য নিলে— এইটেই আমার সার্থকতা। এই-যে আমার

সাধনার স্থযোগ ঘটল, এতে করে আমি আপনাকেই পেতে
লাগল্ম। এই আত্মবিকাশ, এ কেবল সাধনার ফলে,
বৃহৎ মানবজীবনের সংগমক্ষেত্রে। আপনাকে সরিয়ে
ফেলতে পারলেই বৃহৎ মানুষের সংসর্গ পাওয়া যায়, এই
সামান্ত ছেলে-পড়ানোর মধ্যেও। এতে খ্যাতি নেই,
স্বার্থ নেই, সেইজন্তেই এতে বৃহৎ মানুষের স্পর্ণ আছে।

সকলে জানেন— আমি মান্নবের কোনো চিত্রতিকে অস্বীকার করি নি। বাল্যকাল থেকে আমার কাব্যসাধনার মধ্যে যে আত্মপ্রকাশের প্রবল ইচ্ছা জাগ্রত ছিল,
মান্নবের সকল চিত্রতির 'পরেই তার ছিল অভিম্থিত।
মান্নবের কোনো চিংশক্তির অন্নীলনকেই আমি চপলতা
বা গান্তীর্যহানির দাগা দিই নি।

বহু বংসর আমি নদীতীরে নৌকাবাদে সাহিত্যসাধন।
করেছি, তাতে আমার নিরতিশয় শাস্তি ও আনন্দ ছিল।
কিন্তু মাত্র্য শুধু কবি নয়। বিশ্বলোকে চিত্তর্ত্তির যে
বিচিত্র প্রবর্তনা আছে তাতে সাড়া দিতে হবে সকল দিক
থেকে; বলতে হবে ওঁ — আমি জেগে আছি।

এথানে এলুম যথন, তথন আমার কর্মচেষ্টায় বাইরের প্রকাশ অতি দীন ছিল। সে সম্বন্ধে এইটুকুমাত্রই বলতে পারি, সেই উপকরণবিরল অতি ছোটো ক্ষেত্রের মধ্যে আপনাকে দেওয়ার ঘারা ও আপনাকে পাওয়ার ঘারা যে আনন্দ তারই মধ্য দিয়ে এই আশ্রমের কাজ শুরু হয়েছে।

দিনে দিনে এই কাজের ক্ষেত্র প্রসারিত হয়েছে।

বিশভারতী

আজ সে উদ্ঘাটিত হয়েছে সর্বসাধারণের দৃষ্টির সামনে। আমাদের অভিজ্ঞতা থেকে জেনেছি, আমাদের দেশের দৃষ্টি প্রায়ই অহুকুল নয়। কিন্তু তাতে ক্ষতি হয় নি, তাতে কর্মের মূল্যই বেড়েছে।

যার। সংকীর্ণ কর্তব্যসীমার মধ্যেও এই বিভায়তনে কাব্দ করছেন তাঁদেরও সহযোগিতা শ্রদ্ধার সঙ্গে সক্তত্ত চিত্তে আমার স্বীকার্য।

এখানে থাঁরা এসেছেন তাঁরা একে সম্পূর্ণভাবে গ্রহণ করেছেন কি না জানি না। কিন্তু তাঁদের উদ্দেশে এই প্রতিষ্ঠানকে আমি সমর্পণ করেছি।

বহুদিন এই আশ্রমে আমরা প্রচ্ছন্ন ছিলাম। মাটির ভিতরে বীজের যে অজ্ঞাতবাদ, প্রাণের ক্ষুরণের জন্ম তার প্রয়োজন আছে। এই অজ্ঞাতবাদের পর্ব দীর্ঘকাল চলেছিল। আজ্ম যদি এই প্রতিষ্ঠান লোকচক্ষ্র গোচর হয়ে থাকে তবে দেই প্রকাশ্য দৃষ্টিপাতের ঘাতসংঘাত ভালোমন লাভক্ষতি সমস্ত স্বীকার করে নিতে হবে—কথনও পীডিত মনে, কথনও উৎসাহের সঙ্গে।

হারা উপদেষ্টা পরামর্শদাতা বা অতিথি ভাবে এখানে আদেন তাঁদের জানিয়ে রাথি— আমাদের এই বিছায়তনে ব্যবসায়বৃদ্ধি নেই। এখানে ক্ষণে ক্ষণে উত্তেজিত জনমতের অফুবর্তন করে জনতার মন রক্ষা করি নি, এবং সেই কারণে যদি আফুক্ল্য থেকে বঞ্চিত হয়ে থাকি তবে সে আমাদের সৌভাগ্য। আম্রা কর্মপ্রচেষ্টার মধ্যে শ্রেষ্কে

বরণ করবার প্রয়াস রাখি। কর্মের সাধনাকে মছ্যুদ্বসাধনার সঙ্গে এক বলে জানি। আমাদের এথানে সাধনার আসন পাতা রয়েছে। সকল স্থলেই যে সেই আসন সাধকেরা অধিকার করেছেন এমন গর্ব করি নে। কিন্তু এখানকার আবহাওয়ার মধ্যে একটি আহ্বান আছে: আয়ন্তু সর্বতঃ স্বাহা।

আমাদের মনে বিশাস হয়েছে, আমাদের চেটা ব্যর্থ হয় নি, য়দিও ফসলের পূর্ণপরিণত রূপ আমরা দেওতে পাছি না। য়ারা আমাদের স্থার্য এবং ছরহ প্রয়াসের মধ্যে এমন-কিছু দেওতে পেয়েছেন য়ার সর্বকালীন মৃল্য আছে, তাঁদের সেই অন্তর্কুল দৃষ্টি থেকে আমরা বরলাভ করেছি। তাঁদের দৃষ্টির সেই আবিকার শক্তি জাগিয়েছে আমাদের কর্মে। দ্রের থেকে এসেছেন মনীবীরা অতিথিরা, ক্রিরেছেন বন্ধুরূপে, তাঁদের আশাস ও আনশ্দ সঞ্চিত হয়েছে আশ্রমের সম্পদ্ভাগুরে।

বছদিনের ত্যাগের বারা, চেষ্টার বারা এই আশ্রমকে দেশের বেদীমূলে স্থাপন করবার জন্ম নৈবেছসংরচনকার্ব আমার আয়ুর সঙ্গে সঙ্গেই একরকম শেষ করে এনেছি। দ্রের অতিথি-অভ্যাগতদের অহুমোদনের বারা আমাদের কাছে এই কথা স্পষ্ট হরেছে বে, এখানে প্রাণশক্তি রয়েছে। ফুলে ফলে বাইরের ফসলের কিছু-একটা প্রকাশ এরা দেখেছেন, তা ছাড়া তাঁরা এর অস্তরের কিরাকেও দেখেছেন। দ্রের সেই অতিথিবা মনীবীরা আমাদের

পরম বন্ধু, কারণ তাঁদের আশাস আমরা পেরেছি।
আমাদের এই আশ্রমের কর্মেতে আমি বে আপনাকে
সমর্পণ করেছি তা সার্থক হবে বদি আমার এই স্টেটি আমি
বাবার পূর্বে দেশকে সঁপে দিতে পারি। শ্রদ্ধরা দেরম্
বেমন, তেমনি শ্রদ্ধরা আদেরম্। বেমন শ্রদ্ধার দিতে চাই,
তেমনি শ্রদ্ধার একে গ্রহণ করতে হবে। এই দেওরানেওরা বেদিন পূর্ণ হবে সেদিন আমার সারা জীবনের কর্মসাধনার এই ক্ষেত্র পূর্ণতার রূপ লাভ করবে।

৮ পৌৰ ১৩৪¢ শান্তিনিকেতন

79

অনেক দিন পরে আজ আমি তোমাদের সমুথে এই মন্দিরে উপস্থিত হয়েছি। অত্যন্ত সংকোচের দঙ্গেই আজ এসেছি। এ কথা জানি যে, দীর্ঘকালের অহুপস্থিতির ব্যবধানে আমার বহুকালের অনেক সংকল্পের গ্রন্থি শিথিল হয়ে এসেছে। যে কারণেই হোক, তোমাদের মন এখন আর প্রস্তুত নেই আশ্রমের সকল অহুষ্ঠানের সকল কর্তব্যক্র্যের উদ্দেশুটি গ্রহণ করতে, এ কথা অস্বীকার করে লাভ নেই। এর জন্যে শুধু তোমরা নও, আম্বা সকলেই দায়ী।

আজ মনে পড়ছে চল্লিশ বংসর পূর্বের একটি দিনের কথা। বাংলার নিভৃত এক প্রাস্তে আমি তথন ছিলাম পদ্মানদীর নির্জন তীরে। মন যথন সে দিকে তাকায়, দেখতে পায় যেন এক দূর যুগের প্রত্যুষের আভা। কথন এক উদ্বোধনের মন্ত্র হঠাৎ এল আমার প্রাণে। তথন কেবলমাত্র কবিতা লিখে দিন কাটিয়েছি; অধ্যয়ন ও সাহিত্যালোচনার মধ্যে ডুবে ছিলাম, তারই সঙ্গে ছিল বিষয়কর্মের বিপুল বোঝা।

কেন দেই শান্তিময় পল্লীশ্রীর শ্লিগ্ধ আবেষ্টন থেকে টেনে নিয়ে এল আমাকে এই রৌদ্রদগ্ধ মরুপ্রান্তরে তা বলতে পারি না।

এখানে তথন বাইরে ছিল দব দিকেই বিরল্ভা ও

বিজনতা, কিন্তু সব সময়েই মনের মধ্যে ছিল একটি পরি-পূর্ণতার আশাস। একাগ্রচিত্তে সর্বদা আকাজ্জা করেছি, বর্তমান কালের তুচ্ছতো ইতরতা প্রাণ্ডতা সমন্ত দূর করতে হবে। বাদের শিক্ষাদানের ভার গ্রহণ করেছি, ভারতের যুগাস্তরব্যাপী সাধনার অমৃত-উৎসে তাদের পৌছে দিতে পারব, এই আশাই ছিল অস্তরের গভীরে।

কতদিন এই মন্দিরের সামনের চাতালে ত্রটি-একটি
মাত্র উপাসক নিয়ে সববেত হয়েছি— অবিরত চেমা ছিল
মপ্ত প্রাণকে জাগাবার। তারই সঙ্গে আরও চেমা ছিল
ছেলেদের মনে তাদের স্বাধীন কর্মশক্তি ও মননশক্তিকে
উদ্বৃদ্ধ করতে। কোনোদিনই খণ্ডভাবে আমি শিক্ষা দিতে
চাই নি। ক্লাসের বিচ্ছিল্ল ব্যবস্থায় তাদের শিক্ষার
সমগ্রতাকে আমি কথনও বিপর্যন্ত করি নি।

সেদিনের সে আয়োজন অন্ধ-অমুষ্ঠানের দারা মান ছিল
না, অপমানিত ছিল না অভ্যাসের ক্লান্তিতে। এমন
কোনো কাজ ছিল না যার সঙ্গে নিবিড় যোগ ছিল না
আশ্রমের কেন্দ্রগুলবর্তী শ্রদ্ধার একটি মূল উৎসের সঙ্গে।
স্থান পান আহারে সেদিনের সমগ্র জীবনকে অভিষিক্ত
করেছিল এই উৎস। শান্তিনিকেতনের আকাশ বাতাস
পূর্ণ ছিল এরই চেতনায়। সেদিন কেউ একে অবজ্ঞা করে
অস্তমনস্ক হতে পারত না।

আজ বার্ধক্যের ভাঁটার টানে তোমাদের জীবন থেকে দূরে পড়ে গেছি। প্রথম যে আদর্শ বহন করে এথানে

বিশভারতী

এসেছিলুম, আমার জীর্ণ শক্তির অপটুতা থেকে তাকে, উদ্ধার করে নিয়ে দৃঢ় সংকল্পের সঙ্গে নিজের হাতে বহন করবার আনন্দিত উত্যম কোথাও দেখতে পাচ্ছি নে। মনে হয় এ যেন বর্তমান কালেরই বৈশিষ্ট্য। সব-কিছুকে সন্দেহ করা, অপমান করা, এতেই যেন তার স্পর্ধা। তারই তো বীভৎস লক্ষণ মারীবিস্তার করে ফুটে উঠেছে দেশে বিদেশে আজকের দিনের রাষ্ট্রে সমাজে, বিদ্ধাপ করছে তাকে যা মানবসভ্যতার চিরদিনের সাধ্নার সামগ্রী।

চল্লিশ বংসর পূর্বে যথন এখানে প্রথম আসি তথন আশ্রমের আকাশ ছিল নির্মল। কেবল তাই নয়, তথন বিষবাষ্প ব্যাপ্ত হয় নি মানবসমাজের দিগদিগন্তে।

আন্ধ আবার আগছি তোমাদের সামনে যেন বহুদ্রের থেকে। আর-একবার মনে পড়ছে এই আশ্রমে প্রথম প্রবেশ করবার দীর্ঘ বন্ধুর পথ। বিরুদ্ধ ভাগ্যের নির্মমতা ভেদ করে সেই-যে পথযাত্রা চলেছিল সম্মুথের দিকে তার ছ:সহ ছ:থের ইতিহাস কেউ জানবে না। আজ্ব এসেছি সেই হ:থশ্বভির ভিতর দিয়ে। উৎকন্তিত মনে ভোমাদের মধ্যে খুঁজতে এলাম তার সার্থকতা। আধুনিক যুগের শ্রদাহীন স্পর্ধা-ছারা এই তপস্থাকে মন থেকে প্রত্যাধ্যান কোরো না— একে স্বীকার করে নাও।

ইতিহাসে বিপর্যয় বহু ঘটেছে, সভ্যতার বহু কীর্তিমন্দির যুগে যুগে বিধ্বস্থ হয়েছে, তবু মাহুষের শক্তি আজও সম্পূর্ণ লোপ পায় নি। সেই ভরসার 'পরে ভর করে মক্জমান

তরী -উদ্ধারচেটা করতে হবে, নতুন হাওয়ার পালে সে আবার যাত্রা শুরু করবে। কালের স্রোত বর্তমান যুগের নবীন কর্ণধারদেরকেও ভিতরে ভিতরে যে এগিয়ে নিয়ে চলেছে, তা সব সময় তাঁদের অরুভূতিতে পৌছয় না। একদিন যথন প্রগল্ভ তর্কের এবং বিদ্রপম্থর অট্টহাম্মের ভিতর দিয়ে তাঁদেরও বয়সের অন্ধ বেড়ে যাবে, তথন সংশয়শুক্ষ বন্ধ্যা বৃদ্ধির অভিমান প্রাণে শান্তি দেবে না। অমৃত-উৎসের অয়েষণ তথন আরম্ভ হবে জীবনে।

সেই আশা-পথের পথিক আমরা, নৃতন প্রভাতের উদ্বোধনমন্ত্র শ্রদ্ধার সঙ্গে গান করবার জন্মে প্রস্তুত হচ্ছি, ধে শ্রদ্ধায় আছে অপরাজেয় বীর্ধ, নান্তিবাদের অন্ধকারে যার দৃষ্টি পরাহত হবে না, যে ঘোষণা করবে----

রেদাহমেতং পুরুষং মহাস্তম্ আদিতাবর্ণং তমসঃ পরস্তাৎ।

৮ শ্রাবণ ১৩৪৭ শান্তিনিকেতন

পরিশিষ্ট

এই আশ্রমের গুরুর অমুজায় ও আপনাদের অমুমতিতে আমাকে যে সভাপতির ভার দেওয়া হল তাহা আমি শিরোধার্য করে নিচ্ছি। আমি এ ভারের সম্পূর্ণ অযোগ্য। কিন্তু আজকের এই প্রতিষ্ঠান বিপুল ও বহুযুগব্যাপী। তাই ব্যক্তিগত বিনয় পরিহার করে আমি এই অন্নর্চানে ব্রতী হলাম। বছ বৎসর ধরে এই আশ্রমে একটা শিক্ষার কেন্দ্র গড়ে উঠেছে। এই ধরনের এডুকেশনাল একদ্পেরিমেন্ট্ দেশে থুব বিরল। এই দেশ তো আশ্রম-সংঘ-বিহারের দেশ। কোথাও কোথাও 'গুরুকুল'এর মতো হু-একটা এমনি বিছালয় থাকলেও, এটি এক নৃতন ভাবে অমুপ্রাণিত। এর স্থান আর কিছুতে পূর্ণ হতে পারে না। এথানে থোলা আকাশের নীচে প্রকৃতির ক্রোড়ে মেঘরৌদ্রবৃষ্টিবাতাদে वानकवानिकाता नानिक्शानिक श्रष्ट् । এथान अधु বহিরঙ্গ-প্রকৃতির আবির্ভাব নয়, কলাস্টির ছারা অস্তরঙ্গ-প্রকৃতিও পারিপার্থিক অবস্থায় জেগে উঠেছে। এথানকার वालक-वालिकाता এक-পরিবার-ভুক্ত হয়ে আচার্যদের মধ্যে রয়েছে। একজন বিশ্বপ্রাণ পার্সনালিটি এথানে সর্বদাই এর মধ্যে জাগ্রত রয়েছেন। এমনিভাবে এই বিচ্ছালয় গড়ে উঠেছে। আৰু দেই ভিত্তির প্রসার ও পূর্ণাঙ্গতা সাধন হতে চলল। আজ এথানে বিশ্বভারতীর অভ্যুদয়ের

দিন। 'বিশ্বভারতী'র কোষাস্থায়িক অর্থের ছারা আমরা ব্ঝি বে, যে 'ভারতী' এতদিন অলক্ষিত হয়ে কাজ করছিলেন আজ তিনি প্রকট হলেন। কিন্তু এর মধ্যে আর-একটি ধ্বনিগত অর্থও আছে— বিশ্ব ভারতের কাছে এসে পৌছবে, সেই বিশ্বকে ভারতীয় করে নিয়ে আমাদের রক্তরাগে অস্থরঞ্জিত ক'রে ভারতের মহাপ্রাণে অস্থপ্রাণিত ক'রে আবার সেই প্রাণকে বিশ্বের কাছে উপস্থিত করব। সেই ভাবেই বিশ্বভারতীর নামের সার্থকতা আছে।

একটা কথা আমাদের শারণ রাখতে হবে— ভারতের মহাপ্রাণ কোন্টা। বে মহাপ্রাণ লুপ্তপ্রায় হয়ে এসেছে তাকে ধরতে গিয়ে আমরা যদি বিশ্বের সঙ্গে কারবার স্থাপন ও আদানপ্রদান না করি তবে আমাদের আত্মপরিচয় হবে না। Each can realize himself only by helping others as a whole to realize themselves এ যেমন সত্যা, এর converse অর্থাৎ others can realize themselves by helping each individual to realize himselfও তেমনি সত্যা অপরে আমার লক্ষ্যের পথে, যাবার পথে যেমন মধ্যবর্তী, তেমনি আমিও তার মধ্যবর্তী; কারণ আমাদের উভয়কে বেখানে বন্ধ বেষ্টন করে আছেন সেখানে আমরা এক, একটি মহা ঐক্যে অস্করক হয়ে আছি। এ ভাবে দেখতে গেলে বিশ্বভারতীতে ভারতের প্রাণ কী তার পরিচয় পেতে হবে,

তাতে করে জগতের যে পরিচর ঘটবে তার রূপে আত্মাকে প্রতিফলিত দেখতে পাব।

আমি আব্দ ভারতবর্ষ সহছে কিছু বলতে চাই। আহল বলং কুড়ে একটি সমস্থা রয়েছে। সর্বত্রই একটা বিদ্রোহের ভাব দেখা বাচ্ছে— সে বিদ্রোহ প্রাচীন সভ্যতা, সমাক্ষতন্ত্র, বিছাবৃদ্ধি, অন্তর্ছান, সকলের বিরুদ্ধে। আমাদের আশ্রম দেবালর প্রভৃতি বা-কিছু হয়েছিল তা যেন সব ধৃলিসাং হরে বাচ্ছে। বিদ্রোহের অনল জ্বলছে, তা অর্ডার-প্রত্রেস'কে মানে না, রিকর্ম্ চায় না, কিছুই চায় না। যে মহাযুদ্ধ হয়ে গেল এই বিল্রোহের মধ্য দিয়ে তার চেয়ে বড়ো যুদ্ধ চলে আসছে, গত মহাযুদ্ধ তারই একটা প্রকাশ মাত্র। এই সমস্থার পূরণ কেমন করে হবে, শান্তি কোথার পাওয়া বাবে, সকল জাতিই এর উত্তর দেবার অধিকারী। এই সমস্থার ভারতের কী বলবার আছে, দেবার আছে?

आमदा এত कालের ध्रानधात्रण थ्या य अिक्काण नाफ करति जात बाता এই नमचा भूत कत्रतात कि क्रू आहि कि ना। यूरतार व नम्या थ्या रहें। हष्क रमें रिणालिं किना। यूरतार व नम्या या रहें। हष्क रमें रिणालिं किना आण्मिनिर्मुणे स्तत निक निर्देश हर्षि राज्या राज्या विकास कि कि विदेश हर्षि राज्या राज्या विकास कि कि विदेश हर्षि राज्या राज्या विकास कि विदेश कि वि विदेश कि व

লীগ অব নেশনদ-এ গিয়ে দাঁড়াচ্ছে। তার অবলম্বন হচ্ছে limitation of armaments। কিন্তু আমি বিশাস করি যে. এ চাডা আরও অন্য দিকে চেষ্টা করতে হবে: কেবল রাষ্ট্রীয় ক্ষেত্রে নয়, সামান্তিক দিকে এর চেষ্টা হওয়া सर्कात ! Universal simultaneous disarmament of all nations -এর জন্ম নৃতন হিউম্যানিজমের রিলিজ্যদ মুভ মেন্ট হওয়া উচিত। তার ফলস্বরূপ যে মেশিনারি হবে তা পার্লামেনট বা ক্যাবিনেটের ডিমো-म्यानित अधीरन थाकरव ना । शानीरमन्हेनमृरहद अराजन्हे সিটিং তো হবেই, দেইসঙ্গে বিভিন্ন peopleএরও কনফারেনস হলে তবেই শান্তির প্রতিষ্ঠা হতে পারে। কিন্ত একটা জিনিস আবশুক হবে— massএর life, massএর religion। বর্তমান কালে কেবলমাত্র individual salvation-এ চলবে না : সর্বমৃক্তিতেই এখন মৃক্তি, না হলে মুক্তি নেই। ধর্মের এই mass life -এর দিকটা সমাজে স্থাপন করতে হরে।

ভারতের এ সম্বন্ধে কী বাণী হবে। ভারতও শাস্তির অমুধাবন করেছে, চীনদেশও করেছে। চীনে সামাজিক দিক দিয়ে তার চেষ্টা হয়েছে। যদি social fellowship of man with man হয়, তবেই international peace হবে, নয়তো হবে না। কন্ফুাসিয়দের গোড়ার কথাই এই যে, সমাজ একটা পরিবার, শাস্তি সামাজিক ফেলো-শিপের উপর স্থাপিত; সমাজে যদি শাস্তি হয় তবেই বাইরে

শান্তি হতে পারে। ভারতবর্ষে এর আর-একটা ভিত্তি দেওয়া হয়েছে, তা হচ্ছে অহিংদা মৈত্রী শান্তি। প্রত্যেক individual এ বিশ্বরূপদর্শন এবং তারই ভিতর ব্রেম্বর ঐক্যকে অমুভব করা; এই ভাবের মধ্যে যে peace আছে ভারতবর্ষ তাকেই চেয়েছে। ব্রন্ধের ভিত্তিতে আত্মাকে স্থাপন করে যে peace compact হবে তাতেই শান্তি আনবে। এই সমস্তা সমাধানের চেষ্টায় চীনদেশের সোখাল ফেলোশিপ এবং ভারতের আত্মার শ**ৃন্তি** এই তুইই চাই, নত্বা লীগ অব নেশনস-এ কিছু হবে না। গ্রেট ওঅরের থেকেও বিশালতর যে ধন্দ্র জগৎ জুড়ে চলছে, তার জন্ম ভারতবর্ষের পক্ষ থেকে বিশ্বভারতীকে বাণী দিতে হবে। ভারতবর্ষ দেখেছে যে, রাষ্ট্রনৈতিক ক্ষেত্রে যে state আছে তা কিছু নয়। দে বলেছে যে, নেশনের বাইরেও মহা সত্য আছে, সনাতন ধর্মেই তার স্বাজাত্য রয়েছে। যেথানে আত্মার বিকাশ ও ব্রহ্মের আবিভাব দেখানেই তাহার দেশ। ভারতবর্ষ ধর্মের বিস্তৃতির সঙ্গে সঙ্গে এই extraterritorial nationalityতে বিশাস করেছে। এই ভাবের অনুসরণ করে লীগ অব নেশনসের ক্যাশনালিটির ধারণাকে সংশোধিত করতে হবে। তেমনি আত্মার দিক দিয়ে extra-territorial sovereigntyর ভাবকে স্থান দিতে হবে। এমনিভাবে Federation of the World স্থাপিত হতে পারে, এখনকার সময়ের উপযোগী করে লীগ অব নেশনদে এই extra-territorial

nationalityর কথা উথাপন করা যেতে পারে।
ভারতবর্ষের রাষ্ট্রীয় দিক দিয়ে এই বাণী দেবার আছে।
আমরা দেখতে পাই যে, বৌদ্ধ প্রচারকগণ এই ভাবটি
প্রচার করেছিলেন যে, প্রত্যেক রাজার code এমন হওয়া
উচিত যা শুধু নিজের জাতির নয়, অপর সব জাতির
সমানভাবে হিতসাধন করতে পারবে। ভারতের ইতিহাসে
এই বিধিটি সর্বদা রক্ষিত হয়েছে, তার রাজারা জয়ে
পরাজয়ে, রাজচক্রবর্তী হয়েও, এমনি করে আস্তর্জাতিক
সম্বদ্ধকে স্বীকার করেছেন।

সামাজিক জীবন সহক্ষে ভারতবর্ধের মেসেজ কী।
আমাদের এখানে গুপ ও কম্যুনিটির স্থান খুব বেশি।
এরা intermediary body between state and
individual। রোম প্রভৃতি দেশে রাষ্ট্রব্যন্থার ফলে
ক্টেট ও ইন্ভিভিজ্যালে বিরোধ বেধেছিল; শেষে ইন্ভিভিজ্যালিজ্মের পরিণতি হল অ্যানার্কিতে, এবং ফেটে—
মিলিটারি সোশ্যালিজ্মে গিয়ে দাঁড়ালো। আমাদের দেশের
ইতিহাসে গ্রামে বর্ণাশ্রমে এবং ধর্মসংঘের ভিতরে কম্যুনিটির
জীবনকেই দেখতে পাই। বর্ণাশ্রমে যেমন প্রতি ব্যক্তির
কিছু প্রাপ্য ছিল, তেমনি তার কিছু দেয়ও ছিল, তাকে
কতকগুলি নির্ধারিত কর্তব্য পালন করতে হত। Community in the individual যেমন আছে তেমনি the
individual in the communityও আছে। প্রত্যেকের
ব্যক্তিজ্ঞীবনে গুপু পার্মনালিটি এবং ইন্ভিভিজ্বাল

পার্সনালিটি জাগ্রত আছে, এই উভয়েরই সমান প্রয়োজন আছে। গুপু পার্সনালিটির ভিতর ইন্ডিভিজুরালের আধিকারকে স্থান দেওয়া দরকার। আমাদের দেশে ক্রুটি রয়ে গেছে যে, আমাদের ইন্ডিভিজুয়াল পার্সনালিটির বিকাশ হয় নি, co-ordination of power in the stateও হয় নি। আমরা ইন্ডিভিজুয়াল পার্সনালিটির দিক দিয়ে ক্ষতিগ্রন্থ হয়েছি, ব্যুহ্বদ্ধ শক্রর হাতে আমাদের লাঞ্ছিত হতে হয়েছে।

আজকাল মুরোপে group principleএর দরকার হচ্ছে। দেখানে political organization, economic organization, এদবই group গঠন করার দিকে যাচছে। আমাদেরও এই পথে সমস্তাপ্রণ করবার আছে। আমাদের যেমন মুরোপের কাছ থেকে স্টেটের centralization ও organization নেবার আছে তেমনি মুরোপকেও group principle দেবার আছে। আমরা সে দেশ থেকে economic organizationকে গ্রহণ করে আমাদের village communityকে গড়ে তুলব। কৃষিই আমাদের জীবন্যাত্রার প্রধান অবলম্বন, স্বতরাং ruralizationএর দিকে আমাদের চেষ্টাকে নিয়োগ করতে হবে। অবশ্র আমি সেজন্ত বলছি না যে, town lifect develop করতে হবেনা; তারও প্রয়োজন আছে। কিন্তু আমাদের ভূমির সঙ্গে প্রাণের ষোগ-সাধন করতে হবে। ভূমির সঙ্গে প্রারে গারে। গারতে পারে।

কারখানার জীবনও দরকার আছে, কিন্তু ভূমি ও বাস্তর সঙ্গে individual ownershipএর যোগকে ছেড়ে না দিয়ে large-scale production আনতে হবে। বড়ো আকারে energyকে আনতে হবে, কিন্তু দেখতে হবে---কলের energy মামুষের আত্মাকে পীড়িত অভিভৃত না করে, যেন জড় না করে দেয়। সমবায়প্রণালীর ছারা হাতের কলকেও দেশে স্থান দিতে হবে। এমনিভাবে economic organizationএ ভারতকে আত্মপরিচয় দিতে इरत। आमारतत्र मेगा धार्फ अव नार्टेक এত निम्न छरत আছে যে, আমরা decadent হয়ে মরতে বসেছি। যে ल्यानीरण efficient organization এর निर्मिंग क्रनाम তাকে না চেডে বিজ্ঞানকে আমাদের প্রয়োজনসাধনে লাগাতে হবে। আমাদের বিশ্বভারতীতে তাই, রাষ্ট্রনীতি সমাজধর্ম ও অর্থনীতির যে যে ইন্স্টিটাশন পৃথিবীতে আছে, দে-সবকেই স্টডি করতে হবে, এবং আমাদের দৈয় কেন ও কোথায় তা বুঝে নিয়ে আমাদের অভাব পূরণ করতে হবে। কিন্তু এতে করে নিজের প্রাণকে ও সজনী-শক্তিকে যেন বাইরের চাপে নষ্ট না করি। যা-কিছ গ্রহণ করব তাকে ভারতের ছাঁচে ঢেলে নিতে হবে। আমাদের স্জনীশক্তির দারা তারা coined into our flesh and blood হয়ে যাওয়া চাই।

ভিন্ন ভিন্ন জাতির স্কীম অব লাইফ আছে কিন্তু তাদের ইতিহাস ও ভূপরিচয়ের মধ্যেও একটি বুহৎ ঐক্য

আছে, এই বিভিন্নতার মধ্যেও এক জায়গায় unity of human race আছে। তাদের সেই ইতিহাস ও ভূগোলের বিভিন্ন environmentএর জন্ম যে life values স্বষ্ট হয়েছে, পরস্পারের যোগাযোগের ঘারা তাদের বিস্তৃতি হওয়া প্রয়োজন। এই লাইফ-স্কীমগুলির আদান-প্রদানে বিশ্বে তাদের বৃহৎ লীলাক্ষেত্র তৈরি হবে।

यामारमत बाजीय চतिरक की को यजाव थारह. की की जामात्मत वाहरत (थरक जाहत्र क्तर हरव १ আমাদের মূল ক্রটি হচ্ছে, আমরা বড়ো একপেশে— ইমোশনাল। আমাদের ভিতরে will ও intellectএর মধ্যে, সব্জেক্টিভিটি ও অব্জেক্টিভিটির মধ্যে চির-বিচ্ছেদ ঘটেছে। আমরা হয় খুব সব্জেক্টিভ, নয়তো থুব যুনিভার্গাল। অনেক সময়েই আমরা যুনিভার্গা-লিজ মের বা সামোর চরম শীমায় চলে যাই, কিন্তু differentiation এ যাই না। আমাদের অব জেক্টিভিটির পূর্ণ বিকাশ হওয়া দরকার। প্রকৃতিপর্যবেক্ষণ ও অব জারভেশনের ভিতর দিয়ে মনের সত্যাত্বতিতাকে ও শৃঙ্খলাকে প্রতিষ্ঠিত করতে হবে। আমাদের intellectএর characterএর অভাব আছে, স্বতরাং আমাদের intellectual honestyর প্রতি দৃষ্টি রাখতে হবে। তা হলেই দেখব যে, কর্তব্যবোধ জাগ্রত হয়েছে। অন্ত দিকে আমাদের moral ও personal responsibilityর বোধকে জাগাতে হবে, Law, Justice ও Equality ব

যা লুপ্ত হয়ে গেছে তাকে ফিরিয়ে আনতে হবে— এসকল বিষয়ে আমাদের শিক্ষা আহরণ করতে হবে। আমাদের মধ্যে বিশ্বকে না পেলে আমরা নিজেকে পাব না। তাই বিশ্বরূপকে প্রতিষ্ঠিত করে আমরা আত্মপরিচয় লাভ করব এবং আমাদের বাণী বিশ্বকে দেব।

এ দেশে অনেক বিশ্ববিচ্ছালয় অনেক প্রতিষ্ঠান আছে, কিন্তু দেখান থেকে cast iron ও rigid standardized product তৈরি হচ্ছে। শান্তিনিকেতনে naturalnessএর স্থান হয়েছে, আশা করি বিশ্বভারতীতে দেই spontaneityর বিকাশের দিকে দৃষ্টি থাকবে। যুনিভার্নিটিকে জাতীয় প্রতিষ্ঠান বলা যেতে পারে। এশিয়ার genius যুনিভার্নাল হিউম্যানিজ্মের দিকে, অতএব ভারতের এবং এশিয়ার interestএ এরপ একটি যুনিভার্নিটির প্রয়োজন আছে। পূর্বে যে সংঘ ও বিহারের দ্বারা ভারতের সার্থকতা-সাধন হয়েছিল, তাদেরই এ যুগের উপযোগী ক'রে, দেই পুরাতন আরণ্যককে বিশ্বভারতী রূপে এখানে পত্তন করা হয়েছে।

শীব্ৰজেন্দ্ৰনাথ শীল

৮ পৌৰ ১৩২৮ শান্তিনিকেতন বিৰভাৱতী পরিষদ্-সভার প্রতিষ্ঠা-উৎসবে সভাপতিয় অভিভাষণ

গ্রন্থপরিচয়

১৩০৮ সালের ৭ পৌষ শান্তিনিকেতন ব্রহ্মবিতালয় স্থাপিত হয়; ১৩২৮ সালের ৮ পৌষ বিখভারতী পরিষদ্ সভার প্রতিষ্ঠা।

আহুষ্ঠানিকভাবে বিশ্বভারতী প্রতিষ্ঠিত হইবার বছ পূর্ব হইতেই শান্তিনিকেতনে 'সর্বমানবের ষোগসাধনের সেতৃ'-রচনার কল্পনা রবীন্দ্রনাথের মনকে
ক্রমশ অধিকার করিতে থাকে; শান্তিনিকেতনের
অধ্যাপক ও চাত্রদিগকে লিখিত কোনো কোনো পত্রে
তাহার আভাস পাওয়া বায়।

'সিকাগো। তমার্চ [১৯১৩]। তথানে মাছবের
শক্তির মৃতি যে পরিমাণে দেখি পূর্ণতার মৃতি সে
পরিমাণে দেখতে পাই নে। তথান সময় হয়েছে যখন
বাড় হবার তা হয়েছে, এখন সময় হয়েছে যখন
যোগের জন্ম সাধনা করতে হবে। আমাদের
বিভালয়ে আমরা কি সেই যুগসাধনার প্রবর্তন করতে
পারব না? মহয়ত্তকে বিশ্বের সঙ্গে যোগযুক্ত করে
তার আদর্শ কি আমরা পৃথিবীর সামনে ধরব না? তথার
মাহুষকে তার সফলতার স্বরটি ধরিয়ে দেবার সময়
এসেছে। আমাদের শান্তিনিকেতনের পাধিদের কণ্ঠে

সেই স্থরটি কি ভোরের আলোয় ফুটে উঠবে না ?'…
—তত্তবোধিনী পত্রিকা, বৈশাথ ১৩২০। প্রবাসী, জ্যৈষ্ঠ
১৩২০, কষ্টিপাথর

'লস এঞ্জেল্স্। ১১ অক্টোবর ১৯১৬।

 তার পরে এও আমার মনে আছে যে, শান্তিনিকেতন বিভালয়কে বিশ্বের দক্ষে ভারতের যোগের

 ত্রে করে তুলতে হবে— ঐথানে সার্বজাতিক

মন্থাত্বচর্চার কেন্দ্র স্থাপন করতে হবে— স্বাজাতিক

সংকীর্ণতার যুগ শেষ হয়ে আসছে— ভবিগুতের জ্লা

যে বিশ্বজাতিক মহামিলনযজ্জের প্রতিষ্ঠা হছে তার

প্রথম আয়োজন ঐ বোলপুরের প্রান্তরেই হবে।

ঐ জ্বায়গাটিকে সমস্ত জ্বাতিগত ভূগোলবৃত্তান্তের

অতীত করে তুলব এই আমার মনে আছে— সর্ব
মানবের প্রথম জ্য়ধ্বজা ঐথানে রোপণ হবে।'

— চিঠিপত্র ২

'…বিশ্বভারতীর উল্লোগ। গত [১৩২৫] ৮ই পৌষে তাহার স্থচনা হয় এবং গত বৎসরই চিত্র, সংগীত প্রভৃতি কলা এবং সংস্কৃত, পালি, ইংরেঞ্জি প্রভৃতি সাহিত্যের অধ্যাপনার কান্ধ আরম্ভ হয়।' 'গত বৎসর [১৩২৫] ৮ই পৌষে আশ্রমের বার্ষিক উৎসবের দিনে বিশ্বভারতী স্থাপিত হয়, এবং বর্তমান বৎসবের [১৩২৬] ১৮ই আবাঢ় ইহার নিয়মান্থবায়ী

গ্রন্থপরিচয়

কার্যের আরম্ভ হয়।' 'বিগত ২৩ ডিসেম্বর [১৯২১] ৮ পৌষ [১৩২৮] · · বিশ্বভারতীর সাংবৎসরিক · · সভায় বিশ্বভারতী পরিষদ গঠিত হয় এবং বিশ্বভারতীর জন্ম যে সংস্থিতি (constitution) গুণীত হুইয়াছে তাহা গৃহীত হয়' —এই তারিথই বর্তমানে বিশ্বভারতীর প্রতিষ্ঠাদিবস বিদ্যা স্বীকৃত ; এই দিন 'সর্বসাধারণের হাতে তাকে সমর্পন' করা হয়।

বিশ্বভারতীর স্ট্রচনা হইবার পর, ১৯১৯ থৃস্টাব্দেরবীন্দ্রনাথ ভারতবর্ধের বিভিন্ন স্থানে নিমন্ত্রিত হইয়া The Centre of Indian Culture প্রভৃত্তি প্রবন্ধে শিক্ষার সম্বন্ধে তাহার আদর্শ ব্যাখ্যা করেন। 'আমাদের দেশে শিক্ষার আদর্শ কী হওয়া উচিত দে সম্বন্ধে আমার প্রবন্ধ আমি কলিকাতায় এবং অক্স আনেক শহরে পাঠ করিয়াছি। বিষয়টি এত বড়োযে আমাদের এই ছোটো পত্রপুটে তাহা ধরিবে না। সংক্ষেপে তাহার মর্মটুকু এখানে বলি।' এই 'মর্ম' শান্ধিনিকেতন পত্রের ১৩২৬ বৈশাথ সংখ্যায় 'বিশ্বভারতী' নামে প্রকাশিত হয়; উহাই বর্তমান গ্রন্থের প্রথম প্রবন্ধ।

'শিক্ষাকে কেমন করিয়া সত্য এবং প্রাণের জিনিস করা **ষায়' এই** প্রসক্ষে রবীন্দ্রনাথের নানা

বিখভারতী

চিন্তা এই সময় শান্তিনিকেতন পত্রে ধারাবাহিকভাবে প্রকাশিত হইতে থাকে— বিশ্বভারতী প্রসঙ্গে ইহার কোনো কোনো রচনা অংশতঃ উদ্ধৃত হইল—

'আমাদের দেশে বর্তমানে ছই রক্ষের ভীক্ষতা দেখা যায়। কাহারও ভীক্ষতা দেশী প্রকৃতিকে রক্ষা করিতে; কাহারও ভীক্ষতা য়ুরোপীয় শিক্ষা গ্রহণ করিতে। যাহারা এই ছই ভীক্ষতাকেই অতিক্রম করিয়াছেন তাঁহারাই ভারতবর্ষকে বাঁচাইবেন। মৈস্থরের রাজাদন এই ছই ভয়কেই ছাড়াইয়া উঠিয়াছে।

'এইজন্মই যথন মৈহুরের ন্তন বিশ্ববিভালয় দেখিলাম দেটা এতই বেস্থরা বোধ হইল। ইহার মধ্যে আমাদের আপন কিছুই নাই, ইহা একেবারেই নকল। ইহাতেই ব্ঝিলাম, বিভা সম্বন্ধে ভারতবর্ধ আপন সাহস একেবারেই হারাইয়া ফেলিয়াছে। যে বিভালয়কে আমরা বিশ্ববিভালয় বলিয়া থাকি ভাহার মধ্যে ভারতবর্ধকে বড়ো জায়গা দিতে আমরা কুন্ঠিত। যেন বিভাশিক্ষা সম্বন্ধে যুরোপের বাহিরে বিশ্বই নাই। যেন বিশ্বের মধ্যে ভারতবর্ধ বলিয়া পদার্থের অন্থিই মেলে না, অথবা অণুবীক্ষণের সাহায্যে ধৃলিকণার মধ্যে তাহাকে খুঁটিয়া পাওয়া যায়; সেইজন্ম মৈহুরের মতো স্থানেও বিশ্ববিভালয়ের ইটকাঠ, তাহার চৌকিটেবিল, তাহার পুঁথিপত্র,

গ্ৰন্থপৰিচৰ

তাহার বিষয় ও আশবের মধ্যে ভারতবর্ষ নিতাছই সংকৃচিত ও প্রচ্ছর হইরা আছে। বিছাগারের মধ্যে ভারতবর্ষের প্রতি এই আস্থার অভাব, এই সম্মানের অভাব যে কিরুপ গভীরভাবে আমাদের মনকে আত্ম-অবিশাসের মধ্যে চিরদিনের মতো মজ্জিত করিয়া দিতেছে সে কথা ভালো করিয়া বুঝিয়া দেখিবার পর্যন্ত শক্তি আমরা হারাইয়াছি। মৈহরে আমাদের ভরসার বিষয় অনেক দেখিয়াছি তাই এখনও এই আশা মনে রাখিলাম যে… একদিন মৈহরের বিশ্ববিভালয়ে পশ্চিমের বাণীর সঙ্গে আমাদের ভারতীর একাসনে মিলন ঘটিবে— কিন্ত সেই আসনটি হইবে ভারতীরই আসন।

— মৈন্তবের কথা, শান্তিনিকেতন, বৈশাথ ১৩২৬ 'ভারতবর্ষের নানা স্থানেই নৃতন নৃতন বিশ্ব-বিদ্যালয় স্থাপনের চেষ্টা চলিতেছে। ইহাতেই বুঝা যায় শিক্ষা সম্বন্ধে আমাদের মনে একটা অসক্ষোষ জ্মিয়াছে।…

'বর্তমান শিক্ষাপ্রণালীটাই যে আমাদের ব্যর্থতার কারণ, অভ্যাদগত অন্ধ মমতার মোহে দেটা আমরা কিছুতেই মনে ভাবিতে পারি না। ঘুরিয়া ফিরিয়া নৃতন বিশ্ববিভালয় গড়িবার বেলাতেও প্রণালী বদল করিবার কথা মনেই আদে না, তাই নৃতনের ঢালাই করিতেছি দেই পুরাতনের ছাঁচে। নৃতনের অশ্ব

ইচ্ছা খুবই হইতেছে, অথচ ভরদা কিছুই হইতেছে না। কেননা ঐটেই যে রোগ, এতদিনের শিক্ষা-বোঝার চাপে দেই ভরদাটাই যে সমূলে মরিয়াছে।'

— অসস্তোষের কারণ, শাস্তিনিকেতন, জ্যৈষ্ঠ ১৩২৬ 'আমাদের দেশে বিভাসম্বায়ের একটি বড়ো ক্ষেত্র চাই, যেথানে বিভার আদান প্রদান ও তুলনা হইবে, ধেথানে ভারতীয় বিভাকে মানবের সকল বিভার ক্রমবিকাশের মধ্যে রাথিয়া বিচার করিতে হইবে।

'তাহা করিতে গেলে ভারতীয় বিভাকে তাহার সমস্ত শাধা-উপশাধার যোগে সমগ্র করিয়া জানা চাই। ভারতীয় বিভার সমগ্রতার জ্ঞানটিকে মনের মধ্যে পাইলে তাহার সঙ্গে বিশ্বের সমস্ত বিভার সম্বন্ধনির্ণয় স্বাভাবিক প্রণালীতে হইতে পারে। কাছের জ্ঞিনিসের বোধ দূরের জ্ঞিনিসের বোধের সহজ ভিত্তি।

'বিছার নদী আমাদের দেশে বৈদিক, পৌরাণিক, বৌদ্ধ, জৈন, প্রধানত এই চারি শাখায় প্রবাহিত। ভারতচিত্তগঙ্গোত্রীতে ইহার উদ্ভব। কিন্তু, দেশে যে নদী চলিতেছে, কেবল দেই দেশের জলেই দেই নদী পুই না হইতেও পারে। ভারতের গঙ্গার সঙ্গে তিব্বতের ব্রহ্মপুত্র মিলিয়াছে। ভারতের বিছার স্রোতেও দেইরূপ মিলন ঘটিয়াছে। বাহির হইতে মৃসলমান যে জ্ঞান ও ভাবের ধারা এখানে বহন ক্রিয়া আনিয়াছে দেই ধারা ভারতের চিত্তকে ভরে

এছপরিচয়

স্থারে অভিষিক্ত করিয়াছে, তাহা আমাদের ভাষায় আচারে শিল্পে সাহিত্যে সংগীতে নানা আকারে প্রকাশমান। অবশেষে সম্প্রতি যুরোপীর বিষ্ণাত্ত বঞ্চা সকল বাঁধ ভাঙিয়া দেশকে প্লাবিত করিয়াছে; ভাহাকে হাসিয়া উড়াইতেও পারি না, কাঁদিয়া ঠেকানোও সম্ভবপর নহে।

'অতএব, আমাদের বিভায়তনে বৈদিক,পৌরাণিক, বৌদ্ধ, জৈন, মুসলমান ও পার্সি বিভার সমবেত চর্চায় আহুষঙ্গিকভাবে যুরোপীয় বিভাকে স্থান দিতে হইবে।

'সমস্ত পৃথিবীকে বাদ দিয়া যাহারা ভারতকে একান্ত করিয়া দেখে তাহারা ভারতকে সত্য করিয়া দেখে না। তেমনি যাহারা ভারতের কেবল এক অংশকেই ভারতের সমগ্রতা হইতে খণ্ডিত করিয়া দেখে তাহারাও ভারতচিত্তকে নিজের চিত্তের মধ্যে উপলব্ধি করিতে পারে না।…

'ভারতে সেই চিত্তের ঐক্যকে পোলিটিকাল ঐক্যের চেয়ে বড়ো বলিয়া জানিতে হইবে; কারণ, এই ঐক্যে সমস্ত পৃথিবীকে ভারতবর্ষ আপন অঙ্গনে আহ্বান করিতে পারে। অথচ, হুর্ভাগ্যক্রমে আমাদের বর্তমান শিক্ষা এমন যে, সেই শিক্ষার গুণেই ভারতীয় চিত্তকে আমরা তাহার স্বরাজ্যে প্রতিষ্ঠিত করিতে পারিতেছি না।

'ভারতের হিন্দু বৌদ্ধ জৈন মুসলমান শিথ পার্সি

খুন্টানকে এক বিরাট চিত্তক্ষেত্রে সত্যসাধনার যজ্ঞে সমবেত করাই ভারতীয় বিদ্যায়তনের প্রধান কাঞ্জ— ছাত্রদিগকে কেবল ইংরেজি মুখস্থ করানো, অঙ্ক ক্যানো, সায়ান্দ্র শেখানো নহে।'…

—বিভাসমবায়^১, শাস্তিনিকেতন, আশ্বিন-কার্তিক ১৩২৬

'গত [১৩২৬] ১৮ই আষাঢ় আশ্রমের অধিপতি শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের সভাপতিত্বে প্রারম্ভোৎসব সমাধা করিয়া বিশ্বভারতীর কার্য আরম্ভ করা হইয়াছে।' এই কার্যারম্ভের দিনে রবীন্দ্রনাথ যে বক্তৃতা দেন তাহার সারসংকলন বর্তমান গ্রম্ভের বিতীয় প্রবন্ধরূপে মৃদ্রিত হইল; প্রথমে ইহা শান্তিনিকেতন পত্রের ১৩২৬ শ্রাবন সংখ্যায় 'বিশ্বভারতী' নামে প্রকাশিত হইয়াছিল।

'বিগত ২৩ ডিসেম্বর [১৯২১] ৮ পৌষ [১৩২৮] বোলপুরে শাস্তিনিকেতন-আশ্রমের আশ্রকুঞ্জে শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের নৃতন শিক্ষার কেন্দ্র বিশ্বভারতীর সাংবৎসরিক সভার অধিবেশন হয়।

১ 'অসন্তোষের কারণ' ও 'বিভাসমবায়' প্রবন্ধ ছুইটি শিক্ষা গ্রন্থের প্রচলিত সংস্করণে সম্পূর্ণ মুক্তিত আছে। উক্ত গ্রন্থে 'বিভার যাচাই' (শাস্তিনিকেতন, আষাঢ় ১৩২৬) প্রবন্ধটিও ক্রষ্টবা।

গ্রন্থপরিচয়

সেই সভায় বিশ্বভারতী পরিষদ গঠিত হয় এবং বিশ্বভারতীর জন্ম যে সংস্থিতি (constitution) প্রণীত হইয়াছে তাহা গৃহীত হয়। ডাক্তার বন্ধেন-নাথ শীল মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর, আচার্য সিল্ড্যা লেডি, ম্যাডাম লেভি, রাজগুরু ধর্মাধার মহাস্থবির, ডাক্রার মিস ক্রামরিশ, শ্রীযুক্ত উইলিয়াম পিয়ার্সন, শ্রীযুক্তা স্নেহলতা সেন, শ্রীযুক্তা হেমলতা দেবী, শ্রীমতী প্রতিমা দেবী, শ্রীযুক্ত নেপালচন্দ্র রায়, স্থার নীলরতন সরকার, দিল্লির সেণ্ট শ্টিফেন কলেজের প্রিন্সিপ্যাল শ্রীযুক্ত এদ কে রুদ্র, শ্রীযুক্ত মহিমচন্দ্র ঠাকুর, শ্রীযুক্ত প্রশাস্তচন্দ্র মহলানবিশ, ডাক্তার শিশিরকুমার মৈত্র -প্রমুথ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। ... সর্বপ্রথমে শ্রীযুক্ত রবীক্রনাথ ঠাকুর মহাশয় ডাক্তার ব্রজেক্রনাথ শীল মহাশয়কে সভাপতিতে বরণ করিবার প্রস্থাব করেন · · ।'—

'আমি ইচ্ছা করি আচার্য ব্রফ্তের্রনাথ শীল মহাশয় কিছু বলুন। আমাদের কী কর্তব্য, এই বিশ্বভারতীর সঙ্গে তাঁর চিত্তের যোগ কোথায়, ডা আমরা শুনতে চাই। আমি এই স্থযোগ গ্রহণ করে আপনাদের অনুমতিক্রমে তাঁকে সভাপতির পদে বরণ করলুম।'

এই উপলক্ষে রবীন্দ্রনাথ যে বক্তৃতা করেন তাহা

এই গ্রন্থের তৃতীয় প্রবন্ধ রূপে মৃদ্রিত হইল— পূর্বে তাহা শান্তিনিকেতন পত্রের ১৩২৮ মাঘ সংখ্যায় 'বিশ্বভারতী পরিষদ্-সভার প্রতিষ্ঠা' নামে প্রকাশিত হইয়াছিল।

সভাপতিরপে আচার্য ব্রক্তেন্দ্রনাথ শীলের অভিভাষণের 'সংক্ষিপ্ত ও অসম্পূর্ণ প্রতিবেদন, শান্তি-নিকেতন পত্রের ১৩২৮ মাঘ সংখ্যায় প্রকাশিত পূর্বোক্ত বিবরণ হইতে পরিশিষ্টে মুদ্রিত হইল।

৪-সংখ্যক রচনাটি 'আলোচনা: বিশ্বভারতীর কথা' নামে ১৩২৯ ভাদ্র ও আশ্বিন সংখ্যা শান্তিনিকেতন পত্রে প্রকাশিত হয়— 'গত ২০শে ফাল্পন বিশ্বভারতীর কয়েকটি নবাগত ছাত্র আচার্য রবীন্দ্রনাথ ঠাকুর মহাশ্যের নিকট বিশ্বভারতীর আদর্শ সম্বন্ধে কিছু,শুনিতে চাহিলে তিনি ষাহা বলিয়াছেন তাহার মর্ম।' আলোচনার শেষে রবীন্দ্রনাথ বলেন—

'আমি চাই, তোমরা বিশ্বভারতীর ন্তন ছাত্রেরা খুব উৎসাহ ও আনন্দের সঙ্গে এথানকার আদর্শকে সমর্থন করে কাজ করে যাবে, যাতে আমি তোমাদের সহযোগিতা লাভ করি। আমার অন্থরোধ যে, ভোমরা এথানকার তপস্থাকে শ্রদ্ধা করে চলবে, যাতে এই প্রাণ-দিয়ে-গ'ড়ে-ভোলা প্রতিষ্ঠানটি অশ্রদ্ধার আঘাতে ভেঙে না পড়ে।'

গ্ৰন্থপৰিচয

'বিশ্বভারতীর আদর্শ-প্রচার-কল্পে কলিকাতায় বিশ্বভারতী দশ্মিলনী নামে যে-একটি সভা স্থাপিত হয়', ১৩২৯ সালে তাহার একটি অধিবেশনে রবীন্দ্রনাথ বিশ্বভারতীর আদর্শ ব্যাখ্যা করেন, ৫-সংখ্যক রচনা সেই বক্তৃতার অহলিপি; 'বিশ্বভারতী দশ্মিলনী: লেভি-সাহেবের বিদায়-সম্বর্ধনার পরে আলোচনাসভা' এই নামে ইহা শান্তিনিকেতন পত্রের ১৩২৯ পৌষ সংখ্যায় প্রকাশিত হয়।

১৯২২ সালের ২১ অগস্ট রবীক্রনাথ কলিকাতায় প্রেসিডেন্সি কলেন্দে ছাত্রসভায় বিশ্বভারতী সম্বন্ধে ষে বক্তা দেন, ৬-সংখ্যক রচনা তাহার অন্থলিপি। Presidency College Magazine-এ (Vol IX, No I, September 1922) তাহা 'বিশ্বভারতী' নামে প্রকাশিত হয়। ঐ সংখ্যায় Welcome, Rabindranath শীর্ষক রচনায় এই বক্তৃতার আমুষ্ট্রিক বিবরণ মৃদ্রিত আছে।

৭-সংখ্যক রচনা, ১৩৩০ সালের নববর্ষে শান্তি-নিকেতন মন্দিরে নববর্ষের উৎসবে আচার্ষের উপদেশ; ১৩৩০ ভান্ত সংখ্যা শান্তিনিকেতন পত্তে 'নববর্ষে মন্দিরের উপদেশ' আখ্যায় প্রকাশিত হয়।

৮-সংখ্যক প্রবন্ধ শান্তিনিকেতন মন্দিরে ৫ বৈশাথ ১৩৩০ তারিথে কথিত আচার্যের উপদেশের অফু-লিপি— শান্তিনিকেতন পত্তের ১৩৩০ অগ্রহায়ণ সংখ্যায় প্রকাশিত হয়। এই রচনাটি প্রবাসীর ১৩৩০ মাঘ সংখ্যায় কষ্টিপাথর-বিভাগে 'তীর্থ' নামে অংশতঃ মুদ্রিত হয়।

৯-সংখ্যক রচনা 'বিশ্বভারতী' নামে ১৩৩০ পৌষ সংখ্যা শান্তিনিকেতন পত্তে প্রকাশিত হয়।

১৩০০ সালে শাস্তিনিকেতনে ৭ পৌষের উৎসবে রবীন্দ্রনাথ যে উপদেশ দেন তাহা এই গ্রন্থের ১০-সংখ্যক প্রবন্ধরূপে প্রকাশিত হইল। প্রথমে উহা শাস্তিনিকেতন পত্রের ১৩০০ মাঘ সংখ্যায় '৭ই পৌষ: দ্বিতীয় ব্যাখ্যান' আখ্যায় মুক্রিত হয়'।

১১-সংখ্যক রচনা 'দক্ষিণ আমেরিকা যাইবার জন্ম কলিকাতায় আদিবার পূর্ব-রাত্রে (১৭ ভান্ত ১৩৩১) শান্তিনিকেতন আশ্রমে কথিত' 'যাত্রার পূর্বকথা' নামে ১৩৩১ কার্তিক সংখ্যা প্রবাদীতে মৃদ্রিত হয়।

১৩৩২ সালের ১ পৌষ শান্তিনিকেতনে বিশ্ব-ভারতী পরিষদের বার্ষিক সভার রবীন্দ্রনাথ ষে বক্তৃতা

গ্রন্থপরিচয়

দিয়াছিলেন ১২-সংখ্যক রচনা তাহার অন্থলিপি। ১৩৩২ ফাল্কন সংখ্যা শাস্তিনিকেতন পত্তের ক্রোড়-পত্তরূপে, পরে স্বতন্ত্র পুত্তিকাকারে ইহা প্রচারিত হয়।

১৩-সংখ্যক রচনা ১৩৩৩ জ্যৈষ্ঠ সংখ্যা ভারতী-পত্তে প্রকাশিত ও ১৩৩৩ শ্রাবন সংখ্যা প্রবাসীতে কম্বিপাথর-বিভাগে ('ভিক্ষা') উদ্ধৃত।

১৪-সংখ্যক রচনা একটি আলোচনার অমূলিপি; প্রথমে ১৩৩৭ জ্যৈষ্ঠ সংখ্যা বিচিত্রায় 'কর্মের স্থায়িত্ব' নামে প্রকাশিত।

১৩৩৯ সালের ৯ পৌষ শান্তিনিকেতনে বিশ্বভারতীর বার্ষিক পরিষদ্-সভায় রবীন্দ্রনাথের অভিভাষণ ১৫-সংখ্যক প্রবন্ধরণে মৃদ্রিত হইল। ইহা
প্রথমে Visva-Bharati News -এর January
1933 Paush Utsav Number-এ 'আচার্যদেবের
অভিভাষণ' আখ্যায় প্রকাশিত হয়।

১৩৪১ দালের ৮ পৌষ শান্তিনিকেতনে বিশ্ব-ভারতীর বার্ষিক পরিষদ্-সভায় আচার্যের অভিভাষণ বর্তমান গ্রন্থের বোড়শ প্রবন্ধ। ইহা পূর্বে ১৩৪১

ফান্ধন সংখ্যা প্রবাসী পত্তে 'ধারাবাহী' প্রবন্ধের দ্বিতীয় অংশ রূপে প্রকাশিত।

বিশ্বভারতীর বার্ষিক পরিষদে ১৩৪২ সালের ৮ পৌষ তারিখে রবীন্দ্রনাথ যে বক্তৃতা দেন তাহা এই গ্রন্থের সপ্তদশ রচনা। এই বক্তৃতার অন্য একটি অমুলিপি 'বিশ্বভারতী বিভায়তন' নামে বিশ্বভারতী পত্রিকার ১৩৪৯ ভাদ্র সংখ্যায় প্রকাশিত হইয়াছে।

১৮-সংখ্যক রচনা, ১৩৪৫ সালের ৮ পৌষ তারিখে শান্তিনিকেতনে বিশ্বভারতীর বার্ষিক পরিষদে প্রতিষ্ঠাতা-আচার্যের অভিভাষণ— পূর্বে ১৩৪৫ মাঘ সংখ্যা প্রবাসীতে 'বিশ্বভারতী' নামে মৃদ্রিত হইয়াছিল।

১৩৪৭ সালের ৮ শ্রাবণ তারিখে শান্তিনিকেতন
মন্দিরে সাপ্তাহিক উপাসনায় রবীন্দ্রনাথ যে উপদেশ
দেন, এই গ্রন্থের উনবিংশ রচনা তাহার অন্থলিপি;
ইহা ১৩৪৭ ভাদ্র সংখ্যা প্রবাসীতে 'আশ্রমের আদর্শ'
নামে প্রকাশিত।

বিজ্ঞপ্তি

এই গ্রন্থে সংকলিত অভিভাষণগুলি বক্তৃতার তারিথ অমুষায়ী নিবিষ্ট হইয়াছে। যে ক্ষেত্রে সে তারিথ পাওয়া যায় নাই সে ক্ষেত্রে প্রকাশের তারিথ অমুষায়ী সাজানো হইয়াছে, রচনা-শেষে তারিথটি 'প্র' চিহ্নিত। ৫ সংখ্যক বক্তৃতার তারিথ, ভাদ্র-আখিন ১৩২৯ সংখ্যা শান্ধিনিকেতন পত্রে 'আশ্রম-সংবাদে' প্রকাশিত সিলভাগ লেভি -সম্পর্কিত বিবরণ হইতে অমুমিত।

গ্রন্থপরিচয়ে বিশ্বভারতীর স্চনা কার্যারম্ভ প্রভৃতি সংক্রাস্ত যে-সকল তারিথ ও বিবরণ উদ্ধৃত হইয়াছে সেগুলি শাস্তিনিকেতন পত্রে প্রকাশিত বিশ্বভারতী বার্ষিক প্রতিবেদন, ও অক্যান্ত বিবরণী হইতে গৃহীত।

গ্রন্থপরিচয়ে উলিখিত হইয়াছে যে, এই গ্রন্থের অধিকাংশ রচনাই রবীন্দ্রনাথের বক্তৃতার অম্পলিপি। তন্মধ্যে ৬, ১০, ১৫, ১৮ শ্রীপ্রলোতকুমার দেনগুপ্ত কর্তৃক; ১৬, ১৭ শ্রীপুলিনবিহারী দেন -কর্তৃক; ১২ শ্রীইন্দ্রকুমার চৌধুরী -কর্তৃক; ১৪ শ্রীঅমিয় চক্রবর্তী -কর্তৃক; ১৯ শ্রীনির্মলচন্দ্র চট্টোপাধ্যায় -কর্তৃক অম্প্রনির্বিত। সাময়িক পত্রে বা অক্তর এই-সকল উল্লেখ

দেখা যায়। এই অফ্লিপিসম্হের অনেকগুলি, বক্তা
-কর্তৃক সংশোধিত ও অফ্মোদিত, সাময়িক পত্রে
এইরপ উল্লেখ আছে।

এই গ্রন্থে প্রকাশিত দিলভাঁ লেভি ও রবীন্দ্র-নাথের চিত্র শ্রীশাস্থিদেব ঘোষের দৌজন্মে প্রাপ্ত।

3067

চিত্ৰস্থচী

- ১. বিশ্বভারতী পরিষদ্-সভার প্রতিষ্ঠা-উৎসব
- ২. সিল্ভ্যা লেভির ক্লাস
- ৩. সিন্ট্যা লেভি রবীন্দ্রনাথের নিকট বাংলা শিখিতেছেন